৩০. **দেখিনু সেদিন রেলে কুলি ব'লে এক বাবু সা'ব তারে ঠেলে দিল নীচে ফেলে!–পঙক্তিটির রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দড়াটানা)-২০০৮]*
ক. কাজী নজরুল ইসলাম খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. আহসান হাবিব ঘ. কবি জসীমউদ্দীন **উত্তর:** ক

৩১. **'ফণিমনসা' কাব্যের রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৮]*
ক. কাজী নজরুল ইসলাম খ. আহসান হাবীব
গ. হাসান হাফিজুর রহমান ঘ. সিকান্দার আবু জাফর **উত্তর:** ক

৩২. **কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৮]*
ক) মৃত্যুক্ষুধা খ) আলেয়া
গ) ঝিলিমিলি ঘ) মধুমালা **উত্তর:** ক
**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলামের উপন্যাস: ♦ বাধনহারা : প্রথম উপন্যাস। এটি একটি পত্রোপন্যাস। ♦ মৃত্যুক্ষুধা : ময়মনসিংহের ত্রিশাল গ্রামের সাধারণ মানুষের জীবনচিত্র। ♦ কুহেলিকা

৩৩. **গাহি সাম্যের গান -মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান।- কবিতাংশটুকুর কবি কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৫]*
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) জীবনানন্দ দাশ (ঘ) সুকান্ত ভট্টাচার্য **উত্তর:** খ

৩৪. **গাহি সাম্যের গান - মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান! - কবিতাংশটি কাজী নজরুল ইসলাম রচিত কোন কবিতার অংশ** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*
(ক) নারী (খ) জীবন-বন্দনা
(গ) মানুষ (ঘ) বিদ্রোহী **উত্তর:** গ
**ব্যাখ্যা:** গাহি সাম্যের গান - মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান! - কবিতাংশটি কাজী নজরুল ইসলাম রচিত 'মানুষ' কবিতার অংশ।

৩৫. **'গাহি তাহাদের গান- ধরণীর হাতে দিল যারা আনি ফসলের ফরমান।'-এ কবিতাংশটুকু কোন কবির কবিতার অংশ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*
ক) কাজী নজরুল ইসলাম খ) কায়কোবাদ
গ) জসীম উদ্দীন ঘ) ফররুখ আহমদ **উত্তর:** ক

৩৬. **কাজী নজরুল ইসলাম সম্পাদিত পত্রিকা** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৭]*
ক. ধূমকেতু খ.অগ্নিবীণা
গ. বজ্রবাণী ঘ.বঙ্গদর্শন **উত্তর:** ক

৩৭. **কাজী নজরুল ইসলাম রচিত নয় কোন গ্রন্থটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০০]*
(ক) ব্যথার দান (খ) নীল দর্পণ
(গ) অগ্নিবীণা (ঘ) রাজবন্দীর জবানবন্দী **উত্তর:** খ
**ব্যাখ্যা:** *দীনবন্ধু মিত্রের নাটক 'নীল দর্পণ'।]*

৩৮. **'আমি চিরদুর্দম, দুর্বিনীত, নৃশংস, মহা-প্রলয়ের আমি নটরাজ, আমি সাইক্লোন, আমি ধ্বংস।' - পংক্তিটি কাজী নজরুল ইসলামের কোন কবিতার অংশ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০১]*
ক) বিদ্রোহী খ) আজ সৃষ্টি সুখের উল্লাসে
গ) কান্ডারী হুশিয়ার ঘ) সাম্যবাদী **উত্তর:** ক

৩৯. **বিশ্বে যা কিছু মহান সৃষ্টি চির কল্যাণকর/অর্ধেকতার করিয়াছে নারী অর্ধেক তার নর।' - কবিতাংশটির কোন কবির লেখা?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৫]*
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) গোলাম মোস্তফা (ঘ) বেগম সুফিয়া কামাল **উত্তর:** খ

০৩. **কাজী নজরুল ইসলামের বাল্য স্মৃতি বিজরিত ময়মনসিংহের স্থানটির নাম কি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*
ক. জগদীশপুর খ. কামারপুর
গ. গোপালপুর ঘ. দরিরামপুর **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলামের (১৮৯৯-১৯৭৬) জন্ম পশ্চিম বাংলার বর্ধমান জেলার আসানসোল মহকুমার চুরুলিয়া গ্রামে। তিনি ১৯১৪ সালে ময়মনসিংহ জেলার ত্রিশালের দরিরামপুরে আসেন। তার স্মৃতি বিজরিত ত্রিশালে ২০০৬ সালে তার নামে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়।

০৪. **কাজী নজরুল ইসলামের প্রথম উপন্যাস কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**
(ক) মৃত্যুক্ষুধা (খ) ব্যথার দান
(গ) কুহেলিকা (ঘ) বাঁধনহারা **উত্তরঃঘ**

০৫. **কাজী নজরুল ইসলামের উপন্যাস কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. ঝিলিমিলি খ. মৃত্যুক্ষুধা
গ. মধুমালা ঘ. অগ্নিবীণা **উত্তর: খ**

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলাম রচিত 'মৃত্যুক্ষুধা' উপন্যাসের মূল উপজীব্য ময়মনসিংহের ত্রিশাল গ্রামের সাধারণ মানুষের জীবনচিত্র।

০৬. **"দেখিনু সেদিন রেলে,
কুলি বলে এক বাবু সাব তারে ঠেলে দিল নীচে ফেলো। পঙক্তিটির রচয়িতা কে?** [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. কাজী নজরুল ইসলাম খ. আহসান হাবিব
গ. সত্যেন্দ্রনাথ দত্ত ঘ. কবি সুফিয়া কামাল **উত্তরঃ ক**

**ব্যাখ্যা:** উদ্ধৃতাংশটি কাজী নজরুল ইসলামের 'কুলি - মজুর' কবিতা থেকে নেওয়া।

০৭. **কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত লেখা কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**
ক. মুক্তি খ. বাউণ্ডুলের আত্মকাহিনী
গ. হেনা ঘ. বিদ্রোহী **উত্তরঃ খ**

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলাম রচিত 'বাউণ্ডুলের আত্মকাহিনী' 'রিক্তের বেদন' গল্পগ্রন্থের অন্তর্গত একটি গল্প।

০৮. **সঞ্চিতা কোন কবির কাব্য সংকলন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. জসীম উদ্দীন ঘ. নজরুল ইসলাম **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যা:** নজরুল ইসলাম রচিত 'সঞ্চিতা; কাব্য সংকলনের মোট ৭৮ টি কবিতা ও গান স্থান পেয়েছে।

০৯. **ফাঁসির মঞ্চ গেয়ে গেল যারা জীবনের জয়গান আসি' অলক্ষ্যে দাঁড়ায়েছে তা'রা, দিবে কোন বলিদান? পঙক্তিটির রচয়িতা কে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. ফররুখ আহমেদ ঘ. গোলাম মোস্তফা **উত্তর: খ**

**ব্যাখ্যা:** উদ্ধৃতাংশটি কাজী নজরুল ইসলামের 'সর্বহারা' কাব্যগ্রন্থের অন্তর্গত 'কান্ডারী হুশিয়ার' কবিতা থেকে সংকলিত।

১০. **'বিষের বাঁশি' কাজী নজরুল রচিত একটি–** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. গল্প খ. উপন্যাস
গ. কাব্য ঘ. প্রবন্ধ **উত্তর: গ**

১১. **'কাঁটাকুঞ্জে বসি তুই গাঁথিবি মালিকা
দিয়া গেনু ভালে তোর বেদনার টিকা।'-এ উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ) ২০১২]*
ক. কাজী নজরুল ইসলাম খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. ফজলল করিম ঘ. মোহিতলাল মজুমদার **উত্তর: ক**

১২. **'বনি আদম' কাব্যগ্রন্থটি রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ) ২০১২]*
ক. গোলাম মোস্তফা খ. কাজী নজরুল ইসলাম
গ. যতীন্দ্র মোহন বাগচী ঘ. শেখ ফজলল করিম **উত্তর: ক**

১৩. **সর্বহারা কাব্যগ্রন্থটির রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২]*
(ক) গোলাম মোস্তফা (খ) কামিনী রায়
(গ) রবীন্দ্রনাথ (ঘ) কাজী নজরুল ইসলাম **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলাম রচিত উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ - অগ্নিবীণা, বিষের বাঁশি, সর্বহারা, সন্ধ্যা প্রভৃতি।

১৪. **আমি বেদুঈন, আমি চেঙ্গিস
আমি আপনারে ছাড়া করি না কাহারে কুর্নিশ।
পঙক্তিটির রচয়িত কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কর্ণফুলী)-২০১২]*
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) গোলাম মোস্তফা (ঘ) ফররুখ আহমদ **উত্তরঃ খ**

**ব্যাখ্যা:** উপরিউক্ত পঙক্তিটি কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যগ্রন্থের অন্তর্গত 'বিদ্রোহী' থেকে সংকলিত।

১৫. **বাংলাদেশের রণসঙ্গীতটির সুরকার কে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ) ২০১২]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. কাজী নজরুল ইসলাম
গ. সমর দাস ঘ. শেখ লুৎফর রহমান **উত্তর: খ**

১৬. **নাচে পাপ-সিন্ধু তুঙ্গ তরঙ্গ।
মৃত্যুর মহানিশা রুদ্র উলঙ্গ।
নিঃশেষে নিশাচর গ্রাসে মহাবিশ্বে,
ত্রাসে কাঁপে তরণীর পাপী যত নিঃস্বে।
পংক্তিটি কোন কবির রচনা?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) শামসুর রাহমান (ঘ) ফররুখ আহমদ **উত্তরঃ খ**

**ব্যাখ্যা:** উপরিউক্ত পঙক্তিটি কাজী নজরুল ইসলামের 'অগ্নিবীণা' কাব্যের অন্তর্গত খেয়াপারের তরণী' কবিতা থেকে সংকলিত।

১৭. **কাজী নজরুল ইসলাম রচিত 'রাজবন্দীর জবানবন্দী 'একটি-** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলি)-২০১১]*
(ক) নাটক (খ) প্রবন্ধগল্প
(গ) গল্প (ঘ) উপন্যাস **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলাম কর্তৃক আদালতে উপস্থাপিত ৪ পৃষ্টার বক্তব্য। কোন গ্রন্থ নয়।

১৮. **ফণিমনসা কাব্যের রচিয়তা কে?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলি)-২০১১]*
(ক) কাজী নজরুল ইসলাম (খ) আহসান হাবিব
(গ) সিকানদার আবু জাফর (ঘ) হাসান হাফিজুর রহমান **উত্তরঃ ক**

**ব্যাখ্যা:** কাজী নজরুল ইসলামের উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ অগ্নিবীণা, সিন্ধু-হিন্দোল, সাম্যবাদী, দোলন চাঁপা প্রভৃতি।

১৯. **'দোলন চাপা' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০]*
ক. গোলাম মোস্তফা খ. কাজী নজরুল ইসলাম
গ. যতীন্দ্র মোহন বাগচী ঘ. রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর: খ**

২০. **'দোলনচাঁপা' কাব্যগ্রন্থটি রচনা করেছেন -** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০]*
ক. যতীন্দ্র মোহন বাগচী খ. কালীদাস রায়
গ. কাজী নজরুল ইসলাম ঘ. গোলাম মোস্তফা **উত্তর: গ**

২৫. 'খাঁচার পাখী ছিল সোনার খাঁচাটিতে বনের পাখী ছিল বনে। একদা কি করিয়া মিলন হল দোঁহে, কি ছিল বিধাতার মনে।'– কবিতাংশটুকুর রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (যমুনা)-২০০৮]
ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ.কাজী নজরুল ইসলাম
গ. সুকুমার রায় ঘ.রবীন্দ্রনাথ ঠাকুর উত্তর: ঘ

২৬. 'মরণ রে,তুঁহু মম শ্যাম সমান।' -পঙক্তিটির রচয়িতা কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কৃষ্ণ)-২০০৮]
ক. অতুল প্রসাদ সেন খ. মুকুন্দরাম
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. শেখ ফজলুল করিম উত্তর: গ

২৭. পদাবলী লিখেছেন– [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৮]
ক) মাইকেল মধুসূদন দত্ত খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) ঈশ্বরচন্দ্র গুপ্ত ঘ) কায়কোবাদ উত্তর: খ
ব্যাখ্যা: পদ বা পদাবলী বলতে বুঝায় বৌদ্ধ বা বৈষ্ণবীয় ধর্মের গূঢ় বিষয়ের বিশেষ সৃষ্টি । পদাবলী সাহিত্য বৈষ্ণবতত্ত্বের রসভাষ্য। মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ফসল 'বৈষ্ণব পদাবলী'। বৈষ্ণবদের উপাস্য ভগবান শ্রীকৃষ্ণ। বৈষ্ণব পদাবলীর পদকর্তা :
- **বিদ্যাপতি :** মিথিলার কবি বিদ্যাপতি বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা। তাঁর পদাবলীগুলো ব্রজবুলি ভাষায় রচিত।
- **চন্ডীদাস :** বাংলা ভাষায় বৈষ্ণব পদাবলীর আদি রচয়িতা কবি চন্ডীদাস।
- **গোবিন্দদাস:** 'গীতগোবিন্দ' তাঁর বিখ্যাত পদাবলী সাহিত্য। এটি ব্রজবুলি ভাষায় রচিত।
- জ্ঞানদাস, ও বলরামদাসের নামও বিশেষ ভাবে উল্লেখযোগ্য।
- আধুনিকযুগের কবিদের মধ্য রবীন্দ্রনাথ ঠাকুরের নাম বিশেষ ভাবে উল্লেখযোগ্য।

২৮. সঞ্চয়িতা কোন কবির কাব্য সংকলন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৭]
ক. কাজী নজরুল ইসলাম খ.জীবনানন্দ দাশ
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ.বিষ্ণু দে উত্তর: গ

২৯. 'রতন' চরিত্রটি রবীন্দ্রনাথ ঠাকুরের কোন গল্পের চরিত্র? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৬]
(ক) কাবুলিওয়ালা (খ) চোখের বালি
(গ) পোষ্টমাস্টার (ঘ) ক্ষুধিত পাষাণ উত্তর: গ

৩০. বিসর্জন নাটকটি কে রচনা করেছেন [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৬]
ক. দীনবন্ধু মিত্র খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. গিরিশচন্দ্র ঘোষ ঘ. কাজী নজরুল ইসলাম উত্তর: খ

৩১. 'খাঁচার পাখি ছিল সোনার খাঁচাটিতে বনের পাখি ছিল বনে। একদা কী করিয়া মিলন হ'ল দোঁহে,
কী ছিল বিধাতার মনে। - কবিতাংশটুকুর কবি কে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৫]
(ক) সত্যেন্দ্রনাথ দত্ত (খ) রবীন্দ্রনাথ ঠাকুর
(গ) কাজী নজরুল ইসলাম (ঘ) সুকুমার রায় উত্তর: খ
ব্যাখ্যা:) উপরিউক্ত পক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের অর্ন্তগত 'দুই পাখি' কবিতা থেকে সংকলিত।

৩২. কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৫]
(ক) বিষবৃক্ষ (খ) ঘরে বাইরে
(গ) গণদেবতা (ঘ) আরণ্যক উত্তর: খ

৩৩. রবীন্দ্রনাথ ঠাকুর কাজী নজরুল ইসলামকে কোন গ্রন্থটি উৎসর্গ করেন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৫]
ক. বলাকা খ. গীতাঞ্জলী
গ. শেষের কবিতা ঘ. বসন্ত উত্তর: ঘ

৩৪. রবীন্দ্রনাথ ঠাকুররের শেষের কবিতা কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৫]
ক. একটি কবিতা খ. নাটক
গ. উপন্যাস ঘ. ছোটগল্প উত্তর: গ

৩৫. নিচের কোন বইটি কবি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৩]
(ক) শেষের কবিতা (খ) সোনার তরী
(গ) মানসী (ঘ) দোলন চাঁপা উত্তর: ঘ

৩৬. আমার সোনার বাংলা আমি তোমায় ভালোবাসি কবিতাটি গানটি রচনার প্রেক্ষাপট কি ছিল? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৩]
ক. বঙ্গভঙ্গজনিত জাতীয় আন্দোলককালে রচিত
খ. প্রথম বিশ্বযুদ্ধ চলাকালে রচিত
গ. অসহযোগ চলাকালে রচিত
ঘ. কলিকাতায় হিন্দু-মুসলিম দাঙ্গাকালে রচিত উত্তর: ক

৩৭. 'সোনার তরী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রবিতি)-২০০২]
(ক) ছোট গল্প (খ) উপন্যাস
(গ) কাব্যগ্রন্থ (ঘ) প্রবন্ধ উত্তর: গ

৩৮. কোন গ্রন্থটি রবীন্দ্রনাথ ঠাকুর রচিত নয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০১]
ক) সোনারতরী খ) রক্তকরবী
গ) রাজবন্দীর জবানবন্দী ঘ) চোখের বালি উত্তর: গ
ব্যাখ্যাঃ 'রাজবন্দীর জবানবন্দী' কাজী নজরুল ইসলাম রচিত প্রবন্ধগ্রন্থ।

৩৯. 'রক্তকরবী' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৯]
(ক) নাটকের নাম (খ) উপন্যাসের নাম
(গ) গল্পের নাম (ঘ) গীতিনাট্যের নাম উত্তর: ক

৪০. 'সবুজের অভিযান' রবীন্দ্রনাথের কোন কাব্য থেকে সংকলিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]
(ক) ক্ষণিকা (খ) বলাকা
(গ) কণিকা (ঘ) বীথিকা উত্তর: খ

## কাজী নজরুল ইসলাম

০১। ২০২২ সালে জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কততম জন্মদিন পালন করা হলো? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]
ক. ১২৫ খ. ১২৬
গ. ১২৩ ঘ. ১২৪ উত্তর: গ
ব্যাখ্যা: গত ২৫ মে, ২০২২ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম জন্মবার্ষিকী পালিত হয়। তিনি অবিভক্ত বাংলার (বর্তমানে ভারতের পশ্চিমবঙ্গ) বর্ধমান জেলার আসানসোলের জামুরিয়া থানার চুরুলিয়া গ্রামে ১৩০৬ বঙ্গাব্দের ১১ জ্যৈষ্ঠ (১৮৯৯ সালের ২৫ মে) জন্মগ্রহণ করেন।

০২. কাজী নজরুল ইসলামের রচিত গল্প কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]
ক. পদ্মগোখরা খ. পদ্মপুরাণ
ঘ. পদ্মরাগ গ. পদ্মাবতী উত্তরঃ ক
ব্যাখ্যাঃ 'পদ্মগোখরা' গল্পটি কাজী নজরুল ইসলামের শিউলীমালা গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত। 'পদ্মরাগ' বেগম রোকেয়া সাখাওয়াত রচিত একটি উপন্যাস। 'পদ্মাবতী' মহাকবি আলাওল রচিত বিখ্যাত প্রণয়োপাখ্যান।

০৬. **কোনটি রবীন্দ্রনাথের রচনা?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. চতুরঙ্গ খ. চতুর্দশী
গ. চতুষ্কোণ ঘ. চতুষ্পাঠী **উত্তর:** ক
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'চতুরঙ্গ' ১৯১৬ সালে প্রকাশিত একটি উপন্যাস।

০৭. **মরণ রে, তুঁহু মম শ্যাম সমান।'-পঙক্তিটির রচয়িতা কে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বিহারীলাল চক্রবর্তী খ. অতুলপ্রসাদ সেন
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. সুফিয়া কামাল **উত্তর:** গ

০৮. **রবীন্দ্রনাথ নাইট উপাধি ত্যাগ করেন কোন সালে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. ১৯১৩ খ. ১৯১৫
গ. ১৯১৭ ঘ. ১৯১৯ **উত্তর:** ঘ
**ব্যাখ্যা:** ১৯১৫ সালে তৎকালীন ব্রিটিশ সরকার রবীন্দ্রনাথ ঠাকুরকে 'স্যার' বা 'নাইট' উপাধি প্রদান করে। জালিয়ানওয়ালা-বাগের হত্যাকান্ডের প্রতিবাদে ১৯১৯ সালে তিনি নাইট উপাধি ত্যাগ করেন।

০৯. **বাদলা হাওয়ায় মনে পড়ে ছেলে বেলার গান - বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদেয় এলো বান। পংক্তিটির রচয়িতা কে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. সত্যেন্দ্রনাথ দত্ত
গ. কবি সুফিয়া কামাল ঘ. গোলাম মোস্তফা **উত্তর:** ক
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'কড়ি ও কোমল' কাব্যগ্রন্থের অন্তর্গত বৃষ্টি পড়ে টাপুর টুপুর কবিতায় দুটি চরণ।

১০. **'রক্তকরবী' নাটকটি কার রচনা?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২. ১০]*
(ক) গিরিশ চন্দ্র ঘোষ (খ) কায়কোবাদ
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) সৈয়দ শামসুল হক **উত্তরঃ** গ
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথের বিখ্যাত নাটক তাসের দেশ, - চিরকুমার সভা, বিসর্জন, রাজা, রক্তকরবী প্রভৃতি।

১১. **ওরে নবীন ওরে আমার কাঁচা,**
**ওরে সবুজ,ওরে অবুঝ**
**আধ-মরাদের ঘা মেরে তুই বাঁচা।**
**- পংক্তিটি কোন কবির রচনা?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) কাজী নজরুল ইসলাম
(গ) গোলাম মোস্তফা (ঘ) সুফিয়া কামাল **উত্তরঃ** ক
**ব্যাখ্যা:** উপরিউক্ত পঙ্ক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'বলাকা' কাব্যগ্রন্থের অন্তর্গত 'সবুজের অভিযান' কবিতা সংকলিত।

১২. **"গগনে গরজে মেঘ বরষা। কুলে একা বসে আছি নাহি ভরসা।"- এ উদ্বৃতাংশটি কোন কবির রচনা?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা - ২০১০]*
ক.রবীন্দ্রনাথ ঠাকুর খ.নবীনচন্দ্রসেন
গ. গোলাম মোস্তফা ঘ.সুফী মোতাহার হোসেন **উত্তর:** ক
**ব্যাখ্যা:** উপরিউক্ত পঙ্ক্তিটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'সোনার তরী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'সোনার তরী' কবিতা থেকে সংকলিত।

১৩. **'এতটুকু তারে ঘরে এনেছিনু সোনার কতন মুখ, পুতুলের বিয়ে ভেঙে গেল বলে কেঁদে ভাসাইত বুক।' পংক্তিটি কোন কবির রচনা?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিস্তা)-২০১০]*
ক.কাজী নজরুল ইসলাম খ.কবি জসিমউদ্দীন
গ. আবদুল কাদির ঘ.সুফিয়া কামাল **উত্তর:** খ
**ব্যাখ্যা:** উপরিউক্ত পঙ্ক্তিটি পল্লীকবি জসীমউদ্দীনের 'রাখালী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'কবর' কবিতা থেকে সংকলিত।

১৪. **'তাসের দেশ' নাটকটির রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) দ্বিজেন্দ্রলাল
(গ) মৃতলাল বসু (ঘ) আকবর উদ্দীন **উত্তরঃ** ক
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ ঠাকুরের বিখ্যাত নাটক - বিসর্জন, রাজা, নটীর পূজা, ডাকঘর, কালের যাত্রা ,অচলায়তন প্রভৃতি।

১৫. **'কালের যাত্রা' নাটকটির রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. অমৃতলাল বসু
গ. নবীন চন্দ্রসেন ঘ. মনোমোহন বসু **উত্তর:** ক
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ ঠাকুরের 'কালের নাটক' একটি সাংকেতিক নাটক। নাটকটি তিনি শরৎচন্দ্র চট্টোপাধ্যায়কে উৎসর্গ করেন।

১৬. **'শেষের কবিতা' একটি -** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. কাব্যগ্রন্থ খ. উপন্যাস
গ. ছোটগল্প ঘ. নাটক **উত্তর:** খ
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ রচিত 'শেষের কবিতা' একটি রোমান্টিক উপন্যাস।

১৭. **'ডাকঘর' নাটকটির রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ.মমতাজউদ্দীন আহমদ
গ. ওবায়েদ উল হক ঘ.রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ
**ব্যাখ্যা:** রবীন্দ্রনাথ ঠাকুর রচিত 'ডাকঘর' সাংকেতিক নাটক। প্রধান চরিত্র - অমল।

১৮. **'চিরকুমার সভা' নাকটি লেখক কে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (কেলী)-২০০৯]*
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. দ্বিজেন্দ্রলাল ঠাকুর
গ. শরৎচন্দ্র চট্রোপধ্যায় ঘ. আকবর উদ্দীন **উত্তর:** ক

১৯. **কোন উপন্যাসটির রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (কেলী)-২০০৯]*
ক. গণদেবতা খ. আরণ্যক
গ. ঘরে-বাইরে ঘ. বিষবৃক্ষ **উত্তর:** গ

২০. **'আজি এ প্রভাতে রবির কর, কেমনে পশিল প্রাণের পর,কেমনে পশিল গুহার আঁধারে প্রভাত পাখির গান! না জানি কেন রে এত দিন পরে জাগিয়া উঠিল প্রাণ।' - এই উদ্ধৃতাংশটি কোন কবির রচনা?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্ম)-২০০৯]*
ক. সুকান্ত ভট্টাচার্য খ. রবীন্দ্রনাথ ঠাকুর
গ. কাজী নজরুল ইসলাম ঘ. কবি গোলাম মোস্তফা **উত্তর:** খ

২১. **'শেষের কবিতা' উপন্যাসটির রচয়িতা কে?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ.তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. জহির রায়হান **উত্তর:** গ

২২. **'সঞ্চয়িতা' কোন কবির কাব্য সংকলন?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.রবীন্দ্রনাথ ঠাকুর খ.কাজী নজরুল ইসলাম
গ.হাসান হাফিজুর রহমান ঘ.সত্যেন্দ্রনাথ দত্ত **উত্তর:** ক
**ব্যাখ্যা:** শওকত ওসমান রচিত উল্লেখযোগ্য নাটক আমলার মামলা, তস্কর ও লস্কর, বাগদাদের কবি প্রভৃতি।

২৩. **'শেষের কবিতা' রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্ম)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০২]*
ক. উপন্যাস খ. নাটক
গ. কবিতা ঘ. গল্প **উত্তর:** ক

২৪. **'চিরকুমার সভা' নাটকটির রচয়িতা কে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০০৮]*
ক. নূরুল মোমেন খ.মীর মশাররফ হোসেন
গ. মুনীর চৌধুরী ঘ.রবীন্দ্রনাথ ঠাকুর **উত্তর:** ঘ

ব্যাখ্যাঃ কথাসাহিত্যিক হুমায়ুন আহমেদের আগুনের পরশমণি মুক্তিযুদ্ধের পটভূমিতে রচিত উপন্যাস। তার আরও কয়েকটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস : জোছনা ও জননীর গল্প, সৌরভ, ১৯৭১, শ্যামল ছায়া, অনীল বাগচীর একদিন।

০৩. মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]
(ক) জাহান্নাম হইতে বিদায় (খ) জননী
(গ) কর্ণফুলী (ঘ) সূর্য দীঘল বাড়ি উত্তর: ক
ব্যাখ্যাঃ শওকত ওসমানের মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস - জাহান্নাম হইতে বিদায়, দুই সৈনিক, নেকড়েঅরণ্য, জলাংগী প্রভৃতি।

**অন্যান্য**

০১. ঐতিহাসিক নাটক কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]
ক. নূরজাহান খ. রাবণবধ
গ. সধবার একাদশী ঘ. ডাকঘর উত্তরঃ ক
ব্যাখ্যাঃ দ্বিজেন্দ্রলাল রায় (ডি. এল রায়) রচিত 'নূরজাহান' একটি বিখ্যাত ঐতিহাসিক নাটক।

০২. ইসলামের ইতিহাস ও ঐতিহ্য কোন কাব্যের উপজীব? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]
ক. দিলরুবা-আব্দুল কাদির
খ. সাতসাগরের মাঝি-ফররুখ আহমদ
গ. নূরানামা-আব্দুল হাকিম
ঘ. কোনোটিই নয় উত্তরঃ খ
ব্যাখ্যাঃ সাতসাগরের মাঝি, কবি ফররুখ আহমদের প্রথম ও শ্রেষ্ঠ কাব্য গ্রন্থ।

## উপাধি/ ছদ্মনাম

০১. বাংলা সাহিত্যে কাকে ছন্দের 'জাদুকর' বলা হয়? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]
ক. সত্যেন্দ্রনাথ দত্ত খ. শামসুর রাহমান
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. প্রমথ চৌধুরী উত্তর: ক
ব্যাখ্যাঃ সত্যেন্দ্রনাথ দত্তের উপাধি ছন্দের যাদুকর। অন্যদিকে শামসুর রাহমান ও রবীন্দ্রনাথ ঠাকুরের উপাধি যথাক্রমে নাগরিক কবি ও বিশ্বকবি। প্রমথ চৌধুরীর ছদ্মনাম বীরবল।

০২. 'নীল লোহিত' কার ছদ্মনাম? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ *প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩*]
ক. সুনীল গঙ্গোপাধ্যায় খ রাজ শেখর বসু
গ. সমর সেন ঘ. সমরেশ মজুমদার উত্তর: ক
ব্যাখ্যাঃ নীললোহিত, সনাতন পাঠক ছদ্মনামে পরিচিত সুনীল গঙ্গোপাধ্যায়। কালকূট ও পরশুরাম ছদ্মনামে খ্যাত যথাক্রমে সমরেশ বসু ও রাজশেখর বসু। সমর সেনের উপাধি নাগরিক কবি।

০৩. কোনটি কবি ভারতচন্দ্রের উপাধি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]
ক. রায় গুণাকর খ. কবিকণ্ঠহার
গ. কবিকঙ্কন ঘ. কবিরঞ্জন উত্তরঃ ক
ব্যাখ্যাঃ অন্নদামঙ্গল কাব্যের রচয়িতা ভারতচন্দ্র রায়গুণাকর- মঙ্গলযুগের তথা বাংলা সাহিত্যে মধ্যযুগের সর্বশেষ কবি।

০৪. 'দৃষ্টিহীন' কার ছদ্মনাম? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]
ক. প্যারীচাঁদ মিত্র খ. মধুসূদন দত্ত
গ. মধুসূদন মজুমদার ঘ. বিহারীলাল চক্রবর্তী উত্তরঃ গ
ব্যাখ্যাঃ প্যারীচাঁদ মিত্রের ছদ্মনাম টেকচাঁদ ঠাকুর, মধুসূদন দত্তের ছদ্মনাম ও নেটিভ। বিহারীলাল চক্রবর্তীর ছদ্মনাম ভোরের পাখি।

০৫. বাংলা সাহিত্যে 'ভোরের পাখি' বলা হয় কাকে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. রবীন্দ্রনাথ ঠাকুর খ. রাজ শেখর বসু
গ. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ. বিহারীলাল চক্রবর্তী উত্তরঃ ঘ
ব্যাখ্যাঃ বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর বিহারীলাল চক্রবর্তীকে ভোরের পাখি আখ্যায়িত করেন।

০৬. ভানুসিংহ কার ছদ্ম নাম-
(ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) সত্যেন্দ্রনাথ দত্ত
(গ) প্রমথ চৌধুরী (ঘ) টেকচাঁদ ঠাকুর উত্তরঃ ক
ব্যাখ্যা:

| ছদ্মনাম | প্রকৃত নাম |
|---|---|
| ছন্দের যাদুকর | সত্যেন্দ্রনাথ দত্ত |
| বীরবল | প্রমথ চৌধুরী |
| টেকচাঁদ ঠাকুর | প্যারীচাঁদ মিত্র |

## রবীন্দ্রনাথ ঠাকুর

০১. 'অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে' – এখানে 'ছায়া' বলতে কী বোঝানো হয়েছে? *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]*
ক. গাছের ছায়া খ. জন্মভূমির আশ্রয়
গ. মায়ের কোল ঘ. জন্মভূমির প্রকৃতি উত্তর: খ
ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুরের গভীর দেশপ্রেমমূলক কবিতা 'জন্মভূমি'। এর একটি পঙক্তি - **'অঙ্গ জুড়ায় তোমার ছায়ায় এসে'**। এখানে 'ছায়া' বলতে নিজ জন্মভূমিতে আশ্রয় পাওয়ার কথা বোঝাতে চেয়েছেন এবং এ বাংলার মাটিতে শেষ আশ্রয় খুঁজেছেন। কারণ, মাতৃভূমির সূর্যালোকে কবির চোখ পরিপূর্ণভাবে জুড়িয়েছে এবং এই মাতৃভূমির স্নেহছায়ায় সুখ ও শান্তি লাভ করেছেন।

০২. রবীন্দ্রনাথ ঠাকুর কত বছর বয়সে সাহিত্যে নোবেল পুরস্কার পান? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. ৬১ খ. ৫৫
গ. ৫২ ঘ. ৫৭ উত্তর: গ
ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর ১৮৬১ খ্রিষ্টাব্দে কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন। 'গীতাঞ্জলি' কাব্যের জন্য তিনি ১৯১৩ সালে (১৯১৩ - ১৮৬১ = ৫২ বছর বয়সে) নোবেল পুরস্কার লাভ করেন।

০৩. 'কালান্তর' শীর্ষক প্রবন্ধ গ্রন্থের রচয়িতা কে? *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (খ) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী
(গ) প্রমথ চৌধুরী (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর উত্তর: ঘ
ব্যাখ্যা: রবীন্দ্রনাথ ঠাকুর : প্রবন্ধ → ■ রাজনৈতিকঃ ♦ সভ্যতার সংকট ♦ কালান্তর ♦ স্বদেশ।

০৪. 'ঠাকুর' পরিবারের আসল পদবি ছিল– *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) ঘোষ (খ) কুশারী
(গ) মুখোপাধ্যায় (ঘ) শাস্ত্রী উত্তর: খ
ব্যাখ্যাঃ রবীন্দ্রনাথ ঠাকুর ২৫ বৈশাখ, ১২৬৮ বঙ্গাব্দ (৭ মে, ১৮৬১ খ্রি.) কলকাতার জোড়াসাঁকোর ঠাকুর পরিবারে জন্মগ্রহণ করেন।

০৫. অপর্ণা রবীন্দ্রনাথ ঠাকুরের কোন নাটকের নায়িকা? *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) বিসর্জন (খ) চিত্রাঙ্গদা
(গ) রক্তকরবী (ঘ) রাজা ও রাণী উত্তর: ক
ব্যাখ্যা: **রবীন্দ্রনাথ ঠাকুর: বিসর্জন** (নাটক) → জয়সিংহ, রঘুপতি, **অপর্ণা**।

# বাংলা সাহিত্য

## বাংলা ভাষা

**০১. ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বাংলা ভাষা বিশ্বের কততম প্রধান ভাষা?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*

ক) ষষ্ঠ খ) সপ্তম

গ) চতুর্থ ঘ) পঞ্চম **উত্তরঃ ক**

**ব্যাখ্যা:** নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ অনুসারে, মাতৃভাষী মোট জনসংখ্যার ভিত্তিতে বাংলা পৃথিবীর ষষ্ঠ বৃহত্তম ভাষা। আবার, আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান Ethnologue এর রিপোর্ট- ২০২২ অনুযায়ী, ব্যবহারকারীর সংখ্যা বিবেচনায় বাংলা ভাষার অবস্থান সপ্তম এবং মাতৃভাষা অনুসারে শীর্ষ ব্যবহৃত ভাষার তালিকায় বাংলা ভাষার অবস্থান পঞ্চম।

**০২. বাংলা ভাষার প্রথম মুসলমান কবির নাম কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]**

ক. শাহ মুহম্মদ সগীর খ. ভারত চন্দ্র রায়

গ. শামসুর রাহমান ঘ. কবি কঙ্ক **উত্তর: ক**

ব্যাখ্যা: বাংলা ভাষার প্রথম মুসলমান কবির নাম শাহ মুহম্মদ সগীর। তিনি মধ্যযুগের (আনুমানিক ১৪-এর শেষ থেকে ১৫ শতক) সবচেয়ে প্রাচীন কবি। তিনি বাংলা সাহিত্যের প্রথম রোমান্টিক প্রণয়োপাখ্যান 'ইউসুফ-জোলেখা' রচনা করেন। অন্যদিকে মধ্যযুগের মঙ্গলকাব্য ধারার শ্রেষ্ঠ ও শেষ কবি ভারতচন্দ্র রায়গুণাকর। তার কবিপ্রতিভার শ্রেষ্ঠ নিদর্শন 'অন্নদামঙ্গল' কাব্য। কবি কঙ্ক মধ্যযুগের অন্যতম কবি। তাকে কালিকামঙ্গল বা বিদ্যাসুন্দর কাব্যের আদি কবি বলা হয়। আধুনিক যুগের নাগরিক কবি শামসুর রাহমান বাংলা সাহিত্যের অন্যতম কবি। তার উল্লেখযোগ্য কয়েকটি কাব্যগ্রন্থ : বন্দী শিবির থেকে, নিজ বাসভূমে, রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, নিরালোকে দিব্যরথ, প্রতিদিন ঘরহীন ঘরে, উদ্ভট উটের পিঠে চলেছে স্বদেশ।

**০৩. বাংলা ভাষার মধ্যযুগ —** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]*

ক. ১২০১ থেকে ১৫০০ খ্রিস্টাব্দ

খ. ৬০০ থেকে ১২০০ খ্রিস্টাব্দ

গ. ১২০১ থেকে ১৮০০ খ্রিস্টাব্দ

ঘ. ৮০০ থেকে ১০০০ খ্রিষ্টাব্দ **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** বাংলা ভাষার ভাষাবিদগণ বাংলা ভাষাকে তিনটি যুগে ভাগ করেছেন। যেমন- প্রাচীন যুগ ৬৫০ থেকে ১২০০ খ্রিষ্টাব্দ, মধ্যযুগ ১২০১ থেকে ১৮০০ খ্রিস্টাব্দ এবং আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান সময় পর্যন্ত।

**০৪. বাংলা ভাষায় রচিত প্রথম নাটক কোনটি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]**

ক. কবর খ. শর্মিষ্ঠা

গ. ভদ্রার্জুন ঘ. নীলদর্পণ **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** তারাচরণ শিকদার রচিত 'ভদ্রার্জুন' (১৮৫২) বাংলা ভাষায় রচিত প্রথম নাটক।

## বাংলা সাহিত্যের ইতিহাসের যুগ বিভাগ:

### চর্যাপদ

**০১. হরপ্রসাদ শাস্ত্রী প্রথম কোথা থেকে 'চর্যাপদ' আবিষ্কার করেন?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]*

(ক) নেপালের রাজদরবার (খ) ভারতের গ্রন্থাগার

(গ) শ্রীলংকার গ্রন্থাগার (ঘ) চীনের রাজদরবার **উত্তর: ক**

**ব্যাখ্যা:** প্রাচীন যুগের বাংলা ভাষা ও সাহিত্যের একমাত্র নিদর্শন চর্যাপদ মূলত গানের সংকলন বা সাধন সংগীত, যা বৌদ্ধ সহজিয়াগণ রচনা করেন। এতে বিধৃত হয়েছে বৌদ্ধ ধর্মের তত্ত্বকথা। হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজদরবারে (রয়েল লাইব্রেরি) থেকে 'চর্যাপদ' আবিষ্কার করে।

### খনার বচন

**০১. খনার বচনে প্রাধান্য পেয়েছে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*

ক) শিল্প খ) কৃষি

গ) সাহিত্য ঘ) বিজ্ঞান **উত্তরঃ খ**

**ব্যাখ্যাঃ** খনার বচন প্রধানত কৃষিভিত্তিক। খনার বচন ৮ম থেকে ১২শ শতাব্দীর মধ্যে রচিত হয়েছিল বলে মনে করা হয়। বৌদ্ধ সমাজে যেমন ডাকের বচনের উৎপত্তি হয়েছিল, তেমনি হিন্দু সমাজে খনার বচনের সৃষ্টি হয়েছিল। খনার বচনগুলির মাধ্যমে প্রধানত কৃষি, আবহাওয়া, সমাজের পরিচয় সম্পর্কে বহুবিধ ধারণা পাওয়া যায়। যেমন: কাঁচায় না নোয়ালে বাঁশ, পাকলে করে ঠাস ঠাস একে তো নাচুনি বুড়ি, তার উপর ঢোলের বারি।

### বিভিন্ন সাহিত্য

**০১. 'শাহনামা' কোন ভাষায় রচিত? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]**

ক. আরবি খ. ফারসি

গ. উর্দু ঘ. ফরাসি **উত্তরঃ খ**

**ব্যাখ্যা:** পারস্যের কবি ফেরদৌসী শাহনামা মহাকাব্যটি ৬ হাজার শ্লোকে রচনা করেন। ১৯০৯ সালে মোজাম্মেল হক শাহনামার বাঙ্গানুবাদ করেন।

**০২. সামাজিক নাটক কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]**

ক. ডাকঘর খ. সধবার একাদশী

গ. নূরজাহান ঘ. রাবণ বধ **উত্তরঃ খ**

**ব্যাখ্যা:** দীনবন্ধু মিত্র রচিত সধবার একাদশী একটি প্রহসন।

### ভাষা আন্দোলনভিত্তিক গ্রন্থ

**০১. জহির রায়হানের আরেক ফাল্গুন' উপন্যাসটির পটভূমিকা হলো-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. ৭১-এর মুক্তিযুদ্ধ খ. বৃটিশ বিরোধী আন্দোলন

গ. একুশে ফেব্রুয়ারির ভাষা আন্দোলন

ঘ. এর কোনোটিই নয় **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** হাজার বছর ধরে, শেষ বিকেলের মেয়ে, তৃষ্ণা, বরফ গলা নদী প্রভৃতি জহির রায়হানের বিখ্যাত উপন্যাস।

### মুক্তিযুদ্ধ ভিত্তিক গ্রন্থ

**০১. 'একাত্তরের দিনগুলি' কার রচিত?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]*

ক. হাসান আজিজুল হক খ. সৈয়দ শামসুল হক

গ. হুমায়ুন আজাদ ঘ. জাহানারা ইমাম **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** একাত্তরের দিনগুলি' শহীদ জননী জাহানারা ইমামের (১৯২৯-১৯৯৪ খ্রি.) ১৯৮৬ সালে প্রকাশিত মুক্তিযুদ্ধের ওপর স্মৃতিচারণমূলক গ্রন্থ।

**০২. 'আগুনের পরশমণি' উপন্যাসের উপজীব্য বিষয় কি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**

ক. ভাষা আন্দোলন খ. বঙ্গভঙ্গ

গ. তেভাগা আন্দোলন ঘ. মুক্তিযুদ্ধ **উত্তর: ঘ**

যতি চিহ্ন ব্যবহার পূর্বক এ গ্রন্থ প্রকাশের মাধ্যমে বাংলা সাহিত্যে নতুন যুগের সূচনা হয়।

## ছন্দ প্রকরণ

**০১. বাংলা ছন্দ কত রকমের?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]*

(ক) এক রকমের (খ) দুই রকমের

(গ) তিন রকমের (ঘ) চার রকমের **উত্তরঃ** গ

**ব্যাখ্যা:** বাংলা ছন্দ তিন প্রকার। যথা স্বরবৃত্ত ছন্দ, মাত্রাবৃত্ত ছন্দ এবং অক্ষরবৃত্ত ছন্দ।

## অলংকার প্রকরণ

**০১. সারাংশে নিচের কোনটির প্রয়োজন নেই? *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]***

ক. সরলতা খ. অলঙ্কার

গ. সংক্ষেপণ ঘ. প্রাঞ্জলতা **উত্তর:** খ

**ব্যাখ্যাঃ** গদ্য বা কবিতার অংশবিশেষের অন্তর্নিহিত মূল ভাবকে সহজ-সরল ও প্রাঞ্জল ভাষায় সংক্ষেপে প্রকাশ করাই হলো সারাংশ লিখন। সারাংশের ক্ষেত্রে অলঙ্কারের প্রয়োজন নেই।

০৩. এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি'— বাক্যটি কোন কালের? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]
ক. সাধারণ অতীত খ. নিত্যবৃত্ত অতীত
গ. ঘটমান বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: ঘ**

ব্যাখ্যা: ক্রিয়া পূর্বে শেষ হলে এবং তার ফল এখনও বর্তমান থাকলে, পুরাঘটিত বর্তমান কাল ব্যবহৃত হয়। যেমন— এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি। যে কাজ এখনও চলমান তাকে ঘটমান বর্তমান কাল বলে। বর্তমান কালের পূর্বে সংঘটিত ক্রিয়ার কালকে অতীতকাল বলে। আর অতীতের কোনো ক্রিয়া সাধারণ অভ্যস্ততা বুঝালে নিত্যবৃত্ত অতীত কাল হয়।

০৪. 'হাসান বই পড়ছে'- কোন বর্তমান কালের উদাহরণ? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার এবং উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক ২০১৮/প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]
ক. সাধারণ খ. ঘটমান
গ. নিত্যবৃত্ত ঘ. পুরাঘটিত **উত্তর: খ**

০৫. যে কাজ এখনও চলছে তাকে কি বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ৩]
ক. নিত্য বর্তমান খ. ঘটমান বর্তমান
গ. পুরাঘটিত বর্তমান ঘ. বর্তমান অনুজ্ঞান **উত্তরঃ খ**

## ক্রিয়ার ভাব (Mood)

০১. আদেশ অর্থে অনুজ্ঞার উদাহরণ কোনটি? [১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]
ক. আমটা খাও খ. সবাই এখানে আসুন
গ. সুখী হও ঘ. নিজের দিকে খেয়াল রাখ **উত্তর: ক**

০২. কোনটি অনুজ্ঞা প্রকাশক? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. তুমি গিয়েছিলে খ. তুমি যাচ্ছ
গ. তুমি যাও ঘ. তুমি যাচ্ছিলে **উত্তর: গ**

ব্যাখ্যা: আদেশ, নিষেধ, উপদেশ, অনুরোধ, আশীর্বাদ ইত্যাদি সূচিত হলে ক্রিয়াপদের অনুজ্ঞা ভাব হয়। যেমন : আদেশাত্মক - তুমি যাও।

## পদাশ্রিত নির্দেশক

০১. টি, টা, খানা ইত্যাদি - (২৬তম বিসিএস/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (উচ্চমান সহকারী ল্যাবরেটরী সহকারী)-২১/ পায়রা বন্দর কর্তৃপক্ষের সহকারী সাব-ইন্সপেক্টর ২০১৬/জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীনে পিএসসির সহকারী পরিচালক ২০১৬]
ক. পদাশ্রিত নির্দেশক খ. প্রকৃতি
গ. বিভক্তি ঘ. উপসর্গ **উত্তর: ক**

## পরিভাষা

০১. 'Subconscious' শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হলো— [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]
ক. অবচেতন খ. চেতনাহীন
গ. চেতনা প্রবাহ ঘ. অর্ধচেতন **উত্তর: ক**

ব্যাখ্যা: 'Subconscious' শব্দটির বাংলা পারিভাষিক শব্দ অবচেতন বা যেসব মানসিক ক্রিয়াকলাপ সম্বন্ধে মানুষ (পুরোপুরি) সচেতন থাকে না। চেতনাহীন শব্দটির ইংরেজি Unconscious।

## বিরামচিহ্ন

১. শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে কোন বিরামচিহ্ন বসে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. সেমিকোলন খ. বিন্দু
গ. কমা ঘ. কোলন **উত্তর: খ**

ব্যাখ্যা: বিন্দু যতিচিহ্ন হিসেবে পূর্বে কখনোই প্রযুক্ত হত না। বর্তমানে এই চিহ্নকে সংক্ষেপণের চিহ্ন হিসেবে ব্যবহার করা হয়; অবিকল ইংরেজিতে যেভাবে প্রয়োগ করা হয় সেভাবেই বাংলাতেও করা হয়। যেমন - B. A. = বি. এ.।

০২. বিরাম চিহ্নের অপর নাম কী? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) ছেদ চিহ্ন খ) স্থির চিহ্ন
গ) বিশ্রাম চিহ্ন ঘ) বিভাজন চিহ্ন **উত্তর: ক**

ব্যাখ্যা: বাক্যের অর্থ সুস্পষ্টভাবে বোঝার জন্য বাক্যের মধ্যে বা বাক্যের সমাপ্তিতে কিংবা বাক্যে আবেগ, আনন্দ, বিষাদ, জিজ্ঞাসা ইত্যাদি যেসব চিহ্ন ব্যবহার করে বোঝানো হয় সে চিহ্নসমূহকে বিরামচিহ্ন বা ছেদচিহ্ন বা যতিচিহ্ন বলা হয়। বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

০৩. বক্তার প্রত্যক্ষ উক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য কোন বিরামচিহ্ন বসে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) উদ্ধরণ চিহ্ন খ) হাইফেন
গ) সেমিকোলন ঘ) কোলন **উত্তর: ক**

ব্যাখ্যা: বক্তার প্রত্যক্ষ উক্তিকে অন্তর্ভুক্ত করার জন্য উদ্ধরণ চিহ্ন বসে। যেমন – শিক্ষক বললেন, 'গতকাল তুরস্কে ভয়ানক ভূমিকম্প হয়েছে।' সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখানোর জন্য হাইফেন ব্যবহৃত হয়। যেমন – এ আমাদের শ্রদ্ধা-অভিনন্দন, আমাদের প্রীতি-উপহার। কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, সেমিকোলন বসে। যেমন – সংসারের মায়াজালে আবদ্ধ আমরা; এ মায়ার বাঁধন কি সত্যিই দুশ্ছেদ্য? একটি অপূর্ণ বাক্যেও পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন ব্যবহৃত হয়। যেমন– সভায় সাব্যস্ত হলো: এককমাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে।

০৪. সমজাতীয় একাধিক পদ পরপর থাকলে কোন বিরামচিহ্ন বসে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. বিন্দু খ. কোলন
গ. সেমিকোলন ঘ. কমা **উত্তর: ঘ**

ব্যাখ্যা: সমজাতীয় একাধিক পদ পরপর থাকলে কমা বা পাদচ্ছেদ ( , ) বসে। যেমন - সে, তুমি, আমি অর্থাৎ আমরা তিনজন যাব।

০৫. সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখার জন্য কোন বিরামচিহ্ন বসে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. হাইফেন খ. কমা
গ. কোলন ঘ. সেমিকোলন **উত্তর: ক**

ব্যাখ্যা: সমাসবদ্ধ পদের অংশগুলো বিচ্ছিন্ন করে দেখাবার জন্য হাইফেন বা সংযোগ চিহ্ন (-) ব্যবহৃত হয়। যেমন- ছেলে ও মেয়ে = ছেলেমেয়ে।

০৬. চারটি বিরাম চিহ্নের মধ্যে পূর্ণচ্ছেদ কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]
ক. ড্যাস খ. হাইফেন
গ. সেমিকোলন ঘ. দাড়ি **উত্তর: ঘ**

০৭. সম্বোধনের পর কোন চিহ্ন বসে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]
ক. দাড়ি খ. কমা
গ. কোনোটিই নয় ঘ. সেমিকোলন **উত্তর: খ**

ব্যাখ্যা: বাংলা ভাষায় যতি বা বিরাম চিহ্ন বারটি। সম্বোধনের পর কমা বসে। যেমন : রশিদ, এদিকে এসো। অন্যদিকে বাক্যের পরিসমাপ্তি বোঝাতে দাঁড়ি বসে। কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন বসে।

০৮. বাংলা ভাষায় যতি চিহ্ন প্রচলন করেন কে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]
(ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (খ) দীনবন্ধু মিত্র
(গ) কালীপ্রসন্ন সিংহ (ঘ) রাজা রামমোহন রায় **উত্তর: ক**

ব্যাখ্যা: ঈশ্বরচন্দ্র ছিলেন বাংলা সাহিত্যে বিরাম বা যতিচিহ্ন প্রবর্তক। বেতাল পঞ্চবিংশতি (১৮৪৭) গ্রন্থে তিনি সর্বপ্রথম যতি চিহ্নের সফল প্রয়োগ করেন।

০৩. 'বাবুল পড়ে' এ বাক্যে 'পড়ে' কোন ক্রিয়া? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. সকর্মক খ. সমাপিকা
গ. অসমাপিকা ঘ. অকর্মক **উত্তর: খ,ঘ**

**ব্যাখ্যা:** বাবুল পড়ে - বাক্যটিতে বক্তার কথা সম্পূর্ণ ব্যক্ত হয়েছে। তাই 'পড়ে' সমাপিকা ক্রিয়া। আবার, কী পড়ে? প্রশ্ন করলে কোনো উত্তর হয় না। কাজেই 'পড়ে' ক্রিয়াটি অকর্মক ক্রিয়া।

০৪. 'সূর্য উঠলে আঁধার দূরীভূত হয়' – এখানে 'উঠলে' কোন ক্রিয়া পদ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) প্রযোজ্য খ) অসমাপিক
গ) প্রযোজক ঘ) সমপিকা **উত্তর: খ**

**ব্যাখ্যা:** ভাবগত দিক থেকে ক্রিয়া দুই প্রকার। যথা – পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ন থেকে যায় তাকে অসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায় তাকে অসমাপিকা ক্রিয়া বলে। যেমন – প্রভাতে সূর্য উঠলে এখানে 'হয়' হলো সমাপিকা ক্রিয়া।

০৫. 'যত্ন করলে রত্ন মিলে'-এখানে করলে কোন ক্রিয়ার উদাহরণ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]

ক. অনুক্ত খ. দ্বিকর্মক
গ. সমাপিকা ঘ. অসমাপিকা **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, তাই অসমাপিকা ক্রিয়া।

## ধাতু

০১. কোনটি বাংলা ধাতু? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/*প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/বাংলাদেশ টেলিভিশনের [illegible] ০৬*]

(ক) কৃ (খ) মাগ্
(গ) গম্ (ঘ) কাট্ **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** যে সব ধাতুর বা ক্রিয়ামূল সংস্কৃত থেকে সোজাসুজি আসেনি সেগুলো হলো বাংলা ধাতু। যেমন- কাট্ , কাঁদ, জান্, নাচ ইত্যাদি।

০২. কাজটি ভাল দেখায় না---এই বাক্যর 'দেখায়' ক্রিয়াটি কোন ধাতুর উদাহরণ? *([illegible] ১৮)*

ক. মৌলিক ধাতুর খ. নাম ধাতুর
গ. প্রযোজক ধাতুর ঘ. কর্মবাচ্যের ধাতুর **উত্তরঃ ঘ**

## বিভক্তি

০৭. বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কী বলে? *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]*

ক. কারক খ. বিভক্তি
গ. সমাস ঘ. সম্বন্ধ পদ **উত্তরঃ খ**

**ব্যাখ্যাঃ** বিভক্তি প্রধানত দুই প্রকার। যথা : নাম বা শব্দ বিভক্তি ও ক্রিয়া বিভক্তি।

## Mixed Question

০১. 'সুন্দর মানুষকে নিজের দিকে টানে'- বাক্যটিতে 'সুন্দর' শব্দটি কোন পদ? *[১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯]*

ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ক**

বিশেষ্য শব্দ নয় কোনটি? *[বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বিভিন্ন পদ ২০১৯]*

ক. হিমালয় খ. গীতাঞ্জলি
গ. স্বয়ং ঘ. পর্বত **উত্তর: গ**

**ব্যাখ্যা:** 'স্বয়ং' অব্যয় পদ। এটির অর্থ নিজে, আপনি, সাক্ষাৎ স্বেচ্ছায়।

০২. তার হাতের লেখা খুব ভালো – এখানে খুব কী পদ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) ক্রিয়া খ) বিশেষ্য
গ) অব্যয় ঘ) বিশেষণ **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** যে পদ বিশেষ্য, সর্বনাম ও ক্রিয়াপদের দোষ, গুণ, অবস্থা, সংখ্যা, পরিমাণ ইত্যাদি প্রকাশ করে, তাকে বিশেষণ পদ বলে । যেমন– ভালো ছাত্রটি খুব পড়ছে। এ বাক্যে 'খুব' বিশেষণ পদ।

০৩. "সুন্দর মাত্রই একটা আকর্ষণ শক্তি আছে।" ব্যক্যে 'সুন্দর' শব্দটি কোন পদ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. সর্বনাম ঘ. অব্যয় **উত্তর: ক**

**ব্যাখ্যা:** সুন্দর শব্দটি বিশেষ্য ও বিশেষণ রূপে ব্যবহৃত হতে পারে। যথা - (ক) বিশেষ্য রূপে সুন্দর মাত্রেরই একটা আকর্ষণ শক্তি আছে। সুন্দর মানুষকে নিজের দিকে টানে। (খ) বিশেষণ রূপে - সাব্বির দেখতে সুন্দর।

০৪. 'মেঘলা' কি ধরনের শব্দ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. বিশেষ্যের বিশেষণ ঘ. ক্রিয়া বিশেষণ **উত্তর: খ**

**ব্যাখ্যা:** শব্দের সাথে 'লা' প্রত্যয় যোগে বিশেষণ গঠিত হয়। যেমন - মেঘ-মেঘলা।

০৫. 'না' কোন জাতীয় শব্দ? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫] -

(ক) সর্বনাম (খ) অব্যয়
(গ) ক্রিয়া (ঘ) বিশেষণ **উত্তর: খ**

**ব্যাখ্যা:** ন ব্যয় = অব্যয়। যার ব্যয় বা পরিবর্তন হয়না, অর্থাৎ যা অপরিবর্তনীয় তাই অব্যয়। উদাহরণ আর, আবার, ও, উঃ, হাঁ, না, যদি, যথা ইত্যাদি।

০৬. নিচের বাক্যে সুন্দর শব্দটি কোন পদ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]
সুন্দরের একটি নিজস্ব আকর্ষণ শক্তি আছে।"

ক. বিশেষণ খ. ক্রিয়া বিশেষণ
গ. বিশেষ্য ঘ. সর্বনাম **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** যে পদ দ্বারা দোষ, গুণ, বা ভাবের নাম প্রকাশ পায়, তাকে গুণবাচক বিশেষ্য বলে।

## ক্রিয়ার কাল

০১. "গরু ঘাস খায়"- এখানে 'খায়' কোন কালের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক. অতীত খ. সাধারণ বর্তমান
গ. ঘটমান বর্তমান ঘ. পুরাঘটিত বর্তমান **উত্তর: খ**

**ব্যাখ্যা:** সাধারণভাবে এবং সচরাচর যখন কোনও ক্রিয়ার ব্যাপার ঘটে তার কালকে সাধারণ বা নিত্যবৃত্ত বর্তমান কাল বলে। যেমন - গরু ঘাস খায়। (অভ্যস্ততা)

০২. যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে বলে— *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. ঘটমান বর্তমান খ. পুরাঘটিত বর্তমান
গ. সাধারণ অতীত ঘ. নিত্যবৃত্ত অতীত **উত্তর: খ**

**ব্যাখ্যা:** যে ক্রিয়া কিছু আগে শেষ হয়েছে কিন্তু তার ফল এখনো রয়েছে তাকে বলে পুরাঘটিত বর্তমান কাল। যেমন : এবার আমি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছি।

## পদ পরিবর্তন

০১. 'সর্বজন' –এর বিশেষণ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) বিশজন খ) সর্বজনীন
গ) ঐশ্বরিক ঘ) বিশ্বজনীন **উত্তর: খ**

০২. 'সন্ধ্যা' শব্দের বিশেষণটি নির্দেশ করুন।
(ক) সাঁঝ (খ) সন্ধ্যা
(গ) সন্দা (ঘ) সান্ধ্য **উত্তর: ঘ**
**ব্যাখ্যা** সন্ধ্যা / সাঁঝ → সান্ধ্য

---

■**সর্বনাম পদঃ**

০১. 'আমি' 'আমার' – এগুলো কোন সর্বনাম পদ? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯]*
ক) ব্যতিহারিক খ) সাকুল্যবাচক
গ) আত্মবাচক ঘ) ব্যক্তিবাচক **উত্তর: ঘ**
**ব্যাখ্যা** বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে সর্বনাম পদ বলে। বাংলা ভাষার ব্যবহৃত সর্বনামসমূহকে কয়েকটি ভাগে ভাগ করা হয়। যেমন– ব্যক্তিবাচক, ব্যতিহারিক, সাকুল্যবাচক, আত্মবাচক, সমীপ্যবাচক, সংযোগজ্ঞাপক ইত্যাদি। ব্যক্তিবাচক সর্বনাম– আমি, আমার, তুমি, তোমরা ইত্যাদি। ব্যতিহারিক সর্বনাম– আপনা আপনি, নিজে নিজে ইত্যাদি। আত্মবাচক সর্বনাম– স্বয়ং, নিজে, খোদ, আপনি ইত্যাদি।

০২. সংযোগজ্ঞাপন সর্বনাম কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]
ক. কিছু খ. স্বয়ং
গ. যে ঘ. তাবৎ **উত্তর: গ**
**ব্যাখ্যা** বিশেষ্যের পরিবর্তে যে শব্দ ব্যবহৃত হয়, তাকে বলা হয় সর্বনাম। সংযোগজ্ঞাপক সর্বনাম যে, যিনি, যাঁরা, যাহারা ইত্যাদি। অন্যদিকে কিছু স্বয়ং, তাবৎ যথাক্রমে অনির্দিষ্টতাজ্ঞাপক, আত্মবাচক ও সাকুল্যবাচক সর্বনাম।

০৩ ব্যতিহারিক সর্বনাম কোনটি? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]*
ক. ইহারা খ. যিনি
গ. নিজে নিজে ঘ. কেহ **উত্তর:গ**

---

■**অব্যয় পদঃ**

০১. কল কল রবে নদী বইছে। এখানে 'কল কল' কোন অব্যয়? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*
ক) সমুচ্চয়ী খ) অনুসর্গ
গ) অনন্বয়ী ঘ) অনুকার **উত্তরঃ ঘ**
**ব্যাখ্যা** যে সকল অব্যয় রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, তাকে অনুকার ধ্বন্যাত্মক অব্যয় বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। ধ্বন্যাত্মক বিরুক্তি দ্বারা বহুত্ব বা আধিক্য ইত্যাদি বোঝায়। যেমন: কল কল রবে নদী বইছে। প্রদত্ত উদাহরণে 'কল কল' অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয়টি স্রোতের প্রবাহমানকতাকে আধিক্য অর্থে প্রকাশ করেছে।

০২. 'লোকটি দরিদ্র কিন্তু সৎ।'- এ বাক্যে কিন্তু হলো– *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. অনুকার অব্যয় খ. সংকোচক অব্যয়
গ. সংযোজক অব্যয় ঘ. অনন্বয়ী অব্যয় **উত্তর: খ**
**ব্যাখ্যা** লোকটি দরিদ্র কিন্তু সৎ। এখানে 'কিন্তু' অব্যয়টি দুটি বাক্যের মধ্যে ভাবের সংকোচ সাধন করেছে।

০৩. পরাগ বইটি দিয়ে যাও' বাক্যে 'পরাগ' কোন পদ? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১৯]*
ক) সম্বোধন পদ খ) সম্বন্ধ পদ
গ) বিশেষ্য পদ ঘ) সর্বনাম পদ **উত্তর: ক**

০৪. কোনটি ধ্বন্যাত্মক শব্দের উদাহরণ? *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধি. পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) ২০১৯]*
ক. নীল নীল খ. শন্‌শন্‌
গ. লাল নীল ঘ. রাশি রাশি **উত্তর: খ**

০৫. 'মরি মরি! কি সুন্দর প্রভাতের রূপ' বাক্যে 'মরিমরি' কোন শ্রেণীর অব্যয়? *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
ক. সমন্বয়ী খ. অনন্বয়ী
গ. পদান্বয়ী ঘ. অনুকার **উত্তরঃ খ**
**ব্যাখ্যা** **অনন্বয়ী অব্যয়ঃ** যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীন ভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, অদের অনন্বয়ী অব্যয় বলে। যেমন- ◆ উচ্ছ্বাস প্রকাশেঃ **মরি মরি!** কী সুন্দর প্রভাতের রূপ!
◆ স্বীকৃতি বা অস্বীকৃতি জ্ঞাপনেঃ **হ্যাঁ**, আমি যাব। **না**, আমি যাব না।

০৬. 'না' কোন জাতীয় শব্দ? *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) সর্বনাম (খ) অব্যয়
(গ) ক্রিয়া (ঘ) বিশেষণ উত্তরঃ খ

০৭. কোনটি নিত্য সম্বন্ধীয় অব্যয়ের উদাহরণ? *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- চট্টগ্রাম]*
ক. হ্যাঁ আমি যাব খ. যথা ধর্ম তথা জয়
গ. আবার যেতে হবে ঘ. অতি ভক্তি চোরের লক্ষণ **উত্তর: খ**

০৮. কোনটি ধনাত্মক দ্বিরুক্তির উদাহরণ? *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) ঝম-ঝম (খ) ভাল-ভাল
(গ) রাশি-রাশি (ঘ) ঘন-ঘন উত্তরঃ ক

০৯ "মরি মরি, কি সুন্দর প্রভাতের রূপ"--এখানে অনন্বয়ী অব্যয়ে কি প্রকাশ পেয়েছে? *[১৬তম শিক্ষক নিবন্ধন -স্কুল পর্যায় (সেট ০৩) : ২০১৯]*
ক. যন্ত্রণা খ. বিরক্তি
গ. সম্মতি ঘ. উচ্ছ্বাস **উত্তরঃ ঘ**

১০. বাংলা ব্যাকরণ কোন পদে সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না? *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪]*
ক. বিশেষণ খ. অব্যয়
গ. সর্বনাম ঘ. বিশেষ্য **উত্তরঃ খ**

---

■ **ক্রিয়াপদঃ**

০১. "মা খোকাকে চাঁদ দেখাচ্ছে।" - এ বাক্যে 'দেখাচ্ছে কোন ক্রিয়া? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. দ্বিকর্মক খ. প্রযোজক
গ. অসমাপিকা ঘ. সমাপিকা **উত্তর: খ**
**ব্যাখ্যা** যে ক্রিয়া একজনের প্রযোজনা বা চালনায় অন্যের দ্বারা অনুষ্ঠিত হয়, সেই ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। যেমন -

| প্রযোজক কর্তা | প্রযোজ্য কর্তা | প্রযোজক ক্রিয়া |
|---|---|---|
| মা | খোকাকে | চাঁদ দেখাচ্ছে। |

০২. 'বাড়ি গিয়ে তাকে পাওয়া যায়নি ' –এ বাক্যে 'গিয়ে' কোন ক্রিয়া? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) অসমাপিকা খ) সমাপিকা
গ) দ্বিকর্মক ঘ) প্রযোজক **উত্তর: ক**
**ব্যাখ্যা** যে ক্রিয়া দ্বারা বাক্যের পরিসমাপ্তি ঘটে না, বক্তার কথা অসম্পূর্ণ থেকে যায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে। 'বাড়ি গিয়ে তাকে পাওয়া যানি, এ বাক্যে 'গিয়ে' অসমাপিকা ক্রিয়া ও 'যায়নি' সমাপিক্স ক্রিয়া। যে ক্রিয়াপদ দ্বারা বাক্যের (মনোভাবের) পরিসমাপ্তি জ্ঞাপিত হয়, তাকে সমাপিকা ক্রিয়া বলে।

০৫. ণত্ব বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য? [দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫]

ক. দেশী খ. বিদেশী
গ. সংস্কৃত ঘ. তদ্ভব উত্তরঃ গ

০৬. নিচের কোন শব্দে "ণ"-এর ভুল প্রয়োগ রয়েছে? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]

(ক) চাণক্য (খ) মাণিক্য
(গ) ক্রন্দণ (ঘ) চাণক্য উত্তর: গ

ব্যাখ্যাঃ কতকগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য 'ণ' হয়(নিত্য মূর্ধন্য - ণ) । যেমন - মাণিক্য, চাণক্য, গণ প্রভৃতি। ক্রন্দন (ক্রন্দণ) - রোদন,কান্না।

০৭. কোনটি শুদ্ধ বানান? [থানা সহকারী শিক্ষা অফিসারঃ ৯৯]

ক. বণ্টণ খ. বন্টন
গ. বণ্টন ঘ. বন্টণ উত্তরঃ গ

০৮ .কোন বানানটি শুদ্ধ? [থানা সহকারী শিক্ষা অফিসার ঃ ০৫]

ক. শুণ্য খ. পুণ্য
গ. গৃণ্য ঘ. মাণ্য উত্তরঃ খ

০৯. কোনটি শুদ্ধ বানান? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ০৮]

ক. গৃহিনী খ. গৃহীনী
গ. গৃহিনি ঘ. গৃহিণী উত্তরঃ ঘ

কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষকঃ ১০]

ক. রূপায়ন খ. রুপায়ন
গ. রূপায়ণ ঘ. রুপায়ণ উত্তরঃ গ

## ষ-ত্ব বিধান

০১. নিচের কোনটি ষ-ত্ব বিধানের নিয়মে শুদ্ধ? [১৬তম শিক্ষক নিবন্ধন -স্কুল পর্যায় (সেটঃ ০৩) : ২০১৯]

a) মাস্টার b) পোস্ট মাস্টার
c) জিনিস d) পোশাক Ans: Note

## পদ প্রকরণ

০১.বিভক্তিযুক্ত শব্দ ও ধাতুকে বলে-- (১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা স্কুল পর্যায়-২ ২০১৯/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার এবং উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক ২০১৮)

ক. শব্দ খ. কারক
গ. পদ ঘ. ক্রিয়াপদ উত্তরঃ গ

---

### ■ বিশেষ্য

০১. চাউল, চিনি, পানি এগুলো কী বাচক বিশেষ্য ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) বস্তুবাচক খ) সমষ্টিবাচক
গ) ব্যক্তিবাচক ঘ) জাতিবাচক। উত্তর: ক

ব্যাখ্যাঃ যে পদে কোনো উপাদানবাচক পদার্থের নাম বোঝায়, তাকে বস্তুবাচক বা দ্রব্যবাচক বিশেষ্য বলে। এ জাতীয়ক বস্তুর সংখ্যা ও পরিমাণ নির্ণয় করা যায়। যেমন- চাউল, চিনি, পানি, লবণ, মাটি, বই, খাতা, কলম।

০২. গুণবাচক বিশেষ্য কোনটি ? [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রদর্শক ২০১৩]

ক. বহর খ. মধুরতা
গ. সাহসী ঘ. দর্শন উত্তরঃ খ

০৩. কোনগুলো বিশেষ্য পদের উদাহরণ? (প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, ঢাকা বিভাগ ০২)

ক. সবুজ মাঠ, কালো মেঘ খ. টসটসে ফল, তকতকে মেঝে
গ. আমরা, তোমরা ঘ. আরব সাগর, বিশ্বনবী উত্তরঃ ঘ

---

### ■ বিশেষণ পদঃ

০১। 'তাজা মাছ' কোন বিশেষণ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]

ক. রূপবাচক খ. অংশবাচক
গ. অবস্থাবাচক ঘ. গুণবাচক উত্তর: গ

ব্যাখ্যাঃ অবস্থাবাচক বিশেষণ: যে বিশেষণ দিয়ে অবস্থা বোঝায়, তাকে অবস্থাবাচক বিশেষণ বলে। যেমন: তাজা মাছ, চলন্ত ট্রেন, তরল পদার্থ - এখানে তাজা, 'চলন্ত' ও 'তরল' অবস্থাবাচক বিশেষণ।

০২. সভয়ে লোকটি বলল, বাঘ আসছে। এখানে 'সভয়ে' পদটি কোন বিশেষণের? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]

(ক) ক্রিয়া বিশেষণ (খ) বিশেষণের বিশেষণ
(গ) নাম বিশেষণ (ঘ) বিশেষ্যের বিশেষণ উত্তর: ক

ব্যাখ্যাঃ যে পদ ক্রিয়া সংগঠনের ভাব, কাল বা রূপ নির্দেশ করে, তাই ক্রিয়া বিশেষণ। যথা- বাতাস ধীরে বইছে । সে খুব তাড়াতাড়ি হাটিল। সভয়ে লোকটি বলল, বাঘ আসছে।

০৩. রাশি রাশি ভারা ভারা ধান কাটা হলো সারা'-এখানে 'রাশি রাশি'- [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]

(ক) সমষ্টিবাচক বিশেষ্য (খ) নির্ধারক বিশেষণ
(গ) সাপেক্ষ সর্বনাম (ঘ) অনুকার অব্যয় উত্তর: খ

ব্যাখ্যাঃ দ্বিরুক্ত শব্দ ব্যবহার করে যখন একের বেশি কোনো কিছুকে বোঝানো হয়, তখন তাকে নির্ধারক বিশেষণ বলে। যেমন: রাশি রাশি ভারা ভারা ধান কাটা হল সারা। এখানে 'রাশি রাশি' দ্বিরুক্ত শব্দ দ্বারা প্রচুর ধানকে বোঝানো হয়েছে।

০৪. 'সর্বজন' –এর বিশেষণ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯]

ক) বিশজন খ) সর্বজনীন
গ) ঐশ্বরিক ঘ) বিশ্বজনীন উত্তর: খ

০৫. 'সন্ধ্যা' শব্দের বিশেষ্যটি নির্দেশ করুন- [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]

ক. সাঁঝ খ. সন্ধ্যা
গ. সন্দা ঘ. সান্ধ্য উত্তরঃ ঘ

০৬. নিচের কোনটি বিশেষণ পদ? [সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫]

(ক) জীবন (খ) জীবনী
(গ) জীবিকা (ঘ) জীবাণু উত্তরঃ খ

০৭. সর্বজন এর বিশেষণ- [সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম গবেষণা কর্মকর্তা ২০১৫]

(ক) সর্বগ্রাহ্য (খ) সার্বজনীন
(গ) সার্বিক (ঘ) সার্বজন উত্তরঃ খ

০৮. যে বিশেষণ পদ কোনো বিশেষ্য বা সর্বনাম পদকে বিশেষিত করে তাকে কি পদ বলে? [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]

ক. ক্রিয়ার বিশেষণ খ. বিশেষ্যের বিশেষণ
গ. নাম বিশেষণ ঘ. সর্বনামের বিশেষণ উত্তর: গ

০৯. যে পদ বিশেষ্য ও সর্বনাম ভিন্ন অন্য পদকে বিশেষিত করে তাকে বলে-(প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক,০১)

ক. নাম বিশেষণ খ. ভাব বিশেষণ
গ. ক্রিয়া বিষেশণ ঘ. বিশেষণের বিশেষণ উত্তরঃ খ

---

■ **স্বরধ্বনি ও ব্যঞ্জনধ্বনির সংক্ষিপ্ত রূপ:**

**০১. 'পক্ষী' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক) য + ঞ  খ) ক + ষ
গ) ক + খ  ঘ) ষ + ন  **উত্তর: খ**

**ব্যাখ্যা:** 'পক্ষী' শব্দের 'ক্ষ' যুক্ত বর্ণটি গঠিত হয়েছে ক্+ষ মিলে । আরও কয়েকটি যুক্তবর্ণ হলো - হ+ম = হ্ম, জ্ + ঞ = জ্ঞ, ঞ + জ = ঞ্জ।

**০২.'হ্ম' যুক্তবর্ণটি কিভাবে গঠিত হওয়েছে?** *(১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]*

ক) হ্ +ম  খ) ক্ + ষ
গ) ষ্ + ম  ঘ) ম্ + হ  উত্তরঃ ক

**০৩. 'উষ্ণ' শব্দের যুক্তব্ধরটির কোন কোন বর্ণের সমন্বয়েগঠিত?** *[১৬তম শিক্ষক নিবন্ধন, কলেজ/সমপর্যায়: ২০১৯]*

(ক) ষ্ + ণ  (খ) ষ্ + ঞ
(গ) ষ্ + ত্র  (ঘ) ষ্ + জ  **উত্তর: ক**

**০৪. 'ঞ্জ' যুক্তবর্ণটির গঠন কী রূপ?** *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধি. পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) ২০১৯]*

ক. জ্ + ঞ  খ. ড্ + ঞ
গ. ঞ্ + জ  ঘ. ঞ + ড  **উত্তর: গ**

**ব্যাখ্যা:** 'ঞ্জ' যুক্ত বর্ণের গঠিত হয় ঞ্ + জ। যেমন- গঞ্জ, রঞ্জ, কুঞ্জ।

**০৫. 'দ্ধ'-যুক্তবর্ণটি কীভাবে গঠিত হয়েছে?** *[শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের জুনিয়র ইন্সট্রাক্টর (ইলেক্ট্রনিক্স, পাওয়ার, কম্পিউটার) ২০১৮]*

ক. ধ্ + ব  খ. ব্ + দ
গ. দ + ধ  ঘ. ব্ + ধ  **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** 'ব্ধ' যুক্তবর্ণকে বিশ্লিষ্ট করলে ব্ + ধ পাওয়া যায়। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ যুক্তবর্ণ হলো- ক্ষ = ক্ + ষ, জ্ঞ = জ্ + ঞ, ঞ্জ = ঞ্ + জ, দ্ধ = দ্ + ধ, হ্ম = হ্ + ম, ঞ্চ = ঞ্ + চ, ষ্ণ = ষ্ + ণ।

**০৬. রক্ষা' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত? 'পক্ষী' শব্দের সংযুক্ত বর্ণ কোন কোন বর্ণ নিয়ে গঠিত ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১)*

ক. ক+ষ  খ. ক+খ
গ. ক+য  ঘ. খ+খ  **উত্তরঃ ক**

## ধ্বনির পরিবর্তন

**০১. ধ্বনির পরিবর্তন কত প্রকার ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক) তিন প্রকার  খ) চার প্রকার
গ) পাঁচ প্রকার  ঘ) দুই প্রকার  **উত্তর: ক**

**ব্যাখ্যা:** ভাষার পরিবর্তন ধ্বনির পরিবর্তনের সঙ্গে সম্পৃক্ত। উচ্চারণের সময় সহজীকরণের প্রবণতায় শব্দের মূল ধ্বনির যেসব পরিবর্তন ঘটে তাকে বলা হয় ধ্বনির পরিবর্তন। ধ্বনি দ্বিবিধ-স্বর ও ব্যঞ্জন। পরিবর্তন হয় কর। ও ব্যাঞ্জন উভয় ক্ষেত্রে। স্বর ও ব্যঞ্জন ধ্বনি পরিবর্তনের রীতি-প্রকৃতি প্রধানত তিন প্রকার। যথা: ধ্বন্যাগম, ধ্বনিলোপ ও ধ্বনির রূপান্তর।

**০২. প্রকৃত বাংলা ব্যঞ্জনসন্ধি কোন নিয়মে হয়ে থাকে?** *[১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা স্কুল পর্যায়-২ ২০১৯]*

ক. সমীভবন  খ. বিষমীভবন
গ. অপিনিহিতি  ঘ. অসমীকরণ  **উত্তর: ক**

**০৩ রত্ন>রতন হওয়ার সন্ধি সূত্র**–*[১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯]*

ক. স্বরভক্তি  খ. স্বরসঙ্গতি
গ. অভিশ্রুতি  ঘ. অপিনিহিতি  **উত্তর: ক**

**০৪. কোনটি স্বরাগমের উদাহরণ?** *[প্রতিরক্ষা মন্ত্রণালয়ের প্রধান প্রশাসনিক কর্মকর্তার কার্যালয়ের সহকারী পরিচালক ২০১৯]*

ক. পিরীতি  খ. বিলিতি
গ. বসতি  ঘ. উড়নি  **উত্তর: ক**

**০৫ 'স্কুল > ইস্কুল' এখানে কোন ধরনের পরিবর্তন ঘটেছে?** *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-২০১৯]*

a) আদি স্বরাগম  b) মধ্য সাগম
c) বিপ্রকর্ষ  d) অন্ত্য স্বরাগম  Ans:A

**০৬. ধ্বনি বিপর্যয়ের উদাহরণ কোনটি?** *[১৬তম শিক্ষক নিবন্ধন, কলেজ/সমপর্যায়: ২০১৯/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ১১]*

ক. আজি → আইজ  খ. পিশাচ → পিচাশ
গ. পাকা → পাক্কা  ঘ. স্কুল → ইস্কুল  **উত্তরঃ খ**

**০৭. কোনটিতে মধ্যস্বরলোপ ঘটেছে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**

ক. চাদর  খ. গামছা
গ. মশারি  ঘ. লুঙ্গি  **উত্তর: খ**

**ব্যাখ্যা:** দ্রুত উচ্চারণের জন্য শব্দের আদি, অন্ত বা মধ্যবর্তী কোনো স্বরধ্বনির লোপকে বলা হয় সম্প্রকর্ষ বা স্বরলোপ। আর শব্দের মধ্যে স্বরধ্বনি লোপ পেলে তাকে বলে মধ্যস্বর লোপ। যেমন : গামোছা > গামছা, সুবর্ণ > স্বর্ণ, অগুরু > অর্গ।

**০৮. কোনটি আদি স্বরাগম? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]**

ক. রত্ন > রতন  খ. স্ত্রী > ইস্ত্রী
গ. গ্রাম > গেরাম  ঘ. স্নেহ > সিনেহ  **উত্তর: খ**

**ব্যাখ্যা:** উচ্চারণের সুবিধার জন্য শব্দের আদিতে স্বরধ্বনির আগমন ঘটে। যেমন- স্ত্রী > ইস্ত্রী, স্কুল > ইস্কুল। আবার সংযুক্ত ব্যঞ্জন ধ্বনির মাঝেও মধ্য স্বরাগম হয়। যেমন- রত্ন > রতন, গ্রাম > গেরাম, স্নেহ > সিনেহ/সেনেহ।

## ণ-ত্ব ও ষ-ত্ব বিধান

### ণত্ব বিধান

**০১. সমাসবদ্ধ শব্দে সাধারণত ণ-ত্ব বিধান খাটে না। এর উদাহরণ** *[১৬তম শিক্ষক নিবন্ধন -স্কুল পর্যায় (সেটঃ ০৩) : ২০১৯]*

a) অগ্রনায়ক  b) রতন
c) আপন  d) অনুষ্ঠান  Ans:A

**০২. কোন ধরনের শব্দে কখনোই মূর্ধন্য-ণ হবে না?** *[৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]*

ক. তৎসম  খ. বিদেশি
গ. তদ্ভব  ঘ. আঞ্চলিক  **উত্তরঃ খ**

**০৩. কোন দুটি বর্ণের পর ণ ও ষ হয়?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯]*

ক. ঋ, র  খ. ট,ঠ
গ. ই,উ  ঘ.ত,থ  **উত্তর: ক**

**ব্যাখ্যা:** তৎসম শব্দের বানানে ণ-এর সঠিক ব্যবহারের হয়। যেমন-ঋণ, তৃণ। তৎসম শব্দের বানানে ষ-এর ব্যবহারের নিয়মকে ষত্ব বিধান বলে। এ বিধি অনুযায়ী 'র' বর্ণের পর 'ষ' হয়। যেমন- বর্ষা, বর্ষণ।

**০৪. কোন বর্ণের ধ্বনির আগে ন ণ হয়?** *[সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসার (ATEO) ২০১৫]*

(ক) ক বর্গীয়  (খ) চ বর্গীয়
(গ) ট বর্গীয়  (ঘ) ত বর্গীয়  **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** বাংলা ভাষায় যৌগিক স্বরধ্বনির সংখ্যা পঁচিশ। ধ্বনি প্রকাশক চিহ্নকে বর্ণ বলে। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক বর্ণ (যৌগিক স্বরবর্ণ) দুটি। যথা—ঐ এবং ঔ।

**০৫. 'ঔ' কোন ধরনের স্বরধ্বনি?** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী লাইব্রেরিয়ান কাম ক্যাটালগার এবং উচ্চমান সহকারী কাম হিসাবরক্ষক ২০১৮]*

(ক) যৌগিক স্বরধ্বনি　　(খ) তালব্য স্বরধ্বনি
(গ) মিলিত স্বরধ্বনি　　(ঘ) কোনটি নয়　　উত্তরঃ ক

**০৬. কোনটি মূল ধ্বনি নয়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]**

ক. উ　　খ. অ
গ. এ　　ঘ. ঔ　　**উত্তর: ঘ**

০৭. **ব্যাখ্যাঃ** বাংলা ভাষায় মূল ধ্বনি বা মৌলিক ধ্বনি হলো- অ,এ, উ । মূল ধ্বনি নয় ঔ। ঔ (ও+ই) যৌগিক ধ্বনি।

**কোন দুটি মূল স্বরধ্বনি নয়?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/সংযুক্ত মুদ্রণের প্রশ্নের উৎস : ০৭]*

(ক) ঐ, ঔ　　(খ) ঐ, অ
(গ) আ, ঔ　　(ঘ) ই, ঔ　　**উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** বাংলা ভাষায় মৌলিক বা মূল স্বরধ্বনি ৭টি। যথা- অ, আ, ই, উ, অ্যা, এ, ও। একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে যৌগিক স্বর বলে। বাংলা যৌগিক স্বরধ্বনি মোট ২৫টি। বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ রয়েছে : ঐ (ও+ই) এবং ঔ (ও+উ)। অন্য যৌগিক স্বরের প্রতীক স্বরূপ কোনো বর্ণ নেই।

**০৮. বাংলা স্বরধ্বনিতে কয়টি হ্রস্ব স্বর আছে?** *[সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫]*

ক. ৫ টি　　খ. ৪ টি
গ. ৭ টি　　ঘ. ৬ টি　　**উত্তরঃ খ**

---

■ **ব্যঞ্জনধ্বনি :**

**০১. তালব্য বর্ণ কোনগুলো?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. খ, উ, ম, ল　　খ. ব, ড়, ঢ়, ভ
গ. স, ও, ঘ, ত　　ঘ. ই, জ, ঞ, য়　　**উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** যে ধ্বনি উচ্চারণের সময় জিভ প্রসারিত হয়ে তার সামনের অংশ দিয়ে শক্ত তালু স্পর্শ করে বায়ুপথে বাধা সৃষ্টি করে সেই ধ্বনিগুলোকে তালব্য ধ্বনি বলে। যথা - ই, ঈ, চ, ছ, জ, ঝ, ঞ, য, য়, শ।

নিম্নে উচ্চারণ স্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বিভাজন দেখানো হলোঃ

| উচ্চারণ স্থান | ব্যঞ্জনধ্বনির বর্ণসমূহ | উচ্চারণস্থান অনুযায়ী নাম |
|---|---|---|
| জিহবামূল | ক খ গ ঘ ঙ | কণ্ঠ্য বা জিহবামূলীয় বর্ণ |
| অগ্রতালু | চ ছ জ ঝ শ য | তালব্য বর্ণ |
| পশ্চাৎ দন্তমূল | ট ঠ ড ঢ ণ ষ র ড় ঢ় | মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |
| অগ্র দন্তমূল | ত থ দ ধ ন ল স | দন্ত্য বর্ণ |
| ওষ্ঠ | প ফ ব ভ ম | ওষ্ঠ্য বর্ণ |

*[উৎস: বাংলা ভাষার ব্যাকরণ (৯ম ও ১০ম শ্রেণী)]*

**০২. যে ব্যঞ্জনধ্বনি উচ্চারণে মুখ দিয়ে অধিক বাতাস বের হয় ও নিচের চোয়ালের মাংসপেশিতে বেশি চাপ পড়ে সে ব্যঞ্জনগুলোকে বলে–** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. অল্পপ্রাণ　　খ. অধিকপ্রাণ
গ. স্বল্পপ্রাণ　　ঘ. মহাপ্রাণ　　**উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** বর্গের ২য় ও ৪র্থ ধ্বনি মহাপ্রাণ। যথা- খ, ঘ, ছ, ঝ, ঠ, ঢ, থ, ধ, ফ, ভ।

**০৩. নাসিক্য বর্ণ কোনগুলো?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. অ, ঋ, ব　　খ. ঙ, ঞ, ণ
গ. উ, ঊ, য়　　ঘ. শ, স, ষ　　**উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** ঙ ঞ ণ ন ম - এ পাঁচটি বর্ণে দ্যোতিত ধ্বনির উচ্চারণে নাক ও মুখ দিয়ে কিংবা কেবল নাক দিয়ে ফুসফুস-তাড়িত বাতাস বের হয় বলে এদের বলা হয় নাসিক্য ধ্বনি এবং প্রতীকী বর্ণগুলোকে বলা হয় নাসিক্য বর্ণ।

**০৪. উপরের ও নিচের ঠোঁটের সাহায্যে উচ্চারিত ধ্বনিগুলোকে কী বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. দন্ত্য ধ্বনি　　খ. দন্তমূলীয় ধ্বনি
গ. ওষ্ঠ্য ধ্বনি　　ঘ. দ্বি-ওষ্ঠ্য ধ্বনি　　**উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** প-বর্গীয় ধ্বনি (প, ফ, ব, ভ, ম) গুলোকে ওষ্ঠ্য ধ্বনি বলে।

**০৫. কোনগুলো ওষ্ঠ্য ধ্বনি ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক) ত, থ, দ, ধ, ন　　খ) ক, খ, গ, ঘ, ঙ,
গ) চ, ছ, জ, ঝ, ঞ,　　ঘ) প, ফ, ব, ভ, ম　　**উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** প, ফ, ব, ভ, ম হলো ওষ্ঠ্য ধ্বনি । ত, থ, দ, ধ, ন হলো দন্ত্য ধ্বনি। ক, খ, গ, ঘ, ঙ হলো কণ্ঠ্য ধ্বনি। চ, ছ, জ, ঝ, ঞ, তালব্য ধ্বনি ।

**০৬. বাংলা বর্ণমালায় পরাশ্রয়ী বর্ণের সংখ্যা কয়টি?** *[১৬তম শিক্ষক নিবন্ধন -স্কুল পর্যায় (সেট ০৩) : ২০১৯]*

ক. ছয়টি　　খ. চারটি
গ. তিনটি　　ঘ. পাঁচটি　　**উত্তর: গ**

**০৭. যে বর্ণ উচ্চারণের সময় স্বরতন্ত্রী কাঁপে না, তাকে বলে–** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯]*

ক. ঘোষ বর্ণ　　খ. অঘোষ বর্ণ
গ. অল্পপ্রাণ বর্ণ　　ঘ. মহাপ্রাণ বর্ণ　　**উত্তর: খ**

**০৮ 'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ হলো–*[১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯]***

ক. উম্য　　খ. উমো
গ. ইয়ো　　ঘ. উয়ো　　**উত্তর: ঘ**

ব্যাখ্যা: 'ঙ' ধ্বনিটির সঠিক উচ্চারণ উয়ো (উয়োঁ)।

**০৯. 'দন্ত্য বর্ণ' কোনগুলো ? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ ধাপ) ২০১৯]***

ক) প, ফ, ব, ভ　　খ) ট, ঠ, ড, ঢ
গ) ত, থ, দ, ধ　　ঘ) ক, খ, গ, ঘ　　**উত্তর: গ**

**১০. নিচের কোনটি অঘোষ অল্পপ্রাণ ধ্বনি?** *[১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]*

ক. ভ　　খ. ঠ
গ. ফ　　ঘ. চ　　**উত্তরঃ ঘ**

**১১. কোন দুটি মহাপ্রাণ ধ্বনি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]**

ক. খ, ঝ　　খ. ক, খ
গ. ত, দ　　ঘ. চ, জ　　**উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** বাংলা বর্ণমালায় অল্পপ্রাণ ও মহাপ্রাণ বর্ণ রয়েছে। অল্পপ্রাণ বর্ণ উচ্চারণে অ-যোগ করতে হয় আর মহাপ্রাণ বর্ণে অ+হ উচ্চারণ করতে হয়। যেমন- খ- অ + হ, ঝ- অ + হ।

**১২. কোনটি দন্ত্য ধ্বনি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. ণ　　খ. প
গ. ত　　ঘ. চ　　**উত্তরঃ গ**

**১৩. তালব্যবর্ণ কোনগুলো?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) এ,ঐ　　(খ) ই, ঈ
(গ) উ, ঊ　　(ঘ) ও, ঔ　　উত্তরঃ

**ব্যাখ্যাঃ**

| | | |
|---|---|---|
| চ - বর্গীয় | তালব্য বর্ণ | চ ছ জ ঝ ঞ |

**১৪. কণ্ঠ্য থেকে উচ্চারিত ধ্বনি-** *[১০ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]*

ক. ক　　খ. ঙ
গ. হ　　ঘ. ঝ　　**উত্তরঃ খ**

০৫ **শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয় --** *(সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১)*
ক. পদ 		খ. ধ্বনি
গ. কারক 		ঘ. বর্ণ 		**উত্তরঃ খ**

০৬. **ভাষার মূল উপকরণ কী?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/১ম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]*
ক. ধ্বনি 		খ. বাক্য
গ. শব্দ 		ঘ. বর্ণ 		**উত্তর: খ**

**ব্যাখ্যা:** ভাষার মূল উপকরণ বাক্য এবং বাক্যের মৌলিক উপাদান শব্দ। ধ্বনি ভাষার মূল উপাদান।

------------------------------------

## ■ বর্ণমালাঃ

০১. **বাংলা বর্ণমালায় অর্ধমাত্রা বিশিষ্ট বর্ণের সংখ্যা কত?** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩/সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]*
ক. ৮টি 		খ. ১০টি
গ. ৬টি 		ঘ. কোনটিই নয় 		**উত্তর: ক**

**ব্যাখ্যা:** বাংলা বর্ণমালায় অর্ধ মাত্রায় বর্ণ ৮টি। এ বর্ণ ৮টি হল- ঋ, খ, গ, ণ, থ, প, শ।

০২. **বাংলা বর্ণমালায় মাত্রাবিহীন বর্ণের সংখ্যা কয়টি?** *(প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯/২০১৬/ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩)*
ক.এগারটি 		খ. নয়টি
গ. দশটি 		ঘ. আটটি 		**উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** বাংলা বর্ণমালায় ৫০টি বর্ণ রয়েছে। তার মধ্যে স্বরবর্ণ ১১টি এবং ব্যঞ্জনবর্ণ ৩৯টি। পূর্বমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে ৩২টি, ৮টি, ও ১০টি।

**বাংলা বর্ণমালায় পূর্ণমাত্রা, অর্ধমাত্রা ও মাত্রাহীন বর্ণের সংখ্যা যথাক্রমে–** ***[১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]***
ক. ৩২, ৮, ১০ 		খ. ৩২, ৭, ১১
গ. ৩০, ৮, ১২ 		ঘ. ৩২, ৭, ৯

০৩. **মৌলিক স্বরবর্ণ কয়টি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) ৫টি 		খ) ৯টি
গ) ৭টি 		ঘ) ৩টি 		**উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** মৌলিক স্বরবর্ণ ৭টি। যৌগিক স্বরধ্বনি জ্ঞাপক বর্ণ ২টি। নাসিক্য বর্ণ ৫টি। উষ্ম বর্ণ তিনটি।

০৪. **'দন্ত্য বর্ণ কোনগুলো ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক) প, ফ, ব, ভ 		খ) ট, ঠ, ড, ঢ
গ) ত, থ, দ, ধ 		ঘ) ক, খ, গ, ঘ 		**উত্তর: গ**

**ব্যাখ্যা:** উচ্চারণের স্থান অনুযায়ী বাংলা ভাষার ত, থ, দ, ধ, ন দন্ত্য বর্ণ। প, ফ, ব, ভ, ম ওষ্ঠ্য বর্ণ। ট, ঠ, ড, ঢ, ণ মূর্ধণ্য বর্ণ। ক, খ, গ, ঘ, ঙ কণ্ঠ্য বর্ণ। চ, ছ, জ, ঝ, ঞ তালব্য বর্ণ।

০৫. **'ওষ্ঠ্য' বর্ণ কোনগুলো? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. ট, ঠ, ড, ঢ, ণ 		খ. প, ফ, ব, ভ, ম
গ. ক, খ, গ, ঘ, ঙ 		ঘ. চ, ছ, জ, ঝ, ঞ 		**উত্তর: খ**

**ব্যাখ্যাঃ**

| বর্ণ | উচ্চারণ স্থান অনুযায়ী নাম |
|---|---|
| ক, খ, গ, ঘ, ঙ | কণ্ঠ্য বা জিহ্বামূলীয় বর্ণ |
| চ, ছ, জ, ঝ, ঞ | তালব্য বর্ণ |
| ট, ঠ, ড, ঢ, ণ | মূর্ধন্য বা পশ্চাৎ দন্তমূলীয় বর্ণ |

০৬. **বাংলা বর্ণমালায় কটি 'ব' আছে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]**
ক. ২ 		খ. ৩
গ. ৪ 		ঘ. ১ 		**উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** বাংলা বর্ণমালায় দুটি 'ব' ছিল। প্রথমটি বর্গীয় 'ব' (তৃতীয় বর্ণ) যা ২৩তম ব্যঞ্জন বর্ণ। দ্বিতীয়টি অন্তঃস্থ ব-এটি অন্য বর্ণের সাথে যুক্ত হয়ে অনুচ্চারিত বা w/ওয়া ধ্বনিতে উচ্চারিত হয়। কিন্তু বর্তমানে বর্ণমালায় দ্বিতীয় 'ব'-এর স্থান নেই।

০৭. **তালব্য বর্ণ কোনগুলো? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**
(ক) এ, ঐ 		(খ) ই, ঈ
(গ) উ, ঊ 		(ঘ) ও, ঔ 		**উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** ই, ঈ - তালব্য বর্ণ 	উ, ঊ - ওষ্ঠ্য বর্ণ
এ, ঐ - কণ্ঠতালব্য বর্ণ 	ও, ঔ - কণ্ঠৌষ্ঠ্য বর্ণ

০৮ **বাংলা বর্ণমালায় কতটি বর্ণ আছে?** *[শিক্ষা মন্ত্রণালয় নিয়োগ পরীক্ষা-২০১৭]*
a) ৫১টি 		b) ২৬টি
c) ৩৯টি 		d) ৫০টি 		**উত্তর: D**

০৯ **নিচের কোনটি একটি স্বরবর্ণ?** *[শিক্ষা মন্ত্রণালয় নিয়োগ পরীক্ষা-২০১৭]*
a) ঙ 		b) ক
c) এ 		d) চ 		**উত্তর: C**

১০. **বাংলার স্বরবর্ণ কয়টি?** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]*
ক. ১২ 		খ. ১১
গ. ১০ 		**উত্তর: খ**

১১. **বাংলা ব্যঞ্জন বর্ণ কয়টি?** *[সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১)*
ক. ৩৫টি 		খ. ৩৭টি
গ. ৩৯টি 		ঘ. ৪১টি 		**উত্তরঃ গ**

১২. **বাংলা ব্যঞ্জন বর্ণ কয়টি?** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩)*
ক. ৩৫টি 		খ. ৩৭টি
গ. **উত্তর:** ক 		ঘ. ৪১টি 		**উত্তরঃ গ**

---

**স্বরধ্বনি:**

০১. **বাংলা ভাষার ব্যবহৃত মৌলিক স্বরধ্বনি কয়টি?** *(প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তৃতীয় ধাপ) ২০১৯/ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে নিয়োগ-২০১৭)*
ক) ৭টি 		খ) ৮টি
গ) ৬টি 		ঘ) ১১টি 		উত্তরঃ ক

০২. **জিভের সামনের অংশের সাহায্যে উচ্চারিত স্বরধ্বনিগুলোকে কী বলে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. নিম্ন-স্বরধ্বনি 		খ. অগ্র-স্বরধ্বনি
গ. জিভ-স্বরধ্বনি 		ঘ. সম্মুখ-স্বরধ্বনি 		**উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** ই ঈ এ (অ) ধ্বনির উচ্চারণে জিহবা এগিয়ে সম্মুখভাগে দাঁতের দিকে আসে বলে এগুলোকে বলা হয় সম্মুখ স্বরধ্বনি।

০৩. **একই সঙ্গে উচ্চারিত দুইটি মিলিত স্বরধ্বনিকে কি বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. অনাবৃত স্বর 		খ. একাক্ষর স্বর
গ. যৌগিক স্বর 		ঘ. মৌলিক স্বর 		**উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** বাংলা বর্ণমালায় যৌগিক স্বরজ্ঞাপক দুটো বর্ণ রয়েছে। যথা- ঐ (ও + ই) এবং ঔ (ও + উ)।

০৪. **নিচের কোনটি যৌগিক স্বরধ্বনির চিহ্ন? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**
ক. উ 		খ. আ
গ. ঔ 		ঘ. ঊ 		**উত্তর: গ**

ব্যাখ্যা: সুনীতিকুমার চট্টোপাধ্যায় → ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ। ড. মুহম্মদ শহীদুল্লাহ → বাঙ্গলা ব্যাকরণ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর → ব্যাকরণ কৌমুদী (১৮৫৩)।

০৪. বাংলা ভাষার ইতিবৃত্ত কে রচনা করেন? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৭]

ক. সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ. মুহম্মদ শহীদুল্লাহ
গ. এনামুল হক ঘ. সুকুমার সেন **উত্তর: খ**

ব্যাখ্যা: ড. মুহম্মদ শহীদুল্লাহ রচিত-বাংলা সাহিত্যের কথা, ভাষা ও সাহিত্য-প্রভৃতি উল্লেখযোগ্য গ্রন্থ।

০৫. কোনটি এনামুল হকের রচনা ? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]

(ক) ভাষার ইতিবৃত্ত (খ) আধুনিক ভাষাতত্ত্ব
(গ) মনীষা- মঞ্জুষা
(ঘ) বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান **উত্তরঃ গ**

ব্যাখ্যা:

| গ্রন্থ | রচয়িতা |
|---|---|
| ভাষার ইতিবৃত্ত | ড. সুকুমার সেন |
| আধুনিক ভাষাতত্ত্ব | আবুল কালাম মনজুর মোরশেদ |
| বাংলাদেশের আঞ্চলিক ভাষার অভিধান | ড. মুহম্মদ শহীদুল্লাহ |

## ভাষারীতি

০১. সাধুরীতি ও চলিতরীতির পার্থক্য কোন পদে বেশি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]

ক. ক্রিয়া ও অব্যয় খ. অব্যয় ও ক্রিয়া
গ. সর্বনাম ও বিশেষ্য ঘ. ক্রিয়া ও সর্বনাম **উত্তর: ঘ**

ব্যাখ্যা: সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন ভাষাকে সাধু ভাষা হিসেবে অভিহিত করা হয়। দাপ্তরিক কাজ, সাহিত্য রচনা, যোগাযোগ ও জ্ঞানচর্চার প্রয়োজনে লেখ্য বাংলা ভাষায় সাধু রীতির জন্ম হয়। এ রীতিতে সর্বনাম ও ক্রিয়াপদ এক বিশেষ গঠন পদ্ধতি মেনে চলে।

০২. সাধু ভাষায় কোন শব্দের প্রধান বেশি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]

ক. তৎসম খ. বিদেশি
গ. দেশি ঘ. তদ্ভব **উত্তর: ক**

ব্যাখ্যা: সংস্কৃত ভাষা থেকে উৎপন্ন ভাষাকে সাধু ভাষা হিসেবে অভিহিত করা হয়। রাজা রামমোহন রায় প্রথম সাধু ভাষার প্রয়োগ করেন। সাধু রীতির অন্যতম বৈশিষ্ট্য হলো এটি ব্যাকরণের সুনির্দিষ্ট নিয়ম অনুসরণ করে; এর পদবিন্যাস সুনির্দিষ্ট ও সুনিয়ন্ত্রিত; এ রীতি গুরুগম্ভীর ও তৎসম শব্দবহুল এবং নাটকের সংলাপ ও বক্তৃতায় অনুপযোগী।

০৩. 'লক্ষ-প্রদান করিল'-এর চলিত রূপ কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]

ক. লাফ প্রদান করল খ. লাফ দিল
গ. লক্ষ দিল ঘ. লক্ষ প্রদান করল **উত্তর: খ**

ব্যাখ্যা: 'লক্ষ প্রদান করিল'-এর চলিত রূপ লাফ দিল। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ শব্দের সাধুরীতির চলিত রূপ : জুতা-জুতো, তুলা-তুলো, শুষ্ক/শুকনা- শুকনো, বন্য-বুনো।

০৪. নিচের কোনটি চলিত রীতির শব্দ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]

ক. তুলা খ. শুকনো
গ. পড়িল ঘ. সহিত **উত্তর: খ**

ব্যাখ্যা: চলিত রীতির শব্দ শুকনো-এর সাধুরূপ শুষ্ক/শুকনা। অন্যদিকে তুলা, পড়িল ও সহিত সাধুরীতির শব্দের চলিতরূপ যথাক্রমে তুলনা, পড়ল/পড়ান ও সঙ্গে সাথে।

০৫. কোন ভাষায় সাহিত্যে গাম্ভীর্য ও আভিজাত্য প্রকাশ পায়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. কথ্য ভাষায় খ. আঞ্চলিক ভাষায়
গ. সাধু ভাষায় ঘ. চলিত ভাষায় **উত্তর: গ**

ব্যাখ্যা: সাধু ভাষা তৎসম শব্দবহুল, গাম্ভীর্য ও আভিজাত্যপূর্ণ।

০৬. সাধু ভাষা সাধারণত কোথায় অনুপযোগী? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৩]

(ক) কবিতার পঙক্তিতে (খ) নাটকের সংলাপে
(গ) গল্পের বর্ণনাতে (ঘ) গানের সংলাপে **উত্তর: খ**

০৭. সাধু ভাষায় কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৭]

(ক) এখানে সে ফিরে আসেনি (খ) তিনি মূর্ছিত হয়ে পড়েছেন
(গ) সে আসিবে বলিয়া ভরসাও করিতেছি না
(ঘ) তুমি তার কথা বিশ্বাস করো না **উত্তর: গ**

## বাগযন্ত্র

০১. ধ্বনি উচ্চারণে মানবশরীরের যেসব প্রত্যঙ্গ জড়িত সেগুলোকে একত্রে কী বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ ধাপ) ২০১৯]

ক) গলনালী খ) বাগযন্ত্র
গ) স্বরযন্ত্র ঘ) শ্বাসনালী **উত্তর: খ**

ব্যাখ্যা: শরীরের উপরিভাগে অবস্থিত মধ্যচ্ছদা থেকে ঠোঁট পর্যন্ত শ্বসবাহী যেসব বিশেষ প্রত্যঙ্গ ধ্বনির উচ্চারণের সঙ্গে যুক্ত সেগুলোকে বাক্‌প্রত্যঙ্গ বা একত্রে বাগযন্ত্র বলে। বাগযন্ত্রের এলাকা বিস্তৃত। এর মধ্যে ফুসফুস, শ্বাসনালি, স্বরযন্ত্র, জিভ, স্বরতন্ত্র, ঠোঁট, নিচের চোয়াল, দাঁত, তালু গলনালি ইত্যাদি রয়েছে।

## ধ্বনি ও বর্ণ

০১. ধ্বনি হলো- [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]

ক) অর্থবোধক শব্দসমষ্টি খ) ভাষার লিখিত রূপ
গ) দুটি শব্দের মিলন ঘ) ভাষার ক্ষুদ্রতম অংশ **উত্তর: ঘ**

ব্যাখ্যা: ভাষার ক্ষুদ্রতম উপাদান/ একক - ধ্বনি।

০২। বাংলা বর্ণমালায় অর্ধমাত্রা বর্ণ কয়টি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]

ক. ৮ খ. ৯
গ. ৬ ঘ. ৭ **উত্তর: ক**

ব্যাখ্যা: মাত্রার উপর ভিত্তি করে বর্ণ তিন প্রকার :

- মাত্রাহীন বর্ণ ১০টি : এ, ঐ, ও, ঔ, (স্বরবর্ণ ৪টি) ঙ, ঞ, ৎ, ং, ঃ, ँ (ব্যঞ্জনবর্ণ ৬টি)
- অর্ধমাত্রার বর্ণ ৮টি : ঋ, (স্বরবর্ণ ১টি) খ, গ, ণ, থ, ধ, প, শ (ব্যঞ্জনবর্ণ ৭টি)
- পূর্ণমাত্রার বর্ণ : ৩২টি। (স্বরবর্ণ ৬ টি + ব্যঞ্জনবর্ণ ২৬টি)

০৩. ভাষার মূল উপাদান কোনটি?/ ভাষার ক্ষুদ্রতম ভাষিক একক কী? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯/ ১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা স্কুল পর্যায়-২ ২০১৯) অথবা, ভাষার ক্ষুদ্রতম একক কোনটি? প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]

ক. বর্ণ খ. শব্দ
গ. ধ্বনি ঘ. বাক্য **উত্তরঃ গ**

ব্যাখ্যা: ভাষার মূল উপাদান হচ্ছে ধ্বনি। অর্থবোধক ধ্বনি ও ধ্বনি সমষ্টিকে শব্দ বলা হয়। বাক্যের মৌলিক উপাদান শব্দ। বর্ণ হচ্ছে ধ্বনি নির্দেশক প্রতীক।

০৪. বাংলা ভাষায় 'অক্ষর' হচ্ছে— [প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধি. পিটিআই ইন্সট্রাক্টর (সাধারণ) ২০১৯]

ক. ধ্বনির লিখিত রূপ খ. বর্ণের সমার্থক শব্দ
গ. শব্দ-উচ্চারণের অংশ ঘ. হরফের সমার্থক শব্দ **উত্তর. গ**

## বাচ্য পরিবর্তন

**০১. কোন বাক্যে ভাববাচ্যের কর্তার উদাহরণ দেয়া হয়েছে?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. তাকে গ্রামে যেতে হবে খ. আমার যাওয়া হবে না
গ. সে গ্রামে যাবে
ঘ. ছুটি হলে ঘন্টা বাজে **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। যেমন : আমার খাওয়া হলো না।

## দ্বিরুক্ত শব্দ

**০১. ধ্বনিজ্ঞাপক দ্বিরুক্ত শব্দ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. মরমর খ. নড়নড়
গ. কড়কড় ঘ. দরদর **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** কড়কড় অব্যয় - বজ্রের অনুকার ধ্বনি।

**০২. 'বৃষ্টি পড়ে টপুর টুপুর'-এখানে 'টাপুর টুপুর' কোন ধরনের শব্দ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**

ক. ছড়ার শব্দ খ. শব্দের দ্বিরুক্তি
গ. ধ্বন্যাত্মক দ্বিরুক্তি ঘ. পদের দ্বিরুক্তি **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' এখানে 'টাপুর টুপুর' অব্যয় পদের দ্বিরুক্তি। যা দ্বারা ধ্বনিব্যঞ্জনা প্রকাশ পেয়েছে। এরূপ আরও একটি উদাহরণ- ঝির ঝির করে বাতাস বইছে।

**০৩. কোনটি ধনাত্মক দ্বিরুক্তির উদাহরণ?** [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]

(ক) ঝম-ঝম (খ) তাল-তাল
(গ) রাশি-রাশি (ঘ) ঘন-ঘন **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দু'বার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি যেমন- টাপুর টুপুর, হনহন, ঝম ঝম প্রভৃতি।

**০৪. বিশেষ্য পদযোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৭]*

ক. ভালো-ভালো আম খ.যে-যে যাবে
গ. বাড়ি-বাড়ি যাব ঘ.লাল-লাল ফুল **উত্তর: গ**

**০৫. বিশেষ্য পদ যোগে গঠিত দ্বিরুক্ত শব্দ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৬]*

ক. বাড়ি-বাড়ি যাব খ.ভালো-ভালো আম
গ. যে-যে যাবে ঘ.লাল-লাল **উত্তর: ক**

## ব্যাকরণ

**০১। ব্যাকরণের কাজ কী?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]*

ক. ভালো বক্তা তৈরি করা খ. নতুন ভাষা তৈরি করা
গ. দ্রুত পড়া ও লেখা শেখানো ঘ. ভাষার অভ্যন্তরীণ শৃঙ্খলা রক্ষা করা
**উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** মানুষ ভাষা দ্বারা মনের ভাব প্রকাশ করে এবং ব্যাকরণ মনের ভাবকে শুদ্ধরূপে প্রকাশ করতে সাহায্য করে। ব্যাকরণের কাজ ভাষার অভ্যন্তরীণ নিয়ম ও শৃঙ্খলা সম্বন্ধে তথ্য পরিবেশন ও জ্ঞান দান করা।

**০২. ব্যাকরণ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]*

(ক) বিশেষভাবে বিশ্লেষণ (খ) সাধারণ সংশ্লেষণ
(গ) বিশেষভাবে সংযোজন (ঘ) সাধারণ বিশ্লেষণ **উত্তর: ক**

**ব্যাখ্যা:** 'ব্যাকরণ' শব্দটির বুৎপত্তিগত অর্থ বিশেষ ভাবে বিশ্লেক্ষা। যে শাস্ত্রে কোনো ভাষার বিভিন্ন উপাদানের প্রকৃতি ও স্বরূপের বিচার বিশ্লেষণ করা হয় এবং বিভিন্ন উপাদানের সম্পর্ক নির্ণয় ও প্রয়োগবিধি বিশদ ভাবে আলোচিত হয়, তাকে ব্যাকরণ বলে।

- ব্যাকরণের প্রধান কাজ হচ্ছে ভাষার বিশ্লেষণ।
- ব্যাকরণের মূল ভিত্তি ভাষা।

**০৩. ব্যাকরণ শব্দটি হলো**— *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) তৎসম (খ) অর্ধ-তৎসম
(গ) তদ্ভব (ঘ) দেশি **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** ব্যবরণ ( বি + আ + $\sqrt{}$কৃ + অন) শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বিশেষভাবে বিশ্লেষণ।

### ☐ বাংলা ব্যাকরণে আলোচ্য বিষয় ঃ

**১. 'সন্ধি' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) বাক্য প্রকরণ (খ) রূপতত্ত্ব
(গ) ধ্বনিতত্ত্ব (ঘ) পদক্রম **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ**
ক) শব্দতত্ত্ব বা রূপতত্ত্বে আলোচ্য বিষয় : শব্দ, শব্দরূপ, শব্দদ্বৈত, প্রকৃতি-প্রত্যয়, পুরুষ, কারক, বিভক্তি, উপসর্গ, অনুসর্গ, সমাস, বচন, লিঙ্গ, পদ প্রভৃতি।
খ) বাক্যতত্ত্বে আলোচ্য বিষয়। বাক্য বাক্যবিন্যাস, পদবিন্যাস, ছেদচিহ্ন, বাগধারা প্রভৃতি
গ) ধ্বনিতত্ত্বে আলোচ্য বিষয় ধ্বনি উচ্চারণপ্রণালী ও উচ্চারণের স্থান, সন্ধি বা ধ্বনিসংযোগ, ণ-ত্ব বিধি ও ষ-ত্ব বিধি, ধ্বনির পরিবর্তন ও লোপ, ধ্বনির বা বর্ণের বিন্যাস প্রভৃতি।

**২. "বাগধারা" কোথায় আলোচিত হয়?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) শব্দতত্ত্বে (খ) বাক্যতত্ত্বে
(গ) ধ্বনিতত্ত্বে (ঘ) রূপতত্ত্বে **উত্তর: খ**

**৩. ব্যাকরণের কোন অংশে কারক সম্বন্ধে আলোচনা করা হয়?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. ধ্বনিতত্ত্বে খ. অর্থতত্ত্বে
গ. বাক্যতত্ত্বে ঘ. রূপতত্ত্বে **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** প্রকৃতি - প্রত্যয়, পুরুষ,কারক - বিভক্তি, বচন,পদ প্রভৃতি শব্দতত্ত্ব বা রূপতত্ত্বে আলোচিত হয়।

## ব্যাকরণ বিষয়ক গ্রন্থ

**০১. 'গৌড়ীয় ব্যাকরণ' কার রচনা?** *[সরকারি মাধ্যমিক বিদ্যালয়: সহকারী শিক্ষক ২০১৯]*

ক) সুনীতিকুমার চট্টোপাধ্যায় খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
গ) রাজা রামমোহন রায় ঘ) রঙ্গলালবন্দ্যোপাধ্যায় **উত্তর: গ**

**০২. রাজা রামমোহন রচিত বাংলা ব্যাকরণের নাম**— *[খাদ্য মন্ত্রণালয়ের উপসহকারী প্রকৌশলী (সিভিল) ২০১৬]*

ক. গৌড়ীয় ব্যাকরণ খ. ভাষা ও ব্যাকরণ
গ. বর্ণ পরিচয় ঘ. সরল বাংলা ব্যাকরণ **উত্তরঃ ক**

**ব্যাখ্যা:** রাজা রামমোহন রায় প্রথম বাঙালি যিনি বাংলা ভাষায় প্রথম বাংলা ব্যাকরণ রচনার জন্য বিখ্যাত হয়ে আছেন। তার রচিত বাংলা ব্যাকরণের নাম 'গৌড়ীয় ব্যাকরণ'।

**০৩. ভাষা প্রকাশ বাঙ্গালা ব্যাকরণ গ্রন্থের রচয়িতা কে?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) -২০১৪]*

ক. সুকুমার সেন খ. সুকুমারী ভট্টাচার্য
গ. নিহার রঞ্জন রায় ঘ. সুনীতিকুমার চট্টোপাধ্যায় **উত্তরঃ ঘ**

## বাক্যের প্রকার

**০১. গঠন অনুসারে বাক্য কত প্রকার?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]*

ক. দুই প্রকার খ. পাঁচ প্রকার
গ. ছয় প্রকার ঘ. তিন প্রকার **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** গঠন অনুসারে বাক্য তিন প্রকার। যথা : সরল বাক্য, জটিল বাক্য ও যৌগিক বাক্য।

## দোষে দুষ্ট

**০১. 'সকল শিক্ষকগণ আজ উপস্থিত' বাক্যটি কোন দোষে দুষ্ট? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. গুরুচণ্ডালী দোষ খ. বিদেশি শব্দ দোষ
গ. দুর্বোধ্যতা দোষ ঘ. বাহুল্য দোষ **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে। যেমন- সকল শিক্ষকগণ আজ উপস্থিত। 'শিক্ষকগণ' বহু বচনবাচক শব্দ। এর সঙ্গে সকল শব্দটির অতিরিক্ত ব্যবহার বাহুল্য দোষ সৃষ্টি করেছে। বাক্যটির শুদ্ধরূপ - সকল শিক্ষক আজ উপস্থিত অথবা শিক্ষকগণ আজ উপস্থিত।

## সরল/ জটিল/ যৌগিক বাক্য

**০১. 'লোকটি যদিও ধনী, তবুও সে কৃপণ' কোন ধরনের বাক্য? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক) খণ্ড খ) যৌগিক
গ) সরল ঘ) জটিল **উত্তর : ঘ**

**ব্যাখ্যাঃ** গঠন অনুযায়ী বাক্য তিন প্রকার । যথা: সরল, মিশ্র বা জটিল ও যৌগিক বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন- 'যদিও তার টাকা

**০২. 'তার টাকা আছে কিন্তু দান করেন না' কোন ধরনের বাক্য?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. সরল খ. খণ্ড
গ. যৌগিক ঘ. জটিল **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** যৌগিক বাক্যের অর্ন্তগত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি, তবে প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে। যেমন - 'তার টাকা আছে কিন্তু দান করেন না। আছে, তবুও তিনি দান করেন না'।

**০৩. 'একটু আগে যিনি এখানে এসেছিলেন তিনি আমার আত্মীয় নন'- কোন ধরনের বাক্য? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. যৌগিক খ. সরল
গ. খণ্ড ঘ. জটিল **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** 'তিনি আমার আত্মীয় নন' (প্রধান খণ্ডবাক্য) ও 'একটু আগে যিনি এখানে এসেছিলেন' (আশ্রিত বাক্য) পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়েছে। সুতরাং প্রদত্ত বাক্যটি একটি মিশ্র বা জটিল বাক্য।

**০৪. "তিনি অনেক দিন ধরে বহুকষ্ট করে সাঁতার শিখেছেন।" কোন ধরনের বাক্য? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. সরল খ. খণ্ড
গ. জটিল ঘ. যৌগিক **উত্তরঃ ক**

**ব্যাখ্যাঃ** তিনি (কর্তা) অনেক দিন ধরে বহুকষ্ট করে (অসমাপিকা ক্রিয়া) সাঁতার শিখেছেন (সমাপিকা ক্রিয়া)। বাক্যটিতে একটি মাত্র কর্তা এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া আছে। সুতরাং এটি একটি সরল বাক্য।

**০৫. 'বুঝে শুনে উত্তর দাও নতুবা ভুল হবে' বাক্যটি কোন শ্রেণির? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. জটিল খ. মিশ্র
গ. যৌগিক ঘ. সরল **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** যৌগিক বাক্যের অর্ন্তগত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি, নতুবা প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত বা সমন্বিত থাকে।

**০৬. "আমি যাব তবে কাল যাব"- এটি কি ধরনের বাক্য? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. যৌগিক বাক্য খ. জটিল বাক্য
গ. মিশ্র বাক্য ঘ. সরল বাক্য **উত্তরঃ ক**

**ব্যাখ্যাঃ** পরস্পর নিরপেক্ষ দুইটি সরল বাক্য (১) আমি যাব (২) কাল যাব - 'তবে' অব্যয় যোগে সংযুক্ত আছে। সুতরাং 'আমি যাব তারে কাল যাব' বাক্যটি একটি যৌগিক বাক্য।

**০৭. কোনটি যৌগিক বাক্য ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক) তুমি আমার বাড়িতে আসলে আমি খুশি হব
খ) তুমি আমার বাড়িতে এস, আমি খুশি হব
গ) তুমি যদি আমার বাড়িতে আস আমি খুশি হব
ঘ) তুমি আমার বাড়িতে না আসলে আমি অখুশি হব **উত্তরঃ খ**

**ব্যাখ্যাঃ** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য বলে। যেমন– সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।

**০৮. যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলরে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) যৌগিক বাক্য খ) মিশ্র বাক্য
গ) সরল বাক্য ঘ) জটিল বাক্য **উত্তরঃ খ,ঘ**

**ব্যাখ্যাঃ** যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যেমন যদি তোর ডাক শুনে কেউ না আসে তবে একলা চলো রে। অতএব খ ও ঘ দুটিই সঠিক।

**০৯. তার বয়স বেড়েছে,কিন্তু বুদ্ধি বাড়েনি। —কোন ধরনের বাক্য? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**

(ক) যৌগিক (খ) মিশ্র
(গ) সরল (ঘ) জটিল **উত্তরঃ ক**

**ব্যাখ্যাঃ যৌগিক বাক্য :** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে তাকে যৌগিক বাক্য বলে। যৌগিক বাক্যের অর্ন্তগত নিরপেক্ষ বাক্যগুলো এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি প্রভৃতি অব্যয় যোগে সংযুক্ত থাকে। যেমন : তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি। বিপদ ও দুঃখ এক সময়ে আসে।

**১০. "হযরত মুহম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব বাক্যটি নিম্নোক্ত কোন শ্রেণীর বাক্য?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) মিশ্র (খ) জটিল
(গ) যৌগিক (ঘ) সরল **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** যে বাক্যে একটি মাত্র কর্তা বা উদ্দেশ্য এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া বা বিধেয় থাকে তাকে সরল বাক্য বলে।

**১১. হয় রওনা হও নতুবা গাড়িতে ওঠো এটি কোন ধরনের বাক্য?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]*

(ক) সরল বাক্য (খ) যৌগিক বাক্য
(গ) জটিল বাক্য (ঘ) মিশ্র বাক্য **উত্তরঃ গ,ঘ**

**ব্যাখ্যাঃ** যে বাক্যে একটি প্রধান খন্ডবাক্যের এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে।

২৯. 'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ? *[১৬তম শিক্ষক নিবন্ধন -স্কুল পর্যায় (সেট: ০৩) : ২০১৯/ সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫/১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) -২০১৪]*
ক. হিন্দি খ. উর্দু
গ. পর্তুগিজ ঘ. গ্রিস **উত্তরঃ গ**

৩০. চশমা কোন ভাষার শব্দ? *[দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫]*
ক. আরবি খ. সংস্কৃত
গ. পর্তুগীজ ঘ. ফারসি **উত্তরঃ ঘ**

৩১. 'হরতাল' শব্দটি কোন ভাষার? *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-২০১৯/১১তম শিক্ষক নিবন্ধন পরীক্ষা (স্কুল/সমপর্যায় ২) -২০১৪/৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]*
ক. ওলন্দাজ খ. তুর্কি
গ. হিন্দী ঘ. গুজরাটি **উত্তরঃ ঘ**

৩২. নামায শব্দটি কোন ভাষা থেকে এসেছে? *[সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫]*
ক. আরবি খ. সংস্কৃত
গ. ফরাসি ঘ. ফার্সি **উত্তরঃ ঘ**

৩৩. 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে নিয়োগ-২০১৭]*
ক. ওলন্দাজ ভাষা খ. ফারসি ভাষা
গ. পর্তুগিজ ভাষা ঘ. দেশি ভাষা **উত্তরঃ গ**

৩৪. 'আল্লাহ' শব্দটি? *[শিক্ষা মন্ত্রণালয় নিয়োগ পরীক্ষা-২০১৭]*
a) পাঞ্জাবী b) চীনা
c) দেশি d) আরবী **ans. D**

৩৫. 'আদালত' শব্দটি কোন ভাষার শব্দ? *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) আরবি (খ) বাংলা
(গ) পর্তুগিজ (ঘ) ফারসি উত্তরঃ ক

৩৬. পর্তুগীজ ভাষার শব্দ নয় কোনটি? *[শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]*
ক. আনারস খ. আলমারি
গ. গুদাম ঘ. চাহিদা **উত্তর: ঘ**

৩৭. বাংলা ভাষায় ব্যবহৃত 'লেবু' শব্দটি কোন ভাষা হতে আগত? *[থানা সহকারী শিক্ষা অফিসার: ০৪]*
ক. ফরাসি খ. আরবি
গ. ফারসি ঘ. হিন্দি **উত্তরঃ খ**

৩৮. ব্যাকরণ শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? *[১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) -২০১৪]*
ক. নব্য ভারতীয় আর্যভাষা খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. অসমীয়া **উত্তরঃ গ**

৩৯. 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে? *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০]*
ক. হিন্দি খ. পার্সী
গ. তুর্কি ঘ. ফরাসি **উত্তরঃ গ**

৪০. 'কুলি' শব্দটি কোন ভাষা হতে আগত? *[উপজেলা/থানা শিক্ষা অফিসার: ০৪]*
ক. ফার্সি খ. আরবি
গ. বাংলা ঘ. তুর্কি **উত্তরঃ ঘ**

৪১. চা, পিচু, লুচি কোন জাতীয় শব্দ? *[সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১/মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১০]*
ক. বাংলা খ. ফারসি
গ. পর্তুগিজ ঘ. চৈনিক **উত্তরঃ ঘ**

৪২. 'বারান্দা' কোন ভাষা থেকে আগত? *[৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]*
ক. পর্তুগীজ খ. ওলন্দাজ
গ. তুর্কি ঘ. ইংরেজি **উত্তরঃ ক**

৪৩. 'হাসনুহানা' কোন ভাষার শব্দ? *[থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৯]*
ক. পর্তুগিজ খ. হিন্দী
গ. জাপানি ঘ. ফরাসি **উত্তরঃ গ**

৪৪. 'চানাচুর' শব্দটি কোন ভাষা হতে এসেছে? *[শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি শিক্ষক: ০৬]*
ক. হিন্দি খ. উর্দু
গ. আরবি ঘ. চীনা **উত্তরঃ ক**

৪৫. 'লুঙ্গী' শব্দটি কোন ভাষা থেকে আগত? *[থানা সহকারী শিক্ষা অফিসার: ৯৫]*
ক. চীনা খ. বর্মী
গ. পর্তুগিজ ঘ. ফরাসি **উত্তরঃ খ**

৪৬. 'কিন্ডার গার্ডেন' শব্দটি কোন ভাষা থেকে ইংরেজি ভাষায় এসেছে? *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক : ০৩]*
ক. জার্মান খ. জাপানি
গ. পর্তুগিজ ঘ. সংস্কৃত **উত্তরঃ ক**

৪৭. খ্রিস্টান কোন জাতীয় মিশ্র শব্দ? *[১৬তম শিক্ষক নিবন্ধন -স্কুল পর্যায় (সেট: ০৩) : ২০১৯]*
a) ইংরেজি + বাংলা b) ইংরেজি + আরবি
c) ইংরেজি + ফারসি d) ইংরেজি + তৎসম Ans:A

৪৮. নিচের কোনটি মিশ্র শব্দ নয়? *[৯ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১৩]*
ক. বেতার খ. হাট-বাজার
গ. হেড-মাস্টার ঘ. শাক সবজি **উত্তরঃ খ,ঘ**

৪৯. 'খ্রিস্টাব্দ' হচ্ছে - *[সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম গবেষণা কর্মকর্তা ২০১৫]*
ক. তৎসম শব্দ খ. মিশ্র শব্দ
গ. অর্ধ-তৎসম শব্দ ঘ. বিদেশি শব্দ **উত্তরঃ খ**

৫০. নিচের কোন শব্দটি জাপানি ভাষার? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ) - ২০০৭]*
(ক) বাবা (খ) রিকশা
(গ) আয়না (ঘ) ডাক্তার **উত্তর: খ**

**ব্যাখ্যা:**

| | |
|---|---|
| বাবা | তুর্কি |
| আয়না | ফারসি |
| ডাক্তার | ইংরেজি শব্দ |

# বাক্য

০১. ভাষার মূল উপকরণ কি? *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) শব্দ খ) বাক্য
গ) ধ্বনি ঘ) বর্ণ **উত্তর: খ**

**ব্যাখ্যা:** ভাষার মূল উপকরণ/ বৃহত্তম একক - বাক্য।
বাক্যের মৌলিক/মূল উপাদান (উপকরণ) - শব্দ
বাক্যের ক্ষুদ্রতম একক - শব্দ

## বাক্যের বৈশিষ্ট্য

০১. বাক্যে একের পর অন্য পদ শোনার ইচ্ছাকে কি বলে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) আকাঙ্ক্ষা খ) দৃঢ়তা
গ) আসত্তি ঘ) যোগ্যতা **উত্তর: ক**

**ব্যাখ্যা:** বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাই আকাঙ্ক্ষা। বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মিলন বন্ধনের নাম যোগ্যতা।

ব্যাখ্যা: যেসব শব্দ সংস্কৃত ভাষা থেকে কিছুটা বিকৃত হয়ে বাংলা ভাষায় গৃহীত ও ব্যবহৃত হয়েছে, সেসব শব্দকে অর্ধতৎসম শব্দ বলে। যেমন- গিন্নি, জ্যোছনা, ছেরাদ্দ, বোষ্টম, কুচ্ছিত। হস্তি ও লুঙ্গি যথাক্রমে সংস্কৃত ও ফারসি শব্দ।

০৬. **কোনটি তদ্ভব শব্দ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. সূর্য খ. চাঁদ
গ. চন্দ্র ঘ. গগন **উত্তর: খ**
ব্যাখ্যা: যে সব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তনের ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলায় স্থান করে নিয়েছে, সে সব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ। যেমন- চন্দ্র সংস্কৃত > চন্দ প্রাকৃত > চাঁদ তদ্ভব।

০৭. **'চানাচুর' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. চীনা খ. হিন্দি
গ. উর্দু ঘ. আরবি **উত্তর: খ**
ব্যাখ্যা: হিন্দি শব্দ : কাহিনি, কাছারি, গাং, চানাচুর, চামেলী, টুপি, ঠান্ডা, ধুতি, পানি প্রভৃতি।

০৮. **নিচের কোনটি মিশ্র শব্দ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. ফটোকপি খ. হরতাল
গ. আলকাতরা ঘ. খ্রিষ্টাব্দ **উত্তর: ঘ**
ব্যাখ্যা: কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। যেমন - খ্রিষ্টাব্দ (ইংরেজি + তৎসম)।

০৯. **নিচের কোনটি তৎসম শব্দ?** *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-২০১৯/স্কুল শিক্ষক নিবন্ধন (রেজিস্ট্রেশন)ঃ ১০]*
ক. চাঁদ/ চন্দ্র খ. ভবন
গ. বালতি ঘ. হরতাল **উত্তরঃ খ**

১০. **কোন শব্দটি ফরাসি ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?** *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-২০১৯]*
a) সাথী b) লাইব্রেরি
c) প্রোগ্রাম d) বিলাস Ans: Note
ব্যাখ্যা: ফরাসি শব্দগুলো হলোঃ ওলন্দাজ, দিনেমার, ক্যাফে, রেস্তরা, আপাত, ডিপো, কার্তুজ, কুপন, বুর্জোয়া, রেনেসাস ইত্যাদি।

১১. **'গিন্নি' কোন শ্রেণির শব্দ?** *(প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ ধাপ) ২০১৯/ দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ পর্যায়) ২০১৫)*
ক) দেশি খ) বিদেশি
গ) তদ্ভব ঘ) অর্ধ-তৎসম উত্তরঃ ঘ

১২. **নিচের কোনটি পর্তুগিজ শব্দ?** *[সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক ২০১৯]*
গ) চাকু খ) আলপিন
ক) চামচ ঘ) ছুরি **উত্তর: খ**

১৩. **কোনটি ফারসি শব্দ?** *[১৬তম শিক্ষক নিবন্ধন, কলেজ/সমপর্যায়ঃ ২০১৯]*
a) চাবি b) চাকর
c) চাহিদা d) চশমা Ans:D

১৪. **'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** *[১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]*
ক. তুর্কি খ. ফারসি
গ. পর্তুগিজ ঘ. আরবি **উত্তর: ঘ**
[Note: 'বেগম' শব্দটি বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধান অনুযায়ী তুর্কি ও নবম-দশম শ্রেণির বাংলা ভাষার ব্যাকরণ অনুযায়ী ফারসি শব্দ।]

১৫. **নিচের কোনটি অর্ধতৎসম শব্দ?** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে নিয়োগ-২০১৭]*
ক. গিন্নি খ. গঞ্জ
গ. হস্ত ঘ. তসবি **উত্তরঃ ক**

১৬. **তদ্ভব শব্দের উদাহরণ কোনটি?** *[সেকেন্ডারি এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রোগ্রাম থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ২০১৫]*
(ক) চন্দ্র (খ) চন্দ্রিমা
(গ) চন্দ (ঘ) চাঁদ **উত্তরঃ ঘ**

১৭. **'আদালত' শব্দটি কোন ভাষার শব্দ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) আরবি (খ) বাংলা
(গ) পর্তুগিজ (ঘ) ফারসি **উত্তর: ক**
ব্যাখ্যা: আল্লাহ, আদব, ইসলাম, ঈমান, কবুল, জান্নাত, জাহান্নাম, হায়াত, শহীদ, গায়েব, নগদ, তারিখ, দলিল, আদালত প্রভৃতি আরবি শব্দ।

১৮. **কোনটি তদ্ভব শব্দের উদাহরণ?** *[১০ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) -২০১৪]*
ক. মই খ. জোছনা
গ. পাতা ঘ. কাগজ **উত্তরঃ খ,গ**

১৯. **উৎপত্তি অনুসারে শব্দের শ্রেণি বিভাগ কত প্রকার?** *সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ২০১১]*
ক. চারটি খ. দুইটি
গ. পাঁচটি ঘ. তিনটি **উত্তরঃ গ**

২০. **বাংলা ভাষার শব্দ সম্ভারকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?** *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]*
ক. দুইটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি **উত্তর: ঘ**

২১. **'ব্যাকরণ' শব্দটি --** *[৮ম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা ২০১২]*
ক. বাংলা খ. সংস্কৃত
গ. বিদেশী ঘ. তদ্ভব **উত্তরঃ খ**

২২. **গিন্নী, কেষ্ট শব্দ দুটি কোন ধরনের শব্দ?** *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪]*
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. দেশী ঘ. বিদেশী **উত্তরঃ খ**

২৩. **নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ?** *[১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়)-২০১৪]*
ক. গিন্নী খ. হস্ত
গ. গঞ্জ ঘ. তসবি **উত্তরঃ ক**

২৪. **নিচের কোনটি অর্ধ তৎসম শব্দ ?** *[৭ম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]*
ক. কুচ্ছিত খ. ভবন
গ. পাত্র ঘ. গৃহিনী **উত্তর: ক**

২৫. **অর্ধ তৎসম শব্দের উদাহর** *[শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা- ২০১১]*
ক. গঞ্জ খ. চাঁদ
গ. পিতা ঘ. গিন্নী **উত্তরঃ ঘ**

২৬. **কোনটি দেশি শব্দ? [স্কুল শিক্ষক নিবন্ধন (রেজিস্ট্রেশন)ঃ ১০]**
ক. গিন্নি খ. কৃপণ
গ. টোপর ঘ. মাথা **উত্তরঃ গ**

২৭. **কোনটি দেশি শব্দের উদাহরণ?** *[১৬তম শিক্ষক নিবন্ধন -স্কুল পর্যায় (সেটঃ ০৩) : ২০১৯]*
ক. সাদা খ. পানি
গ. রুমাল ঘ. গঞ্জ **উত্তরঃ ঘ**

২৮. **'কাঁচি' কোন ধরনের শব্দ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-পিটিসি]*
ক. আরবি খ. ফারসি
গ. হিন্দি ঘ. তুর্কি **উত্তরঃ ঘ**
ব্যাখ্যা: তুর্কি শব্দ - আলখাল্লা, উজবুক, কাঁচি, কাবু, কুর্নিশ, কোর্তা, বন্দুক, লাশ, সুলতান ইত্যাদি।

থাকে। মাথা শব্দটি একাধিক অর্থ রয়েছে। যেমন— ক. মাথা ধরা অর্থ রোগ বিশেষ, খ. গাঁয়ের মাথা অর্থ মোড়ল, গ. মাথা ব্যাথা অর্থ আগ্রহ ঘ. মাথা খাওয়া অর্থ শপথ করা ঙ. মাথা দেওয়া অর্থ দায়িত্ব গ্রহণ চ. মাথা ঘামানো অর্থ ভাবনা করা ছ. মাথাপিছু অর্থ জনপ্রতি।

**১২. "অর্ঘ্য" শব্দের অর্থ কি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**

(ক) পূজার উপকরণ (খ) পূজার বাদ্য
(গ) পূজার মণ্ডপ (ঘ) পূজার আধার **উত্তর: ক**

**ব্যাখ্যা:** অর্ঘ্য - পূজার উপকরণ, মান্য অতিথিকে বরণের জন্য মালা চন্দন উত্তরীয় উপচার।

**১৩. 'কবুর' শব্দের অর্থ—** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) করণীয় (খ) রাক্ষস
(গ) গন্ধদ্রব্যবিশেষ (ঘ) রাসায়নিক পদার্থ **উত্তর:--**

**ব্যাখ্যা:** বাংলা একাডেমি ব্যবহারিক বাংলা অভিধান অনুযায়ী 'কবুর' শব্দের কোনো অর্থ নেই। তবে 'কবুর' এর স্থলে 'কর্বুর' করা হলে সঠিক উত্তর হবে রাক্ষস (খ)।

**১৪. 'পঞ্চম স্বর'-এর অর্থ কী? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**

(ক) কোকিলের সুরলহরী (খ) পল্লব
(গ) পায়ের পাতা (ঘ) দেবতার আরাধনা **উত্তর: ক**

**১৫. 'বামেতর' শব্দটির অর্থ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. বামচোখ খ. ইতর
গ. বামদিক ঘ. ডান **উত্তর: ঘ**

**১৬. 'মনীষা' শব্দের অর্থ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. নির্বোধ খ. প্রভা
গ. মনস্বিতা ঘ. স্থিরতা **উত্তর: ক**

**১৭. দন্ত-ব-দন্ত কথার অর্থ কি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]**

ক. বন্ধু বনাম বন্ধু খ. খেতে-খেতে
গ. হাতে-হাতে ঘ. আস্তে-আস্তে **উত্তর: গ**

**ব্যাখ্যা:** দন্তবদন্ত - [ফারসি শব্দ] - হাতে হাতে।

**১৮. বেসাতি শব্দের প্রকৃত অর্থ কি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]**

ক. পোষাক খ. সাজসজ্জা
গ. উপকরণ ঘ. কেনাবেচা **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** বেসাতি [ফারসি শব্দ] = পণ্য বিক্রয়ের কাজ।

**১৯. 'শীকর' শব্দের অর্থ কি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]**

ক. শিশির খ. নীহারিকা
গ. জলকণা ঘ. পদ্মফুল **উত্তর: গ**

**ব্যাখ্যা:** শিশির অর্থ-হিম, শবনম, নীহার প্রভৃতি। নীহারিকা অর্থ-নক্ষত্রপুঞ্জ। পদ্মফুল অর্থ-সরোজ, রাজীব, উৎপল কমল, শতদল প্রভৃতি।

**২০. 'ইনকিলাব' শব্দের অর্থ কি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]**

ক. বিপ্লব খ. চিরজীবী
গ. সন্ত্রাস ঘ. আন্দোলন **উত্তর: ক,ঘ**

**ব্যাখ্যা:** ইনকিলাব শব্দের অর্থ-বিপ্লব, বিদ্রোহ, আন্দোলন প্রভৃতি।

**২১. 'ঘোটক শব্দের অর্থ কি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা–২০১৩]**

ক. ঘটক খ. ঘোড়া
গ. উপদেশ ঘ. গতি **উত্তর: খ**

**ব্যাখ্যা:** ঘোটক অর্থ-ঘোড়া, বাজী, অশ্ব, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম প্রভৃতি।

# শব্দ

**০১. এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কি বলে?** *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১১]*

ক. পদ খ. শব্দ
গ. ধাতু ঘ. প্রকৃতি **উত্তর: খ**

## শব্দের অর্থমূলক শ্রেণীবিভাগ

**০১. অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরনের শব্দ?** *[১৫তম শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/সমপর্যায়) ২০১৯]*

ক. যৌগিক খ. মৌলিক
গ. যোগরূঢ় ঘ. রূঢ়ি **উত্তর: ঘ**

**০২. সুহৃদ কী ধরনের শব্দ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. মৌলিক খ. রূঢ়ী
গ. যোগরূঢ় ঘ. যৌগিক **উত্তর: ঘ**

**০৩. কোনটি যোগরূঢ় শব্দ?** *[১৬তম শিক্ষক নিবন্ধন, কলেজ/সমপর্যায়: ২০১৯]*

ক. পঙ্কজ খ. সন্দেশ
গ. প্রবীণ ঘ. গায়ক **উত্তর: ক**

**০৪. যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি?** *[প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়-২০১৯]*

ক. জলদ খ. জলজ
গ. বনজ ঘ. সহজ **উত্তর: ক**

## শব্দের উৎস মূলক শ্রেণীবিভাগ

**০১. নিচের কোনটি তৎসম শব্দ?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]*

ক. মাটি খ. নারিকেল
গ. গেরাম ঘ. চামার **উত্তর: খ**

**ব্যাখ্যা:** 'মাটি' শব্দটি তদ্ভব, যা সংস্কৃত শব্দ 'মৃত্তিকা' থেকে আগত। 'নারিকেল' শব্দটি তৎসম বা সংস্কৃত থেকে আগত। 'গেরাম' শব্দটি অর্ধ তৎসম, যা সংস্কৃত শব্দ 'গ্রাম' থেকে আগত। সংস্কৃত 'চর্মকার' শব্দ থেকে প্রাকৃত চম্মআর হয়ে চামার শব্দের উৎপত্তি।

**০২. 'কিন্ডারগার্টেন কোন ভাষা হতে আগত শব্দ?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]*

(ক) ইংরেজি (খ) পর্তুগিজ
(গ) ওলন্দাজ (ঘ) জার্মানি **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** কিন্ডারগার্টেন (kindergarten) জার্মান ভাষার শব্দ। এর অর্থ শিশুদের বাগান। ১৮৩৭ সালে জার্মান শিক্ষাবিদ ফ্রেডরিক ফ্রোয়েবল কিন্ডারগার্টেন শিক্ষা পদ্ধতির প্রবর্তন করেন।

**০৩. নিচের কোনটি বিদেশি শব্দ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*

ক) কান খ) তার
গ) কাঁচি ঘ) কলম **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** কলম- আরবি, কাঁচি- তুর্কি; কর্ণ (সংস্কৃত) > কন্ন (প্রাকৃত) > কান (বাংলা); কার্য (সংস্কৃত) > কজ্জ (প্রাকৃত) > কাজ (বাংলা)। উল্লেখ্য, 'কাঁচি' কম ওজনবিশিষ্ট অর্থে দেশি শব্দ হিসেবেও ব্যবহৃত হয়।

**০৪. কোনটি 'তৎসম' শব্দ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. বাজনা খ. মানব
গ. সন্ধ্যা ঘ. খোকা **উত্তর: খ,গ**

**ব্যাখ্যা:** মানব, সন্ধ্যা - তৎসম শব্দ। খোকা - তুর্কি শব্দ। বাজনা শব্দটি সংস্কৃত শব্দ থেকে এসেছে।

**০৫. কোনটি অর্ধতৎসম শব্দ ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) হস্তী খ) গোষ্ঠী
গ) গিন্নী ঘ) লুঙ্গি **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** ষ্ণ (অ) প্রত্যয় যোগে গঠিত শব্দ অপত্য, উপাসক, ভাব অর্থে ও সম্পর্ক বোঝাতে ব্যবহৃত হয়। যেমন- ভাব অর্থে ব্যবহৃত ও সাধিত শব্দ কিশোর + ষ্ণ = কৈশোর, শিশু + ষ্ণ = শৈশব ও গুরু + ষ্ণ = গৌরব।

**১২. 'প্রকৃতি' বলতে কি বুঝায়? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**

(ক) শব্দের মূল (খ) শব্দ ও ধাতুর মূল
(গ) ধাতুর মূল (ঘ) প্রত্যয়যুক্ত শব্দ **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** প্রকৃতি দুই প্রকার। যথা - ক্রিয়া প্রকৃতি (ধাতু) এবং নাম প্রকৃতি (প্রাতিপাদিক)

**১৩. 'বিকৃত' শব্দের প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর**— *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) বিকার + ইত (খ) বি + কৃত
(গ) বি+কৃ+ত (গ) বিকৃ + ইত **উত্তর:--**

**ব্যাখ্যাঃ** সঠিক প্রকৃতি ও প্রত্যয় : বি + √কৃ + ত (ক্ত)।

**১৪. ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত করার উদ্দেশ্য কি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]**

ক. নতুন শব্দ গঠন খ. বাক্যে অলঙ্কার
গ. শব্দের মিলন ঘ. ভাষা সংক্ষেপন **উত্তরঃ ক**

**ব্যাখ্যাঃ** নতুন শব্দ গঠনের উদ্দেশ্যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয়।

**১৫. যে ধাতু বা শব্দের শেষে প্রত্যয় যুক্ত হয় তার নাম কি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. কারক খ. বিভক্তি
গ. যতি ঘ. প্রকৃতি **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** ক্রিয়া বা শব্দের মূলই প্রকৃতি।

**১৬. ক্রিয়া বা ধাতুর পরে যে প্রত্যয় যুক্ত হয় তাকে বলে-** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*

(ক) ধাতু প্রত্যয় (খ) শব্দ প্রত্যয়
(গ) কৃৎ প্রত্যয় (ঘ) তদ্ধিত প্রত্যয় **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** নাম বা শব্দের সঙ্গে বা শেষে যেসব প্রত্যয় যোগ হয়ে নতুন শব্দ গঠিত হয়, তাদের তদ্ধিত প্রত্যয় বলা হয়।

**১৭. যে বর্ণ বা বর্ণ সমষ্টি ধাতু বা শব্দের পরে যুক্ত হয়ে নতুন শব্দ গঠন করে তাকে বলে-** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*

(ক) ক্রিয়া (খ) উপসর্গ
(গ) বিভক্তি (ঘ) প্রত্যয় **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যা:** প্রত্যয় দুই প্রকার। যথা- কৃৎ প্রত্যয় এবং তদ্ধিত ক ক্রিয়া গ বিভক্তি প্রত্যয়।

**১৮. প্রত্যয় কত প্রকার?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*

(ক) ২ প্রকার (খ) ৩ প্রকার
(গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার **উত্তরঃ ক**

**ব্যাখ্যা:** প্রত্যয় প্রধানত দুই প্রকার। যথা কৃৎ প্রত্যয় এবং তদ্ধিত প্রত্যয়।

## শব্দের অর্থ

**০১. অনির্বচনীয়' শব্দটির অর্থ** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*

ক) সুনিশ্চিত খ) নির্বাচনযোগ্য নয়
গ) বর্ণনাতীত ঘ) অনিশ্চিত **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** যা বাক্যে প্রকাশ করা যায় না অনির্বচনীয়। অর্থাৎ যা বর্ণনা করা যায় না বা বর্ণনার অতীত, তাই অনির্বচনীয়।

**০২. মাথা খাও, পত্র দিতে ভুলো না। এখানে মাথা খাওয়ার অর্থ কী?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]*

(ক) দিব্যি দেয়া (খ) আস্কারা পাওয়া
(গ) জ্ঞান দেয়া (ঘ) অঙ্গবিশেষ **উত্তর: ক**

**ব্যাখ্যা:** বাংলা ভাষায় এমন বহু শব্দ আছে, যাদের আভিধানিক অর্থের সাথে ব্যবহারিক অর্থের যথেষ্ট প্রভেদ আছে। বহুভাবে এ ধরনের পার্থক্য দৃষ্ট হয়ে থাকে। মাথা শব্দটি একাধিক অর্থ রয়েছে। যেমন— ক. মাথা ধরা অর্থ রোগ বিশেষ, খ. গাঁয়ের মাথা অর্থ মোড়ল, গ. মাথা ব্যাথা অর্থ আগ্রহ ঘ. মাথা খাওয়া অর্থ শপথ করা ঙ. মাথা দেওয়া অর্থ দায়িত্ব গ্রহণ চ. মাথা ঘামানো অর্থ ভাবনা করা ছ. মাথাপিছু অর্থ জনপ্রতি।

**০৩. 'নদীটি উত্তরমুখে প্রবাহিত' এখানে মুখ কোন অর্থ প্রকাশ করে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. প্রত্যাঙ্গ বিশেষ খ. দিক
গ. তিরস্কার ঘ. মর্যাদা **উত্তর: খ**

**০৪. 'কর্মভোগ এড়ানো যায় না'-এখানে 'ক' কোন অর্থ প্রকাশ করে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. কর্তব্য খ. কৃতকর্ম
গ. কপাল ঘ. অনুষ্ঠিত **উত্তর: খ**

**০৫. "এত অল্প টাকায় মাস চলবে না" - এখানে 'চলা' কোন অর্থ প্রকাশ করে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. সময় দেয়া খ. প্রচলিত হওয়া
গ. অবলম্বন করা ঘ. সংকুলান হওয়া **উত্তর: ঘ**

**০৬. "বাবার সামান্য আয়ে সংসারই চলে না, সেখানে আমার বিদেশ যাওয়ার শখ ছেঁড়া চুলে খোপা বাঁধার মতই হাস্যকর"- এ বাক্যে 'ছেঁড়া চুলে খোঁপা বাঁধা' কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. অর্থের অভাব খ. দুরাশা
গ. দুর্ভাগ্য ঘ. বৃথা চেষ্টা **উত্তর: ঘ**

**০৭. "তুমি না বলেছিলে এখানে আসবে"- এখানে 'না' এর ব্যবহার কি অর্থে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. প্রশ্নবোধক গ. না-বোধক
গ. বিস্ময়সূচক ঘ. হ্যাঁ-বোধক **উত্তর: ঘ**

**০৮. "আ মরি বাংলা ভাষা"- এখানে 'আ' দ্বারা কি প্রকাশ হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক. আনন্দ খ. আশা
গ. আবেগ ঘ. আনুগত্য **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** 'আ' (অব্যয়) বিভিন্ন অর্থে ব্যবহৃত হয়। যথা -
(ক) আনন্দ প্রকাশে : আ মরি! বাংলা ভাষা।
(খ) সুখবোধে : আ কি আরাম!
(গ) বিদ্রুপে : আ মরণ আর কী!
(ঘ) স্বস্তিতে : আ! বাঁচা গেল।

**০৯. 'চারটা বাজলে স্কুল ছুটি হবে' – বাক্যে 'বাজলে' কি অর্থে ব্যবহৃত হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**

ক) সম্ভাব্যতা খ) আবশ্যকতা
গ) কারণ ঘ) ইচ্ছা **উত্তর: --**

**ব্যাখ্যাঃ** 'চারটা বাজলে স্কুলের ছুটি হবে' এ বাক্যে 'বাজলে' অসমাপিকা ক্রিয়াটি কার্যপরম্পরা বোঝাতে ব্যবহৃত হয়েছে।

**১০. 'শ্বশ্রূ' এর অর্থ কী? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**

ক. দাড়িগোঁফ খ. অশ্রু
গ. শাশুড়ী ঘ. শশুর **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** 'শ্বশ্রূ' অর্থ শাশুড়ি। শ্মশ্রু অর্থ দাড়িগোঁফ।

**১১. 'মাথা খাও, ভুলিওনা খেয়ো মনে করে'-'মাথা খাও' বলতে বুঝায় —** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. মাথার দিব্যি খ. মাথা ব্যাথা
গ. মাথা খাওয়া ঘ. মাথা ধরা **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** বাংলা ভাষায় এমন বহু শব্দ আছে, যাদের আভিধানিক অর্থের সাথে ব্যবহারিক অর্থের যথেষ্ট প্রভেদ আছে। বহুভাবে এ ধরনের পার্থক্য দৃষ্ট হয়ে

১৩২. **কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৮]*
ক. গীতাঞ্জলী খ. গিতাঞ্জলী
গ.গীতাঞ্জলি ঘ. গিতাঞ্জলি **উত্তর: গ**

১৩৩. **কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (চট্টগ্রাম বিভাগ)-২০০৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৭]*
ক.অধগতি খ.অধঃগতি
গ.অধোগতি ঘ.অধোঃগতি **উত্তর: গ**

১৩৪. **কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৮]*
ক. ভাগিরথি খ. ভাগিরথী
গ. ভাগীরথী ঘ. ভাগীরথি **উত্তর: গ**

১৩৫. **কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৬]*
(ক) কুজ্ঝটিকা (খ) কুজ্জটিকা
(গ)কুজ্ঝটিকা (ঘ) কুজ্ঝটীকা **উত্তর: ক**

১৩৬. **কোনটি শুদ্ধ বানান ?** *[প্রাথমিক বিদ্যালয় (পিইডিপি-২) সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৬]*
(ক) অধ্যাবসায় (খ) অধ্যাবশায়
(গ) অধ্যবসায় (ঘ) অধ্যাবস্বায় **উত্তর: গ**

১৩৭. **কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৫]*
(ক) দ্বন্দ্ব (খ) দ্বন্দ
(গ) দন্দ (ঘ) দন্দ্ব **উত্তর: ক**

১৩৮. **কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৫]*
ক. সান্তনা খ. শান্তনা
গ. সান্ত্বনা ঘ. শান্ত্বনা **উত্তর: গ**

১৩৯. **কোনটি অশুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯০]*
(ক) অনূজ (খ) ভুল
(গ) মানসিক (ঘ) দুর্গতি **উত্তর: ক**

১৪০. **অশুদ্ধ বানান কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৮৯]*
(ক) ভৌগোলিক (খ) ভস্ম
(গ) ভুল (ঘ) জটিল **উত্তর: খ**

## প্রকৃতি ও প্রত্যয়

০১. **'পাঠক' শব্দটির প্রকৃতি ও প্রত্যয় নিচের কোনটি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]*
(ক) পাঠ্য + ণক (খ) পাঠ + আক
(গ) পাঠ + অনক (ঘ) পঠ্ + ণক **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** √পঠ্ (সংস্কৃত ধাতু) + ণক/অক = পাঠক।

০২. **'মেধাবী' শব্দের প্রকৃতি-প্রত্যয় নিচের কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*
ক) মেধা+বিন্ খ) মেধা+বি
গ) মেধাবী ঘ) মেধা + আবী **উত্তরঃ ক**
**ব্যাখ্যাঃ** সংস্কৃত তদ্ধিত বিন (বী) প্রত্যয়ের 'আছে' অর্থে বিশেষণ গঠন: মেধা+বিন = মেধাবী: মায়া+বিন = মায়াবী: যশঃ+বিন = যশস্বী ।

০৩. **'গৌরব' শব্দের প্রকৃতি-প্রত্যয় নিচের কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*
ক. গৌর+অব খ. গুরু + অব
গ. গুরু + ষ্ণ ঘ. গুরু+ষ্ণঃ **উত্তরঃ ঘ**
**ব্যাখ্যাঃ** ষ্ণ (অ) প্রত্যয় যোগে গঠিত শব্দ অপত্য, উপাসক, ভাব অর্থে ও সম্পর্ক বোঝাতে ব্যবহৃত হয়। যেমন- ভাব অর্থে ব্যবহৃত ও সাধিত শব্দ কিশোর + ষ্ণ = কৈশোর, শিশু + ষ্ণ = শৈশব ও গুরু + ষ্ণ = গৌরব।

০৪. **প্রচলিত শব্দটি কোন প্রত্যয় যোগে গঠিত ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক) ই প্রত্যয় খ) ত প্রত্যয়
গ) ঈয় প্রত্যয় ঘ) ইত প্রত্যয় **উত্তর : ঘ**
**ব্যাখ্যা:** প্র + চল্ + ইত = প্রচলিত ইত প্রত্যয় যোগে গঠিত শব্দ। এরূপ আরও কয়েকটি শব্দ কুসুম + ইত = কুসুমিত, তরঙ্গ + ইত = তরঙ্গিত, কণ্টক + ইত = কণ্টকিত।

০৫. **'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু দ্বারা গঠিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. বিদেশি খ. সংস্কৃত
গ. খাঁটি বাংলা ঘ. দেশি **উত্তর: খ**
**ব্যাখ্যা:** √পঠ্ (সংস্কৃত ধাতু) + ণক/অক = পাঠক।

০৬. **কোন শব্দটিতে বিদেশি প্রত্যয় ব্যবহৃত হয়েছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. চালবাজ খ. কানকাটা
গ. বেআক্কেল ঘ. দিগ্গজ **উত্তর: ক**
**ব্যাখ্যা:** চালবাজ = চাল + বাজ (ফারসি তদ্ধিত প্রত্যয়)।
বেআক্কেল = বে (ফারসি উপসর্গ) + আক্কেল।

০৭. **নিচের কোন শব্দটি প্রত্যয় সাধিত? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. খণ্ডিত খ. প্রলয়
গ. অনুপম ঘ. বিশ্বাস **উত্তর: ক**
**ব্যাখ্যাঃ** √ খণ্ড + ত = খণ্ডিত (সংস্কৃত কৃৎ প্রত্যয়)।

০৮. **'কুসুমিত' শব্দের প্রকৃতি প্রত্যয় কোনটি ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক) কুসুম + ত খ) কুসুম + ইত
গ) কুসুম + ঈত ঘ) কুসুম + উত **উত্তর: খ**
**ব্যাখ্যাঃ** ইত-প্রত্যয় যোগে গঠিত 'কুসুমি' শব্দের সঠিক প্রকৃতি-প্রত্যয় কুসুম+ইত। এরূপ আরও কয়েকটি প্রকৃতি-প্রত্যয় – তরঙ্গ + ইত = তরঙ্গিত, কণ্টক + ইত = কণ্টকিত, পল্লব + ইত = পল্লবিত, পুষ্প + ইত = পুষ্পিত।

০৯. **'আগ্নেয়' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক) অগ্নি+ষ্ণেয় খ) অগ্নি + এয়
গ) অগ্নি + য় ঘ) অগ্নী + এয় **উত্তর:ক ,খ**
**ব্যাখ্যাঃ** ষ্ণেয় প্রত্যয় যোগে গঠিত 'আগ্নেয়' শব্দের সঠিক প্রকৃতি প্রত্যয় অগ্নি + ষ্ণেয় ও অগ্নি +এয় দুটিই শুদ্ধ। এরূপ ভগিনী + ষ্ণেয় (এয়) = ভাগিনেয়, বিমাতৃ ষ্ণেয় (এয়) = বৈমাত্রেয়, পথ+ষ্ণেয় (এয়) = পাথেয়।

১০. **শব্দ ও ধাতুর মূলকে বলে--** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
ক. কারক খ. প্রকৃতি
গ. বিভক্তি ঘ. ধাতু **উত্তর: খ**
**ব্যাখ্যাঃ** শব্দ ও ধাতুর মূলকে বলে প্রকৃতি। প্রকৃতি মূলত দুই প্রকার। যথা : ১. নাম প্রকৃতি ও ২. ক্রিয়া প্রকৃতি। ক্রিয়ার মূলকে বলা হয় ধাতু। নামপদের মূল অংশকে বলা হয় প্রকৃতি।

১১. **'কৈশর' (কৈশোর) শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**
ক. কৈশো + র খ কৈ + শোর
গ. কে + শোর ঘ. কিশোর + ষ্ণ **উত্তর: ঘ**

**১০৪. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০/ (কপোতাক্ষ)-২০১০]*
ক. ভবিষ্যৎবাণী খ. ভবিষদ্বাণী
গ. ভবিষ্যৎবানী ঘ. ভবিষ্যতবাণী **উত্তর: খ**
ব্যাখ্যা: ভবিষ্যদ্বাণী - ভবিষ্যতে কী ঘটবে সে বিষয়ে উক্তি।

**১০৫. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১০]*
ক. অদ্যপি খ. অদ্যাপি
গ. অদ্যপী ঘ. অদ্যাপী **উত্তর: খ**
ব্যাখ্যা: অদ্যাপি - এখনও।

**১০৬. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১০]*
ক. সদ্যজাত খ. সদেদআজাত
গ. সদ্যোজাত ঘ. সদ্ব্যজাত **উত্তর: গ**

**১০৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ইছামতি)-২০১০]*
ক. নিরহংকারী খ. নিরহংকার
গ. নিরহংকারি ঘ. নিঃহংকারী **উত্তর: ক, খ**
ব্যাখ্যা: নিরহংকার - দাম্ভিক নয় এমন।

**১০৮. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ইছামতি)-২০১০]*
ক. বাল্মীকি খ. বাল্মীকী
গ. বাল্মিকি ঘ. বাল্মিকী **উত্তর: ক**

**১০৯. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১০]*
ক. সুদণ খ.সূদন
গ. শুদন ঘ.শূদণ **উত্তর: খ**
ব্যাখ্যা: সূদন - বধ।

**১১০. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিতাস)-২০১০]*
ক. তিতীক্ষা খ.তীতিক্ষা
গ. তিতিক্ষা ঘ.তীতীক্ষা **উত্তর: গ**

**১১১. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. প্রতিদ্বন্দী খ.প্রতিদন্দ্বি
গ. প্রতিদ্বন্দ্বী ঘ.প্রতিদ্বন্দী **উত্তর: গ**

**১১২. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০০৯]*
ক. সর্বাঙ্গীণ খ. সর্ব্বাঙ্গীন
গ. সর্বাঙ্গীন ঘ. সর্বাঙ্গিণ **উত্তর: ক**

**১১৩. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০]*
ক. নুন্যাধিক খ. ন্যূনাধিক
গ. ন্যূন্যাধিক ঘ. ন্যূনধিক **উত্তর: খ**

**১১৪. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিতাস)-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৭]*
ক. সুচিস্মিতা খ.শুচিস্মিতা
গ. সূচীস্মিতা ঘ.সুচস্মিতা **উত্তর: খ**
ব্যাখ্যা: শুচিস্মিতার - মৃদু ও নির্মল হাসিযুক্ত।

**১১৫. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিতাস)-২০১০]*
ক. পাসান খ.পাসাণ
গ. পাষাণ ঘ.পাশাণ **উত্তর: গ**
ব্যাখ্যা: পাষাণ - হৃদয়হীন।

**১১৬. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. প্রতিদ্বন্দী খ.প্রতিদন্দ্বি
গ. প্রতিদ্বন্দ্বী ঘ.প্রতিদ্বন্দী **উত্তর: গ**
ব্যাখ্যা: প্রতিদ্বন্দ্বী - প্রতিপক্ষ।

**১১৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৬]*
(ক) শুশ্রূষা (খ) সুশ্রূষা
(গ)শুশ্রুষা (ঘ) শুশ্রূসা **উত্তর: ক**

**১১৮. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০০৯]*
ক. উর্মি খ. উর্মী
গ. ঊর্মি ঘ. ঊর্মী **উত্তর: গ**

**১১৯. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০০৯]*
ক. ঈন্দ্রীয় খ. ঈন্দিয়
গ. ইন্দ্রিয় ঘ. ইন্দ্রীয় **উত্তর: গ**

**১২০. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০০৯]*
ক. নির্ণিমেষ খ. নির্নিমেষ
গ. নির্ণীমেষ ঘ. নীর্নিমেষ **উত্তর: খ**

**১২১. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০০৯]*
ক. লন্ঠন খ. দন্ড
গ. কন্টক ঘ. স্পন্দন **উত্তর: ঘ**

**১২২. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (চট্টগ্রাম বিভাগ)-২০০৮]*
ক. মুহুর্মুহু খ. মূহুর্মূহু
গ. মূহুর্মুহু ঘ. মুহুমূহু **উত্তর: ক**

**১২৩. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্ম)-২০০৯]*
ক.স্বতঃস্ফূর্ত খ. স্বতঃস্ফুর্ত
গ. সত্তোস্ফুর্ত ঘ. সত্ত্বোঃস্ফুর্ত **উত্তর: ক**

**১২৪. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্ম)-২০০৯]*
ক. প্রত্যান্ত খ. আদ্যাক্ষর
গ. মরূদ্যান ঘ. সম্বর্ধনা **উত্তর: গ**

**১২৫. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলী)-২০০৯]*
(ক) প্রণিপাত (খ) নির্মান
(গ) কৃপান (ঘ)রূপায়ন **উত্তর: ক**

**১২৬. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলী)-২০০৯]*
(ক) ধরন (খ) ধারনা
(গ) গ্রহন (ঘ) প্রেরন **উত্তর: ক**

**১২৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ধানসিঁড়ি)-২০০৮]*
ক. শারীরীক খ.শারীরিক
গ. শারিরিক ঘ.শারিরীক **উত্তর: খ**

**১২৮. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০০৮]*
ক. সরিসৃপ খ.সরীসৃপ
গ. শরীসৃপ ঘ.শরিসৃপ **উত্তর: খ**

**১২৯. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দড়াটানা)-২০০৮]*
ক. নীরিক্ষণ খ.নিরীক্ষণ
গ. নীরিক্ষন ঘ.নিরীক্ষন **উত্তর: খ**

**১৩০. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (দড়াটানা)-২০০৮]*
ক.তেজস্ক্রীয়তা খ.তেজষ্কীয়তা
গ.তেজস্ক্রিয়তা ঘ.তেজোস্ক্রিয়তা **উত্তর: গ**

**১৩১. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কংস)-২০০৮]*
ক. দূরিভুত খ. দুরিভুত
গ. দূরীভুত ঘ.দূরীভূত **উত্তর: ঘ**

**৭৯. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. মনহারিণি খ. মনোহারিণী
গ. মনোহারিনি ঘ. মনোহারিণি **উত্তর: খ**

**৮০. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৭]*
ক. গননা খ. গনণা
গ. গণণা ঘ. গণনা **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** গণনা - হিসাব।

**৮১. কোনটি শুদ্ধ বানান ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. অনসূয়া খ. অনুসূয়া
গ. অণুসুয়া ঘ. অণূসূয়া **উত্তর: ক**

**৮২. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. মনহারিনি খ. মণহারিনী
গ. মনোহারিণী ঘ. মণোহারিনি **উত্তর: গ**

**৮৩. কোন বানানটি শুদ্ধ-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১২]*
ক. নীরিক্ষণ খ. নিরীক্ষন
গ. নিরীক্ষণ ঘ. নীরীক্ষণ **উত্তর: গ**

**৮৪. কোনটি শুদ্ধ বানান-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১২]*
ক. স্বায়ত্তসাশন খ. স্বায়ত্তসাশণ
গ. স্বায়ত্তশাসণ ঘ. স্বায়ত্তশাসন **উত্তর: ঘ**

**৮৫. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২]*
(ক) নিরিহ (খ) নিরীহ
(গ) নীরিহ (ঘ) নীরীহ **উত্তরঃ খ**

**৮৬. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (কেলী)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*
(ক) নিশীথ (খ) নিশিথ
(গ) নীশীথ (ঘ) নীশিথ **উত্তরঃ ক**
**ব্যাখ্যা:** নিশীথ - গভীর রাত।

**৮৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২]*
(ক) অন্বেষণ (খ) অন্বেষন
(গ) অন্বেশন (ঘ)অন্বেশণ **উত্তরঃ ক**
**ব্যাখ্যা:** অন্বেষণ - অনুসন্ধান।

**৮৮. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (যমুনা)-২০১২]*
(ক) ভাগীরথী (খ) ভাগিরথী
(গ) ভাগীরথি (ঘ) ভাগিরথি **উত্তরঃ ক**
**ব্যাখ্যা:** ভাগীরথী - গঙ্গার শাখা নদীবিশেষ।

**৮৯. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কর্ণফুলী)-২০১২]*
ক) পসারিণী (খ) পসারিনি
(গ) পসারিনী (ঘ) পসারীনী **উত্তর: ক**
**ব্যাখ্যা:** আনুষঙ্গিক - প্রাসঙ্গিক।

**৯০. কোনটি শুদ্ধ বানান ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কর্ণফুলী)-২০১২]*
(ক) আনুষঙ্গিক (খ) আনুসঙ্গিক
(গ) অনুষঙ্গিক (ঘ) আনূসঙ্গিক **উত্তরঃ ক**

**৯১. কোনটি শুদ্ধ বানান?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*
(ক) সঙকীর্নমনা (খ) সংকির্ণমনা
(গ) সংকীর্নমনা (ঘ) সংকীর্ণমনা **উত্তরঃ ঘ**
**ব্যাখ্যা:** সংকীর্ণমনা - সংকীর্ণমনাচিত্ত।

**৯২. কোন বানানটি শুদ্ধ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*
(ক) রৌদ্রকরজ্জল (খ) রৌদ্রকরোজ্জল
(গ) রৌদ্রকরজ্জ্বল (ঘ) রৌদ্রকরোজ্জ্বল **উত্তরঃ ঘ**

**৯৩. কোনটি শুদ্ধ বানান?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলি)-২০১১/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১০]*
(ক) শশিভুসন (খ) শশিভূষণ
(গ) শসিভূষন (ঘ) শশীভুষণ **উত্তরঃ খ**
**ব্যাখ্যা:** শশিভূষণ - চন্দ্র যার অলংকার বা শিরোভূষণ।

**৯৪. নিচের কোন বানানটি শুদ্ধ ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০১১]*
(ক) বাল্মিকী (খ) বাল্মিকি
(গ) বাল্মীকি (ঘ) বাল্মিকী **উত্তরঃ গ**
**ব্যাখ্যা:** বাল্মীকি - রামায়ণের প্রণেতা।

**৯৫. নিচের কোন বানানটি শুদ্ধ ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০১১]*
(ক) শারীরিক (খ) শারিরীক
(গ) শারিরিক (ঘ) শারীরীক **উত্তরঃ ক**
**ব্যাখ্যা:** শারীরিক - শরীর বিষয়ক।

**৯৬. কোনটি শুদ্ধ বানান?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০১১]*
(ক) আলস্যতা (খ) অলস্য
(গ) আলস্য (ঘ) আলসতা **উত্তরঃ গ**
**ব্যাখ্যা:** আলস্য = অলসতা।

**৯৭. কোন বানানটি শুদ্ধ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (টগর)-২০১১]*
(ক) সায়ত্বশাসন (খ) স্বায়ত্তশাসন
(গ) সায়ত্তশাসন (ঘ) স্বায়ত্বশাসন **উত্তরঃ খ**

**৯৮. নিচের কোন বানানটি অশুদ্ধ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (টগর)-২০১১]*
(ক) জবা কুসুম (খ) তিমির বিদায়ী
(গ) সলীল সমাধী (ঘ) যৌবন সূর্য **উত্তরঃ গ**
**ব্যাখ্যা:** সঠিক বানান হবে- সলিল সমাধি

**৯৯. কোন বানানটি শুদ্ধ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০১১]*
(ক) জ্ঞানতুসিত (খ) জ্ঞানতুষীত
(গ) জ্ঞানতুষিত (ঘ) জ্ঞানতুসিত **উত্তরঃ গ**

**১০০. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হেমন্ত)-২০১০]*
ক. বিভিষীকা খ. বীভিষিকা
গ. বীভিষীকা ঘ. বিভীষিকা **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** বিভীষিকা - ভীতিকর ঘটনা।

**১০১. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হেমন্ত)-২০১০]*
ক. রুপায়ন খ. রূপায়ন
গ. রূপায়ণ ঘ. রুপায়ণ **উত্তর: গ**

**১০২. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য) নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. নিপিড়িত খ. নীপিড়িত
গ. নিপীড়িত ঘ. নিপীড়ীত **উত্তর: গ**

**১০৩. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০]*
ক. নুন্যাধিক খ. ন্যূনাধিক
গ. ন্যূন্যাধিক ঘ. ন্যুনধিক **উত্তর: খ**

**৫৩. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. শিরচ্ছেদ খ. শিরোচ্ছেদ
গ. শিরশ্ছেদ ঘ. শিরাচ্ছেদ **উত্তর: গ**
**ব্যাখ্যা:** শিরশ্ছেদ = শিরঃ + ছেদ।

**৫৪. সঠিক শব্দ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. চলাকালীন খ. চলাকালের সময়ে
গ. চলাকালে ঘ. চলাকালিন সময়ে **উত্তর: গ**

**৫৫. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০১২]*
ক. নির্মিলীত খ. নির্মীলীত
গ. নির্মীলিত ঘ. নির্মিলিত **উত্তর:**
**ব্যাখ্যা:** বাংলা একাডেমির ব্যবহারিক বাংলা অভিধানে এরকম কোনো শব্দ নেই। তবে নিমীলিত শব্দটি আছে, যার অর্থ-মুদ্রিত বা সঙ্কুচিত।

**৫৬. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. পসারিণী খ. পসারিনি
গ. পসারীনী ঘ. পসারিনী **উত্তর: ক**
**ব্যাখ্যা:** পসারি - পন্যবিক্রেতা। স্ত্রী - পসারিণী।

**৫৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৬]*
ক. একান্নবর্তি খ. একান্নবর্ত্তি
গ. একান্নবর্তী ঘ. একান্নবর্ত্তী **উত্তর: গ**
**ব্যাখ্যা:** একান্নবর্তী পরিবার - একসঙ্গে আহার ও বসবাস করে এমন পরিবার, যৌথ পরিবার।

**৫৮. বাংলা বানান রীতি অনুযায়ী কোন দুটি বানানই শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. হাতি/হাতী খ. নারি/নারী
গ. জাতি/জাতী ঘ. দাদি/দাদী **উত্তর: ক,ঘ**
**ব্যাখ্যা:** বাংলা বানান রীতি অনুযায়ী কিছু শব্দের দুটি বানান শুদ্ধ। যেমন- হাতি/ হাতী, দাদি/ দাদী, অহংকার/অহঙ্কার, গাড়ি/গাড়ী, কলস/কলশ।

**৫৯. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. মুহর্মুহ খ. মুহুর্মুহ
গ. মুর্হমুহ ঘ. মুর্হুমুহ **উত্তর: ঘ**

**৬০. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*
ক. সংসপ্তক খ. সংশপ্তক
গ. শংসপ্তক ঘ. শংশপ্তক **উত্তর: খ**
**ব্যাখ্যা:** সংশপ্তক [সম্ + শপ্তক] - যে জয়লাভে দৃঢ় প্রতিজ্ঞ।

**৬১. কোন বানানটি শুদ্ধ ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. অহংকার খ. অহঙ্কার
গ. অহঙ্কার ঘ. ক ও খ দুটিই **উত্তর: ঘ**

**৬২. বিশুদ্ধ বানান কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. দূষণীয় খ. দোষণীয়
গ. দূষণিয় ঘ. দোষণিয় **উত্তর: ক**

**৬৩. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (যমুনা)-২০০৮]*
ক. কৃষিজীবি খ. কৃষিজিবী
গ. কৃষীজিবি ঘ. কৃষিজীবী **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** কৃষিজীবী - চাষাবাদ করে জীবিকা নির্বাহ করে এমন

**৬৪. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. আমাবশ্যা খ. অমাবস্যা
গ. অমাবশ্যা ঘ. অমাবষ্যা **উত্তর: খ**
**ব্যাখ্যা:** অমাবস্যা - কৃষ্ণপক্ষের শেষ তিথি।

**৬৫. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. পঙ্কিল খ. পঙ্কীল
গ. পংকিল ঘ. পংকীল **উত্তর: ক**
**ব্যাখ্যা:** পঙ্কিল - কর্দমাক্ত।

**৬৬. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১০]*
ক. সদ্যাজাত খ. সদ্দোজাত
গ. সদ্যোজাত ঘ. সদ্যজাত **উত্তর: গ**

**৬৭. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হংস)-২০০৮]*
ক. উম্মিলিত খ. উন্মীলিত
গ. উম্মীলীত ঘ. উন্মিলীত **উত্তর: খ**

**৬৮. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পিউনি)-২০১১]*
ক. ক্ষীনজীবী খ. ক্ষীণজিবী
গ. ক্ষীনজিবী ঘ. ক্ষীণজীবী **উত্তর: ঘ**

**৬৯. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. নির্ণিমেষ খ. র্ণিনিমেষ
গ. নির্নিমেষ ঘ. নির্নিমেশ **উত্তর: গ**

**৭০. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. সরিসৃপ খ. সরীসৃপ
গ. শরীসৃপ ঘ. শরিসৃপ **উত্তর: খ**

**৭১. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. তেজস্ক্রীয়তা খ. তেজস্ক্রিয়তা
গ. তেজস্ক্রিয়তা ঘ. তেজেস্ক্রিয়তা **উত্তর: গ**

**৭২. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. রৌদকরজ্জ্বল খ. রৌদ্রকরোজ্জ্বল
গ. রৌদ্রকরজ্জ্বল ঘ. রৌদ্রকরোজ্জল **উত্তর: খ**

**৭৩. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. উন্মিলন খ. উন্মীলন
গ. উন্মিলণ ঘ. উন্মীলণ **উত্তর: খ**

**৭৪. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. প্রণয়িনী খ. প্রনয়িনী
গ. প্রণয়িনি ঘ. প্রনয়ীনী **উত্তর: ক**

**৭৫. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. আদ্যোক্ষর খ. আদ্যাক্ষর
গ. আদ্যক্ষর ঘ. আদ্যাখর **উত্তর: গ**

**৭৬. কোন বানানটি শুদ্ধ ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্ম)-২০০৯]*
ক. ইন্দ্রজালিক খ. ঈন্দ্রজালীক
গ. ঈন্দ্রজালিক ঘ. ঐন্দ্রজালিক **উত্তর:** ক,ঘ

**৭৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিস্তা)-২০১০/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০০৮/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৮]*
ক. বিভিষীকা খ. বিভীষিকা
গ. বীভিষিকা ঘ. বীভিষীকা **উত্তর: খ**

**৭৮. কোন বানানটি শুদ্ধ ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. সমভিব্যহারে খ. সমবিব্যাহারে
গ. সমভিব্যাহারে ঘ. সমবিব্যহারে **উত্তর: গ**

**ব্যাখ্যা** শুদ্ধ বানান ভবিষ্যৎ। অন্যদিকে দীর্ঘজীবি, সমীচিন ও আশির্বাদ এর শুদ্ধরূপ যথাক্রমে দীর্ঘজীবী, সমীচীন ও আশীর্বাদ।

**৩২. নিচের শুদ্ধ বানানটি নির্দেশ করুন** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০০]*

ক. বুদ্ধিজিবি খ. বুদ্ধিজীবী
গ. বুদ্ধিজীবি ঘ. বুদ্ধিজিবী **উত্তর: খ**

**ব্যাখ্যা** এখানে 'বুদ্ধিজীবী' শব্দটির বানান শুদ্ধ। এরূপ আরও কয়েকটি শব্দ— দীর্ঘজীবী, পরজীবী, মৎস্যজীবী, পেশাজীবী, বৃত্তিজীবী ইত্যাদি।

**৩৩. কোন বানানটি অশুদ্ধ?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. উপাচার্য খ. উপাধ্যক্ষ
গ. উপাদান ঘ. উপার্জন **উত্তর: ক**

**ব্যাখ্যা** 'উপ' উপসর্গ যোগে গঠিত শব্দ উপ + আচার্য = উপাচার্য। অর্থ আচার্যের সহকারী বা বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী। এর ইংরেজি পরিভাষা—Vice Chancellor।

**৩৪. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলী)-২০০৯]*

ক. আদ্যক্ষর খ. আদ্যখর
গ. আদ্যাক্ষর ঘ. আদ্যোক্ষর **উত্তর: গ**

**ব্যাখ্যা** আদ্য + অক্ষর = আদ্যাক্ষর, যার অর্থ প্রথম অক্ষর।

**৩৫. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]*

ক. অসমীচীন খ. অসমিচিন
গ. অসমীচিন ঘ. অসমিচীন **উত্তর: ক**

**৩৬. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) মন্ত্রিপরিসদ (খ) মন্ত্রীপরিষদ
(গ) মন্ত্রিপরিষদ (ঘ) মন্ত্রিপরিশদ **উত্তর: গ**

**ব্যাখ্যা** শব্দের শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী, ণী, পরিষদ, তত্ত্ব ইত্যাদি থাকলে তার পূর্বে ঈ-কার না হয়ে সাধারণত ই-কার হয়। যেমন প্রাণিবিদ্যা, প্রতিদ্বন্দ্বিতা, মন্ত্রিপরিষদ প্রভৃতি

**৩৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিতাস)-২০১০]*

(ক) তিতীক্ষা (খ) তীতিক্ষা
(গ) তিতিক্ষা (ঘ) তীতীক্ষা **উত্তর: গ**

**ব্যাখ্যা** তিতিক্ষা - সহনশীলতা,অপরাধ মার্জনা।

**৩৮. নিচের কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (চট্টগ্রাম বিভাগ)-২০০৩]*

(ক) মূহর্ত (খ) মুহূর্ত
(গ) মুহুর্ত (ঘ) মুহর্ত **উত্তর: খ**

**৩৯. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বেণী)-২০০৯]*

(ক) সুশ্রুষা (খ) শুশ্রূষা
(ক) সুশ্রুসা (ঘ) শুশ্রুষা **উত্তর: খ**

**ব্যাখ্যা** শুশ্রূষা - পরিচর্যা, সেবা।

**৪০. কোন শব্দটি ভুল? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**

(ক) মরূদ্যান (খ) কটূক্তি
(গ) পরিপক্ক (ঘ) অঞ্জলি **উত্তর: গ**

**ব্যাখ্যা** পরিপক্ব (পরিপক) - সম্পূর্ণ পাকা; অঞ্জলি - যুক্তকর; মরূদ্যান - মরুভূমিতে অবস্থিত জল ও বৃক্ষাদিপূর্ণ স্থান; কটূক্তি - অশোভন উক্তি।

**৪১. নিচের কোন শব্দটি ভুল? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**

(ক) স্বায়ত্তশাসন (খ) শ্রদ্ধাঞ্জলি
(গ) অভ্যন্তরীণ (ঘ) মুহর্মুহূ **উত্তর: ঘ**

**ব্যাখ্যা** মুহুর্মুহু - ক্রিবিণ, বারবার, ঘনঘন (মুহুর্মুহু গর্জন)

**৪২. অশুদ্ধ শব্দ কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. প্রত্যুষ খ. বীণাপাণি
গ. মূঢ় ঘ. চরিত্র **উত্তর: ক**

**ব্যাখ্যা** প্রতি + উষ = প্রত্যূষ। প্রত্যূষ - ভোর; বীণাপাণি - সরস্বতীদেবী; চরিত্র- চালচলন; মূঢ় - মূর্খ।

**৪৩. শুদ্ধ বানানের শব্দ গুচ্ছ-** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. স্বায়ত্তশাসন, আভ্যন্তর, জন্মবার্ষিক খ. ভবিষ্যত, ভৌগলিক, যক্ষা
গ. যশলাভ, সদ্যোজাত, সম্বর্ধনা
ঘ. ঐক্যতান, কেবলমাত্র, উপরোক্ত **উত্তর: ক**

| কতিপয় শুদ্ধ বানান | | |
|---|---|---|
| ভৌগোলিক | যশোলাভ | যক্ষা |
| ঐকতান | উপর্যুক্ত | সংবর্ধনা |

**৪৪. নিচের কোনটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. সৌজন্যতা খ. সৌজন্যতা
গ. সৌজন্ন ঘ. সৌজন্য **উত্তর: ঘ**

**ব্যাখ্যা** সৌজন্য - সদাচরণ। সৌজন্যতা প্রত্যয়জনিত কারনে অশুদ্ধ।

**৪৫. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. নিরিহ খ. নীরিহ
গ. নীরীহ ঘ. নিরীহ **উত্তর: ঘ**

**৪৬. সঠিক বানান কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*

ক. দধিচী খ. দধীচি
গ. দধিচি ঘ. দধীচী **উত্তর: খ**

**ব্যাখ্যা** দধীচি - পরোপকারের জন্য পুরুষ।

**৪৭. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. ব্যতীত খ. ব্যতিত
গ. ব্যাতীত ঘ. ব্যাতিত **উত্তর: ক**

**ব্যাখ্যা** ব্যতীত - বিনা, ছাড়া।

**৪৮. ভুল বানান কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. সমিতি খ. প্রতিতি
গ. জ্যামিতি ঘ. প্রকৃতি **উত্তর: খ**

**ব্যাখ্যা** প্রতিতি এর সঠিক বানান: প্রতীতি; প্রতীতি শব্দের অর্থ - অন্তদৃষ্টিসম্পন্ন, বুব্দনার ইত্যাদি

**৪৯. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. উন্মিলন খ. উন্মিলণ
গ. উন্মীলণ ঘ. উন্মীলন **উত্তর: ঘ**

**ব্যাখ্যা** উন্মীলন - ১.বিকাশ,উন্মেষ। ২. উদ্ঘাটন।

**৫০. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. রুপায়ন খ. রূপায়ণ
গ. রূপায়ন ঘ. রুপায়ণ **উত্তর: খ**

**ব্যাখ্যা** রূপায়ণ - ১. মূর্তি বা আকার দান, রূপদাণ। ২. বাস্তবে পরিণতকরণ ( পরিকল্পনা রূপায়ণ)।

**৫১. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. মুহুর্মুহু খ. মুহমুহ
গ. মূহূর্মূহ ঘ. মুহূর্মুহ **উত্তর: ক**

**ব্যাখ্যা** মুহুর্মুহু - বারবার,ঘনঘন।

**৫২. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৭]*

ক. ছান্দসিক খ. ছন্দসিক
গ. ছন্দসীক ঘ. ছান্দসীক **উত্তর: ক**

**ব্যাখ্যা** ছান্দসিক - ছন্দ বিষয়ে জ্ঞানসম্পন্ন।

**১৩. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. দুরিভুত খ. দূরীভূত
গ. দুরিভূত ঘ. দূরিভুত **উত্তর: খ**

**১৪. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০০৮/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৮]*
ক. গৃহিনী খ. গৃহিনী
গ. গৃহিণী ঘ. গৃহিনি **উত্তর: গ**
**ব্যাখ্যা** গৃহিণী - গৃহকর্ত্রী, পত্নী।

**১৫. কোনটি সঠিক বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১০/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০০৮]*
ক. অভ্যন্তরীন খ. আভ্যন্তরীন
গ. আভ্যন্তরীণ ঘ. অভ্যন্তরীণ **উত্তর: ঘ**
**ব্যাখ্যা** অভ্যন্তরীণ - ভেতরের।

**১৬. কোন বানানটি শুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. যথাচীত খ. যথোচিত
গ. যথাচিত ঘ. যথচিত **উত্তর: খ**
**ব্যাখ্যা** যথোচিত - যেমন হওয়া উচিত তেমন।

**১৭. কোনটি সঠিক বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. শৌজন্য খ. সৌজন্যতা
গ. সৌজন্য ঘ. সৌজন্নতা **উত্তর: গ**
**ব্যাখ্যা** সৌজন্য - সদাচরণ, ভদ্রতা।

**১৮. কোনটি সঠিক বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. উজ্জ্বল্য খ. ঔজ্জ্বল্য
গ. উজ্জ্বল্য ঘ. ওজ্জ্বল্য **উত্তর: খ**
**ব্যাখ্যা** ঔজ্জ্বল্য - দীপ্তি, প্রখরতা।

**১৯. কোন বানানটি অশুদ্ধ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. ব্রাক্ষণ খ. মনকষ্ট
গ. সমীচীন ঘ. দারিদ্র **উত্তর: গ**
**ব্যাখ্যা** শুদ্ধ বানান : ব্রাহ্মণ (ব্রাক্ষণ); মনস্তকষ্ট (মনকষ্ট); দারিদ্র্য (দরিদ্র)।

**২০. শুদ্ধ শব্দগুচ্ছ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. গণনা, গনিকা, শোনিত খ. গণনা, গণিকা, শোণিত
গ. গণনা, গনিকা, শোনিত ঘ. গণনা, গণিকা, শোনিত **উত্তর: খ**
**ব্যাখ্যা** গণনা বি - সংখ্যাগণন, গণিকা বি - যৌনকর্মী, শোণিত বি - রক্ত।

**২১. শুদ্ধ বানান কোনটি?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০১১/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (কেনী)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (যমুনা)-২০০৮/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৮]*
ক) সমিচীন খ) সমীচীন
গ) সমিচিন ঘ) সমীচিন **উত্তর: খ**
**ব্যাখ্যা** শুদ্ধ বানার সমীচীন; যার অর্থ সংগত, উপযুক্ত, উত্তম। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান- মুমূর্ষু, মুহুর্মুহু, মনীষী, নিশীথিনী, শুশ্রূষা, ত্রিভুজ, পাষাণ, মরীচিকা, সংশপ্তক, কৃষিজীবী, বিকিরণ, দধীচি, মন্ত্রিপরিষদ, তিতিক্ষা, শিরশ্ছেদ।

**২২. 'নামাজ', 'রোজা' কোন দেশি শব্দ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. ফরাসি খ. উর্দু
গ. তুর্কি ঘ. আরবি **উত্তর: ক**
**ব্যাখ্যা** নামাজ, রোজা প্রভৃতি ফারসি শব্দ।

**২৩. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক. দুরিভুত খ. দূরীভূত
গ. দুরিভূত ঘ. দূরিভুত **উত্তর: খ**
**ব্যাখ্যা** দূরীভূত বিণ - দূর করা হয়েছে এমন।

**২৪. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১০]*
ক. দূষণ খ. দুষণ
গ. দূশন ঘ. দুশন **উত্তর: ক**
**ব্যাখ্যা** দূষণ - কলুষিতকরণ, নিন্দা।

**২৫. শুদ্ধ বানান কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. গৃহস্ত খ. গ্রীহস্ত
গ. গৃহস্থ ঘ. গ্রীহস্থ **উত্তর: গ**
**ব্যাখ্যা** গৃহস্থ - সংসার ধর্ম পালন করে এমন।

**২৬. শুদ্ধ বানান কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) আশক্তি খ) আষক্তি
গ) আসক্তী ঘ) আসক্তি **উত্তর: ঘ**
**ব্যাখ্যা** শুদ্ধ বানান আসক্তি; যার অর্থ গভীর অনুরাগ, লিপ্সা।

**২৭. শুদ্ধ বানান কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ইছামতি)-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০১/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯২]*
ক) মুমুর্ষু খ) মুমূর্ষু
গ) মুমুর্ষূ ঘ) মূমর্ষ **উত্তর: খ**
**ব্যাখ্যা** শুদ্ধ বানান মুমূর্ষু, যার অর্থ মৃত্যুকাল আসন্ন এমন, মরণাপন্ন। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান- কৃষিজীবী, পিপীলিকা, স্বায়ত্তশাসন, রীতিনীতি, গোধূলি, অভ্যন্তরীণ, নিরীক্ষণ, মরীচিকা, বিভীষিকা, সমীচীন, মুহুর্মুহু, মনীষী।

**২৮. শুদ্ধ বানান কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) বিভীষিকা খ) বিভিষিকা
গ) বিভীষীকা ঘ) বিভিষীকা **উত্তর: ক**
**ব্যাখ্যা** শুদ্ধ বানান বিভীষিকা, যার অর্থ আতঙ্ক।

**২৯. কোনটি শুদ্ধ বানান?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. ষান্মাসিক খ. সান্মাসিক
গ. ষাণ্মাসিক ঘ. ষাণ্মাসিক **উত্তর: ঘ**
**ব্যাখ্যা** সঠিক বানান ষাণ্মাসিক। গুরুত্বপূর্ণ আরো বানান : পিপীলিকা, শিরশ্ছেদ, নিশীথিনী, সরস্বতী, ভাগীরথী, মুমূর্ষু, মনীষী, সমীচীন, মুহূর্ত, সান্ত্বনা, সন্ন্যাসী, স্বায়ত্তশাসন।

**৩০. কোনটি সঠিক বানান?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০১১]*
ক. নিশীথিনী খ. নিশিথিনি
গ. নিশিথিনী ঘ. নীশিথিনী **উত্তর: ক**

**৩১. শুদ্ধ বানান কোনটি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*
ক. ভবিষ্যৎ খ. দীর্ঘজীবি
গ. সমীচিন ঘ. আশির্বাদ **উত্তর: ক**

জাতিকেই বোঝায় তাকে উভয়লিঙ্গ বলে। যেমন : মানুষ, শিশু, সন্তান, পাখি ইত্যাদি।

০৩. 'বীর' শব্দের বিপরীত লিঙ্গ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (চট্টগ্রাম বিভাগ)-২০০৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯০]
(ক) তেজস্বিনী (খ) বীরাঙ্গী
(গ) বীরাঙ্গনা (ঘ) স্বেচ্ছা + আ
উত্তর: গ

০৪. বাদশার লিঙ্গান্তর কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৩]
(ক) রানী (খ) বাদশানী
(গ) বেগম (ঘ) সম্রাজ্ঞী
উত্তর: গ

০৫. ঈ-প্রত্যয়যোগে লিঙ্গান্তর করা হয়েছে কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৩]
(ক) জেলেনী (খ) অনাথিনী
(গ) ছাত্রী (ঘ) মেছেনী
উত্তর: গ

০৬. নিচের কোন শব্দটি ক্লীবলিঙ্গ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৩]
ক. ফুল খ. মানুষ
গ. মৃগী ঘ. পিতা
উত্তর: ক

০৭. 'ধাত্রী' শব্দটি কোন লিঙ্গ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৯]
(ক) পুংলিঙ্গ (খ) স্ত্রীলিঙ্গ
(গ) ক্লীব লিঙ্গ (ঘ) উভয় লিঙ্গ
উত্তর: খ

০৮. কোনটি নিত্য স্ত্রীলিঙ্গ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]
(ক) সম্রাজ্ঞী (খ) বিধবা
(গ) বেগম (ঘ) দাসী
উত্তর: খ

০৯. 'গরিয়সী' - এর বিপরীত লিঙ্গ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৮৯]
(ক) মহৎ (খ) মহান
(গ) গরীয়ান (ঘ) মহীয়ান
উত্তর: গ

## বচন

০১. 'সাহেব' শব্দের বহু বচন কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]
(ক) সাহেবান (খ) সাহেবকুল
(গ) সাহেবমন্ডলী (ঘ) সাহেবগণ
উত্তর: ক

## শুদ্ধ বানান ও বাক্য

০১. কোন শব্দটির বানান সঠিক? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]
ক. দোষণীয় খ. দূষণীয়
গ. দুষনীয় ঘ. দোষনীয়
উত্তর: খ

**ব্যাখ্যা:** প্রদত্ত অপশন সমূহের মধ্যে সঠিক বনান "দূষণীয়"।

০২. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]
ক. বিকেন্দ্রিকরণ খ. বীকেন্দ্রিকরণ
গ. বীকেন্দ্রীকরণ ঘ. বিকেন্দ্রীকরণ
উত্তর: ঘ

০৩. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]
(ক) অদ্যোাক্ষর (খ) আদ্যক্ষর
(গ) আধ্যক্ষর (ঘ) আদ্যাক্ষর
উত্তর: ঘ

**ব্যাখ্যা:** পবিত্র সরকার প্রমুখ সংকলিত আকাদেমি বানান অভিধান অনুযায়ী আদ্যক্ষর (আদি+অক্ষর) এবং আদ্যাক্ষর (আদ্য+অক্ষর) উভয় বানানই ব্যাকরণসম্মত ও শুদ্ধ। তাই ওই অভিধানে আদ্যক্ষর ও আদ্যাক্ষর উভয় শব্দকে ঠাঁই দেয়া হয়েছে। বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে কেবল আদ্যাক্ষর বানানকে ঠাঁই দেয়া হয়েছে।

০৪. 'জানুয়ারি' বানানে হ্রস্ব ই-কার হবার কারণ কোন শব্দের কারণে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]
ক. তদ্ভব খ. তৎসম
গ. অতৎসম ঘ. সংস্কৃত
উত্তর: গ

**ব্যাখ্যা:** ১৯৮৮ সালে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বাংলা বানানের নিয়মের একটি খসড়া প্রস্তুত করে এবং ১৯৯২ সালে বাংলা একাডেমি প্রমিত বাংলা বানানের নিয়ম প্রণয়ন করে। উভয় নিয়মেই যাবতীয় অতৎসম (অর্ধ তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি) শব্দে কেবল হ্রস্বধ্বনি (ই, ই- কার, উ, উ-কার) ব্যবহারের সুপারিশ করেছে। যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| জানুয়ারী | জানুয়ারি | ঈদ | ইদ |
| একাডেমী | একাডেমি | এজেন্সী | এজেন্সি |
| কেরানী | কেরানি | কোম্পানী | কোম্পানি |
| গরীব | গরিব | চাকরী | চাকরি |
| জরুরী | জরুরি | নবী | নবি |
| টিউশনী | টিউশনি | ডায়েরী | ডায়েরি |

০৫. কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]
ক) ভূবন খ) শূণ্য
গ) ত্রিভুজ ঘ) পূন্য
উত্তর: গ

**ব্যাখ্যা:** শুদ্ধ বানান: ভুবন, শূন্য, পূর্ণ, পুণ্য।

০৬. শুদ্ধ বানান কোনটি লেখা হয়েছে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) পূণ্য খ) ত্রিভুজ
গ) শূণ্য ঘ) ভূবন
উত্তর: খ

**ব্যাখ্যা:** শূণ্য, পুণ্য ও ভূবন শব্দের শুদ্ধরূপ যথাক্রমে শূন্য, পুণ্য ও ভুবন।

০৭. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) জঞ্জাট খ) জঞ্ঝাট
গ) ঝঞ্ঝাট ঘ) ঝঞ্জাট
উত্তর: গ

**ব্যাখ্যা:** শুদ্ধ বানান ঝঞ্ঝাট; যার অর্থ ঝামেলা, অশান্তি, হাঙ্গামা। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ শুদ্ধ বানান - মরীচিকা, মূর্ধন্য, রূপায়ণ, অতিথি, নিরীক্ষণ, স্বায়ত্তশাসন, মনীষী, নিশীথিনী, সমীচীন, মুহুর্মুহু, শুশ্রূষা, মুমূর্ষু, আকাঙ্ক্ষা।

০৮. কোনটি সঠিক বানান? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক) স্বতঃস্ফুর্ত খ) স্বতস্ফূর্ত
গ) স্বতস্ফূর্ত ঘ) সতস্ফুর্ত
উত্তর: গ

**ব্যাখ্যা:** শুদ্ধ বানান স্বতঃস্ফূর্ত; যার অর্থ আপনা থেকে প্রকাশিত।

০৯. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য) নিয়োগ পরীক্ষা-২০১০]
ক) মরীচিকা খ) মরীচিকা
গ) মরিচিকা ঘ) মরিচীকা
উত্তর: খ

**ব্যাখ্যা:** শুদ্ধ বানান মরীচীকা; যার অর্থ গ্রীষ্মকালে মরুভূমির তপ্ত বায়ুর ভিন্ন ভিন্ন স্তর থেকে ভিন্ন মাত্রায় সূর্যরশ্মির প্রতিসরণজনিত দৃষ্টিভ্রম।

১০. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. অথিতি খ. অতীথি
গ. অতিথি ঘ. অতিথী
উত্তর: গ

**ব্যাখ্যা:** অতিথি বি - গৃহে আগত ব্যক্তি, মেহমান।

১১. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. রীতিনীতি খ. রীতিনিতি
গ. রিতীনিতী ঘ. রিতীনীতী
উত্তর: ক

**ব্যাখ্যা:** রীতিনীতি বি - আচার-আচরণ।

১২. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. কনিষ্ঠ খ. কণিষ্ঠ
গ. কনিষ্ট ঘ. কণিষ্ট
উত্তর: ক

**ব্যাখ্যা:** কনিষ্ঠ - সকলের ছোট, অনুজ।

ব্যাখ্যাঃ 'অপ' উপসর্গের ব্যবহার :
ক) বিপরীত অর্থে -অপমান, অপকার, অপচয়;
খ) নিকৃষ্ট অর্থে - অপকর্ম, অপযশ, অপদেবতা।

০৫. **বিদেশি উপসর্গ কোন শব্দে ব্যবহৃত হয়েছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. অবহেলা খ. নিমরাজি
গ. নিখুঁত ঘ. আনমনা **উত্তর: খ**
ব্যাখ্যাঃ অবহেলা = অব (সংস্কৃত উপসর্গ) + হেলা
নিমরাজি = নিম (ফারসি উপসর্গ) + রাজি
নিখুঁত = নি (খাটি বাংলা) + খুঁত
আনমনা = আন (খাটি বাংলা উপসর্গ) + মনা।

০৬. **'পরাজয়ের' শব্দটিতে কোনটি উপসর্গ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) জয়ের খ) এর
গ) জয় ঘ) পরা **উত্তর: ঘ**
ব্যাখ্যাঃ 'পরাজয়' শব্দে 'পরা' হলো উপসর্গ। এখানে 'পরা' উপসর্গটি বিপরীত অর্থে ব্যবহৃত হয়েছে। পরা উপসর্গ দিয়ে বিপরীত অর্থে আরও কিছু শব্দ হলো- পরাভব, পরাধীন, পরাহত, পরাকাষ্ঠা, পরাক্রান্ত, পরায়ন, পরাশক্তি ইত্যাদি।

০৭. **'অঘারাম বাস করে অজপড়া গাঁয়ে' 'অঘা' ও 'অজ' কোন ধরনের উপসর্গ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) খাঁটি বাংলা খ) বিদেশি
গ) তৎসম ঘ) তদ্ভব **উত্তর: ক**
ব্যাখ্যাঃ বাংলা ভাষার উপসর্গ তিন প্রকার । যথা: খাঁটি বাংলা, তৎসম বা সংস্কৃত ও বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ ২১টি ও সংস্কৃত উপসর্গ ২০টি । খাঁটি বাংলা ২১টি উপসর্গ হলো – অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন (উনা), কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা।

০৮. **'সুনাম' শব্দের 'সু' কোন উপসর্গ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) সংস্কৃত খ) বাংলা
গ) আরবি ঘ) ফারসি **উত্তর: খ**
ব্যাখ্যাঃ বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা: বাংলা, তৎসম বা সংস্কৃত ও বিদেশি উপসর্গ। বাংলা উপসর্গ ২১টি ও সংস্কৃত উপসর্গ ২০টি। তবে আ, সু, বি, নি–এ চারটি উপসর্গ বাংলা ও তৎসম উভয় উপসর্গেই রয়েছে। 'সুনাম' শব্দে 'সু' বাংলা উপসর্গ; যা উত্তম অর্থে ব্যবহৃত হয়েছে।

০৯. **'লাজওয়াব' শব্দটির 'লা' কোন ধরনের উপসর্গ?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*
ক. ফারসি উপসর্গ খ. হিন্দি উপসর্গ
গ. ইংরেজি উপসর্গ ঘ. আরবি উপসর্গ **উত্তর: ঘ**
ব্যাখ্যাঃ 'লাজওয়াব' শব্দের 'লা' আরবি উপসর্গ। আরও কয়েকটি আরবি উপসর্গ- আম, খাস, গর ইত্যাদি।

১০. **বিদেশি উপসর্গ কোন শব্দে ব্যবহৃত হয়েছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. অবহেলা খ. নিমরাজি
গ. নিখুঁত ঘ. আনমনা **উত্তর: খ**

১১. **কোনটি খাটি বাংলা উপসর্গ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]*
ক. অজ খ. ফি
গ. অতি ঘ. খাস **উত্তর: ক**
ব্যাখ্যাঃ বাংলা ব্যাকরণে তৎসম, খাঁটি বাংলা ও বিদেশি উপসর্গ রয়েছে। তৎসম উপসর্গ- অতি । খাঁটি বাংলা উপসর্গ- অজ। বিদেশি উপসর্গ- ফি, খাস।

১২. **উপসর্গের কাজ কী? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**
(ক) নতুন শব্দ গঠন (খ) ভাবের পার্থক্য নিরূপণ
(গ) অর্থ পরিবর্তন (ঘ) বর্ণ সংস্করণ **উত্তর: ক**
ব্যাখ্যাঃ 'যেসব অব্যয় ধাতু বা শব্দের পূর্বে বসে নতুন নতুন অর্থের সৃষ্টি করে, তাদের উপসর্গ বলে।

১৩. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) আভাস (খ) অজানা
(গ) গরমিল (ঘ) বেমালুম **উত্তর: খ**
ব্যাখ্যাঃ **বাংলা উপসর্গঃ** বাংলা উপসর্গ মোট একুশটি ঃ অ, অঘা, অজ, অনা, আ, আড়, আন, আব, ইতি, উন, কদ, কু, নি, পাতি, বি, ভর, রাম, স, সা, সু, হা = ২১ টি ।

১৪. **কোনটি খাটি বাংলা উপসর্গ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) অজ (খ) অতি
(গ) ফি (ঘ) খাস **উত্তর: ক**

১৫. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) আভাস (খ) অজানা
(গ) গরমিল (ঘ) বেমালুম **উত্তর: খ**
ব্যাখ্যাঃ অজানা = অ বাংলা উপসর্গ + জানা
গরমিল = গর আরবি উপসর্গ + মিল
বেমালুম = বে ফারসি উপসর্গ + মালুম

১৬. **'কারসাজি' শব্দের কোন ভাষার উপসর্গ আছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৫]*
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃতি ঘ. ইংরেজি **উত্তর: খ**

১৭. **অপমান শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত হয়?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৮]*
ক. বিপরীত খ. নিকৃষ্ট
গ. বিকৃত ঘ. অভাব **উত্তর: ক**

১৮. **বিজ্ঞান শব্দে বি উপসর্গ কি অর্থে ব্যবহৃত হয়েছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৫]*
(ক) বিশেষ (খ) অভাব
(গ) গতি (ঘ) সাধারণ **উত্তর: ক**

১৯. **বাংলা উপসর্গ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]*
(ক) গর (খ) পাতি
(গ) ফুল (ঘ) উৎ **উত্তর: খ**

২০. **খাঁটি বাংলা উপসর্গ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯২]*
(ক) আম (খ) রাম
(গ) সম (ঘ) নিম **উত্তর: খ**

## লিঙ্গ

০১. **'নাটিকা' কোন অর্থে স্ত্রীবাচক শব্দ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**
ক. সাদৃশ্য অর্থে খ. ব্যাঙ্গার্থে
গ. ক্ষুদ্রার্থে ঘ. বৃহদার্থে **উত্তর: গ**
ব্যাখ্যাঃ নাটক থেকে নাটিকা ক্ষুদার্থে স্ত্রীবাচক শব্দ। আরো কয়েকটি ক্ষুদার্থে স্ত্রীবাচক শব্দ : মালা-মালিকা, গীত-গীতিকা, পুস্তক-পুস্তিকা।

০২. **কোনটি উভয়লিঙ্গ বাচক শব্দ?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*
ক. সৈন্য খ. প্রিয়
গ. মানুষ ঘ. টেবিল **উত্তর: গ**
ব্যাখ্যাঃ লিঙ্গ শব্দের অর্থ চিহ্ন বা লক্ষণ। লিঙ্গ প্রধানত চার প্রকার। যথা : পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, উভয় লিঙ্গ ও ক্লীব লিঙ্গ। যা দ্বারা স্ত্রী-পুরুষ উভয়

৬১. **'উদ্যোগ' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি? [রেজিস্টার্ড বেসরকারি** *প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]*
(ক) উদ+যোগ (খ) উৎ+যোগ
(গ) উদ্যো+গ (ঘ) উত+যোগ **উত্তরঃ খ**
**ব্যাখ্যা:** উৎ + যোগ = উদ্যোগ (ব্যঞ্জনসন্ধি)।

৬২. **বিচ্ছিন্ন শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০১১]*
(ক) বিচ+ছিন্ন (খ) বি+ ছিন্ন
(গ) বিৎ+ চ্ছিন্ন (ঘ) বিৎ+ ছিন্ন **উত্তরঃ খ**
**ব্যাখ্যা:** বি + ছিন্ন = বিচ্ছিন্ন ( ব্যঞ্জনসন্ধি)

৬৩. **পাশাপাশি দুইটি ধ্বধ্বনি বা বর্ণের মিলনকে কি বলে?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০১১]*
(ক) উপসর্গ (খ) অনুসর্গ
(গ) সমাস (ঘ) সন্ধি **উত্তরঃ ঘ**
**ব্যাখ্যা:** উপসর্গ: যেসব অব্যয় ধাতু বা শব্দের পূর্বে বসে নতুন নতুন অর্থের সৃষ্টি করে, তাদের উপসর্গ বলে। সমাস : পরস্পর অন্বয়যুক্ত দুই বা ততোধিক পদকে এক পদে পরিণত করার নাম সমাস।
অনুসর্গ : বাংলা ভাষায় যে অব্যয় শব্দগুলো কখনো স্বাধীন পদরূপে, আবার কখনো শব্দ বিভক্তির ন্যায় বাক্যে ব্যবহৃত হয়ে বাক্যের অর্থ প্রকাশে সাহায্য করে, সেগুলোকে অনুসর্গ বলে।

৬৪. **'বৃষ্টি'-এর সন্ধি বিচ্ছেদ কি হবে?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (টগর)-২০১১]*
(ক) বৃ +টি (খ) বৃশ + টি
(গ) বৃষ + তি (ঘ) বৃষ + টি **উত্তরঃ গ**

৬৫. **'অত্যন্ত' এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. অতি+অন্ত খ. অতী+অন্ত
গ. অতৎ+অন্ত ঘ. অত+অন্ত **উত্তর: ক**
**ব্যাখ্যা:** অতি + অন্ত = অত্যন্ত (স্বরসন্ধি)।

৬৬. **'অধোগতি' শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. অধ+গতি খ. অধঃ+গতি
গ. অর্ধ+আগতি ঘ. অধঃ+আগতি **উত্তর: খ**

৬৭. **'লবণ' এর সন্ধি-বিচ্ছেদ -** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. লো+অন খ. লব+অন
গ. লোব+অন ঘ. লু+বন **উত্তর: ক**
**ব্যাখ্যা:** লো + অন = লবণ (স্বরসন্ধি)

৬৮. **'যদ্যপি' এর সন্ধিবিচ্ছেদ -** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. যদ+পি খ. যদি+অপি
গ. যদ+অপি ঘ. যদ্য+অপি **উত্তর: খ**
**ব্যাখ্যা:** যদি + অপি = যদ্যপি (স্বরসন্ধি)।

৬৯. **'সংসার' এর সন্ধিবিচ্ছেদ-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. সং+সার খ. সাং+সার
গ. সম+সার ঘ. সম্+সার **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** সম্ + সার = সংসার (ব্যঞ্জনসন্ধি)।

৭০. **'মনস্তাপ' এর সন্ধিবিচ্ছেদ-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. মন+তাপ খ.মনস+তাপ
গ. মনঃ+তাপ ঘ.মনো+তাপ **উত্তর: গ**

৭১. **'উল্লাস' এর সন্ধিবিচ্ছেদ-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. উৎ+লাস খ.উৎ+লাস
গ. উল+লাস ঘ.উদ্+লাস **উত্তর: ক**
**ব্যাখ্যা:** উৎ + লাস = উল্লাস (ব্যঞ্জনসন্ধি)।

৭২. **'চিরুনি' শব্দটির সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.চিরু+নি খ.চির +উনি
গ. চিরুন + ই ঘ.চির+উন্নি **উত্তর: খ**
**ব্যাখ্যা:** চির + উনি = চিরুনি ( ব্যঞ্জনসন্ধি)

৭৩. **'জমানো' শব্দটির সন্ধি বিচ্ছেদ হচ্ছে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.জমান+ও খ.জমা+ন
গ. জমা+নো ঘ.জমা+আনো **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** জমা + আনো = জমানো ( স্বরসন্ধি)

৭৪. **'ধার' শব্দটির সন্ধিবিচ্ছেদ হচ্ছে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.ধি+অর খ.ধী+অর
গ. ধার+অ ঘ.ধা+ও **উত্তর: -**
[Note : সঠিক সন্ধিবিচ্ছেদ হচ্ছে ধারি+অ, স্বরসন্ধি]

৭৫. **'বৈঠক' শব্দের সন্ধিবিচ্ছেদ হচ্ছে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.বৈঠ+অক খ.বৈ+ঠক
গ. বৈঠ+ক ঘ.বি+ঠক **উত্তর: গ**
**ব্যাখ্যা:** বৈঠ + ক = বৈঠক (ব্যঞ্জনসন্ধি)।

৭৬. **'মোড়ক' শব্দের সন্ধিবিচ্ছেদ হবে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.মোড় + অক খ.মুড়ি + অক
গ. মুড় + অক ঘ.মোড় + ক **উত্তর: গ**
**ব্যাখ্যা:** মুড় + অক = মোড়ক (ব্যঞ্জনসন্ধি)।

৭৭. **'কাঁদুনি' শব্দের সন্ধিবিচ্ছেদ হবে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক.কাঁদ + নি খ.কাঁদো + উনি
গ. কাঁদ + উনি ঘ.কাঁদ + উনি **উত্তর: ঘ**

## উপসর্গ

০১. **বাংলা ভাষায় উপসর্গ কত প্রকার?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. ৬ প্রকার খ. ৩ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৫ প্রকার **উত্তর: খ**
**ব্যাখ্যা:** বাংলা ভাষায় উপসর্গ তিন প্রকার। যথা - খাঁটি বাংলা, সংস্কৃত এবং বিদেশি উপসর্গ।

০২. **কোন শব্দটিতে খাঁটি বাংলা উপসর্গ ব্যবহৃত হয়েছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) গরমিল খ) অজানা
গ) বেমালুম ঘ) আভাস **উত্তর: খ**
**ব্যাখ্যা:** বাংলা ভাষার উপসর্গ তিন প্রকার। যথা : খাঁটি বাংলা, তৎসম বা সংস্কৃত ও বিদেশি উপসর্গ। খাঁটি বাংলা উপসর্গ ২১টি এবং সংস্কৃত উপসর্গ ২০টি। খাঁটি বাংলা 'অ' উপসর্গ যোগে অজানা শব্দটি গঠিত হয়েছে। গরমিল শব্দটি আরবি উপসর্গ 'গর', বেমালুম শব্দটি ফারসি উপসর্গ 'বে' ও আভাস শব্দটি সংস্কৃত উপসর্গ 'আ' দ্বারা গঠিত হয়েছে।

০৩. **কোনটি খাঁটি বাংলা উপসর্গ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. অব খ. অতি
গ. ইতি ঘ. পরি **উত্তর: গ**
**ব্যাখ্যা:** অব, অতি, পরি প্রভৃতি তৎসম উপসর্গ।

০৪. **'অপমান' শব্দের 'অপ' উপসর্গটি কোন অর্থে ব্যবহৃত?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. বিপরীত খ. অভাব
গ. নিখুঁত ঘ. নিকৃষ্ট **উত্তর: ক**

৩৮. **পর্যালোচনা শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*
ক. পর্য + আলোচনা খ. পরি + আলোচনা
গ. পর্যা + লোচনা ঘ. পর্যা + আলোচনা **উত্তর: খ**
**ব্যাখ্যাঃ** পরি + আলোচনা = পর্যালোচনা (স্বরসন্ধি)।

৩৯. **নীরস শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. নি + রস খ. নী + রস
গ. নিঃ + রস ঘ. নীঃ + রস **উত্তর: গ**
**ব্যাখ্যাঃ** নিঃ + রস = নীরস (নিসর্গ সন্ধি)।

৪০. **নাবিক শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০]*
ক. নৌ + ইক খ. ন + ইক
গ. নব + ইক ঘ. নবৌ + ইক **উত্তর: ক**
**ব্যাখ্যাঃ** নৌ + ইক = নাবিক (স্বরসন্ধি)।

৪১. **সদাশয় শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. সদ + আশয় খ. সদা + শয়
গ. সৎ + আশয় ঘ. সৎ + শয় **উত্তর: গ**
**ব্যাখ্যাঃ** সৎ + আশয় = সদাশয় (ব্যঞ্জন সন্ধি)

৪২. **'জনৈক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. জন + এক খ. জনৈ + এক
গ. জনৈ + ক ঘ. জন + ক **উত্তর: ক**
**ব্যাখ্যাঃ** জন + এক = জনৈক (স্বরসন্ধি)।

৪৩. **দর্শনীয় শব্দের সঠিক সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. দৃশ + অনীয় খ. দৃশ্য + অনীয়
গ. দৃশ্য + নীয় ঘ. দৃশ + নীয় **উত্তর: ক**
**ব্যাখ্যাঃ** দৃশ + অনীয় = দর্শনীয় (ব্যঞ্জন সন্ধি)।

৪৪. **কোন বাংলা পদের সাথে সন্ধি হয় না?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বিশেষ্য খ. বিশেষণ
গ. ক্রিয়া ঘ.অব্যয় **উত্তর: ঘ**
**ব্যাখ্যাঃ** সন্নিহিত দুটো ধ্বনির মিলনের নাম সন্ধি।

৪৫. **বহ্ন্যুৎসব শব্দটির সন্ধি-বিচ্ছেদ করলে পাই-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. বহ্ন্য + উৎসব খ. বহ্ন্য + সব
গ. বহ্য + উৎসব ঘ. বহ্নি + উৎসব **উত্তরঃ ঘ**
**ব্যাখ্যাঃ** বহ্নি + উৎসব = বহ্ন্যুৎসব (স্বরসন্ধি)।

৪৬. **পিত্রালয় শব্দের সন্ধি-বিচ্ছেদ হচ্ছে-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. পিতা + আলয় খ. পিত্রা + লয়
গ. পিত্রি + আলয় ঘ. পিতৃ + আলয় **উত্তর: ঘ**
**ব্যাখ্যাঃ** স্বরধ্বনির সাথে স্বরধ্বনির মিলনে স্বরসন্ধি হয়। যেমন-পিতৃ + আলয় = পিত্রালয়।

৪৭. **গায়ক এর সন্ধি বিচ্ছেদ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. গৈ + য়ক খ. গৈ + অক
গ. গা + অক ঘ. গঃ + অক **উত্তর: খ**
**ব্যাখ্যাঃ** গৈ + অক = গায়ক। এটি স্বরসন্ধির উদাহরণ।

৪৮. **কোনটি স্বরসন্ধির উদাহরণ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. নিজস্ব খ. অহরহ
গ. বিদ্যালয় ঘ. দুঃচিন্তা **উত্তর: গ**
**ব্যাখ্যাঃ** বিদ্যা+আলয় = বিদ্যালয় (স্বরসন্ধি)।

৪৯. **বৃষ্টি শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বৃষ + তি খ. বৃষ + টি
গ. বিষ + তি ঘ. বৃ + ষ্টি **উত্তর: ক**
**ব্যাখ্যাঃ** ব্যঞ্জন ধ্বনির সাথে ব্যঞ্জন ধ্বনির মিলনে ব্যঞ্জন সন্ধি হয়।

৫০. **'ভাবুক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. ভাব + উক খ. ভৌ + উক
গ. ভো + উক ঘ. ভৌ + অক **উত্তর: খ**

৫১. **'ইতস্তত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*
ক. ইত+তত খ. ইতঃ+তত
গ. ইতস্ +তত ঘ. ইত+স্তত **উত্তর: খ**

৫২. **'তপোবন' এর সন্ধি বিচ্ছেদ-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. তপঃ+বন খ. তপ+বন
গ. তপোঃ+বন ঘ. তপো+বন **উত্তর: ক**

৫৩. **'নিরাময়' -এর সন্ধি -বিচ্ছেদ-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. নিরা+ময় খ. নির+আময়
গ. নিঃ+ময় ঘ. নির+ময় **উত্তর: খ**

৫৪. **'শুভেচ্ছা' শব্দটির সন্ধি-বিচ্ছেদ করলে হবে-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. শুভ+ইচ্ছা খ. শু+ইচ্ছা
গ. শুভ+ইচ্ছা ঘ. শুভ্ +ছা **উত্তর: ক**

৫৫. **'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. অ+আর্চ খ. আ+চর্য
গ. অতি+চার্য ঘ. আশ+চর্য **উত্তর: খ**
**ব্যাখ্যাঃ** সঠিক উত্তর - আ + চর্য = আশ্চর্য (নিপাতনে সিদ্ধ ব্যঞ্জন সন্ধি)।

৫৬. **পদ্ধতি শব্দের সন্ধি বিচ্ছেদ কোনটি ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১২]*
ক. পদ + হতি খ. পৎ +হতি
গ. পদ + ধতি ঘ. পৎ + ধতি **উত্তর: ক**

৫৭. **'আশ্চর্য' এর সন্ধি বিচ্ছেদ -** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০১২]*
(ক) অ+আর্চ (খ) অতি+চার্য
(গ) আশ+চর্য (ঘ) আ+চর্য **উত্তরঃ ঘ**

৫৮. **'নীরস' এর সন্ধি বিচ্ছেদ-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২]*
(ক) নিঃ + রস (খ) নি + রস
(গ) নী + রস (ঘ) নীঃ + রস **উত্তরঃ ক**

৫৯. **'ক্ষুধার্ত ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২]*
(ক) ক্ষুধা + ঋত (খ) ক্ষুধ + আর্ত
(গ) ক্ষুধা + রত (ঘ) ক্ষুধার + ত **উত্তরঃ ক**

৬০. **'চলচ্চিত্র' শব্দের সন্ধি- বিচ্ছেদ কোনটি?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*
(ক) চলৎ + চিত্র (খ) চল + চিত্র
(গ) চলচি + ত্র (ঘ) চলচ + চিত্র **উত্তরঃ ক**
**ব্যাখ্যাঃ** চলৎ + চিত্র = চলচ্চিত্র (ব্যঞ্জনসন্ধি)।

১৯. **'ব্যর্থ' শব্দটির সন্ধি বিচ্ছেদ হলো—** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) বি + অর্থ (খ) ব্যা + অর্থ
(গ) বি + আর্থ (ঘ) ব্য + অর্থ **উত্তর: ক**
**ব্যাখ্যা:** সন্ধি বিচ্ছেদ ঃ 'ব্যর্থ' → বি + অর্থ।

২০. **'মৃন্ময়' শব্দের সন্ধি বিচ্ছেদ—** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) মৃত + ময় (খ) মৃদ্ + ময়
(গ) মৃৎ + ময় (ঘ) মৃন্+ ময় **উত্তর: গ**
**ব্যাখ্যা:** ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ স্পর্শধ্বনি সেই বর্গীয় ঘোষ স্পর্শধ্বনি কিংবা নাসিক্যধ্বনি হয়। যেমন- মৃৎ + ময় মৃন্ময় (ব্যঞ্জন সন্ধি)।

২১. **কোনটি স্বরসন্ধির উদাহরণ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) দিগন্ত (খ) অহরহ
(গ) বিদ্যালয় (ঘ) দুঃশ্চিন্তা **উত্তর: গ**
**ব্যাখ্যা:** অহ ঃ + অহ = অহরহ (বিসর্গ সন্ধি)
বিদ্যা + আলয় = বিদ্যালয় = (স্বরসন্ধি)
দিক্ + অন্ত = দিগন্ত ( ব্যঞ্জন সন্ধি)

২২. **'রান্না'-এর সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) রান + না (খ) রাদ + না
(গ) রান্ন + আ (ঘ) রাধ + না **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** রাধ্ + না = রান্না (ব্যঞ্জনসন্ধি)

২৩. **কোনটি 'ক্ষুধার্ত' শব্দের সন্ধি-বিচ্ছেদ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*
(ক) ক্ষুধা + আর্ত (খ) ক্ষুৎ + ঋর্ত
(গ) ক্ষুধ + আর্ত (ঘ) ক্ষুধা + ঋত **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** অ/আ + ত = আর (পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ) হয়। যেমন- ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত (স্বরসন্ধি)।

২৪. **সন্ধির উদ্দেশ্য কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. শব্দের মিলন খ. ধ্বনিগত মাধুর্য সৃষ্টি
গ. শব্দগত মাধুর্য সৃষ্টি ঘ. বর্ণের মিল **উত্তর: খ**
**ব্যাখ্যা:** সন্ধির শব্দের অর্থ মিলন। সন্ধির উদ্দেশ্য ধ্বনিগত মাধুর্য সৃষ্টি করা।

২৫. **'বাগাড়ম্বর' শব্দের সন্ধি-বিচ্ছেদ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. বাগ+আম্বর খ. বাগ+আড়ম্বর
গ. বাক + অম্বর ঘ. বাক্+আড়ম্বর **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** বাক্ + আড়ম্বর = বাগাড়ম্বর: ব্যঞ্জন সন্ধি (ক + স্বরধ্বনি = গ + স্বরধ্বনি)।

২৬. **'পদ্ধতি' শব্দের সন্ধি-বিচ্ছেদ করলে পাওয়া যায়-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা)-২০১১]*
ক. পদ + ধতি খ. পদ + হতি
গ. পৎ +ধতি ঘ. পথ + ধতি **উত্তর: খ**
**ব্যাখ্যা:** ব্যঞ্জনধ্বনির সাথে স্বরধ্বনি বা ব্যঞ্জনধ্বনির মিলনে ব্যঞ্জন সন্ধির হয়।

২৭. **'মনস্তাপ' এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. মনঃ + তাপ খ. মন + তাপ
গ. মনস + তাপ ঘ. মনো + তাপ **উত্তর: ক**
**ব্যাখ্যা:** পূর্বপদের শেষ ধ্বনি বিসর্গ এবং পরপদের প্রথম ধ্বনি ব্যঞ্জন কিংবা স্বর ধ্বনি হলে যে সন্ধি হয়, তাই বিসর্গ সন্ধি।

২৮. **কোনটি নিরাময় শব্দের সন্ধি বিচ্ছেদ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. নিরা + ময় খ. নির্ + আময়
গ. নির + ময় ঘ. নিঃ + ময় **উত্তর: খ**
**ব্যাখ্যা:** নির্ + আময় = নিরাময় (ব্যঞ্জন সন্ধি)।

২৯. **'সাহচর্য' শব্দের শুদ্ধ গঠন কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. সাহ + চর + র্য খ. সহচর + য-ফলা
গ. সহচর + য ঘ. কোনোটিই নয় **উত্তর: গ**
**ব্যাখ্যা:** সহচর + য = সাহচর্য (ব্যঞ্জন সন্ধি)।

৩০. **কাঁদুনি শব্দের সন্ধি-বিচ্ছেদ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. কাঁদ + নি খ. কাঁদো + উনি
গ. কাঁদ + ইনি ঘ. কাঁদ + উনি **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** কাঁদ + উনি = কাঁদুনি (স্বরসন্ধি)।

৩১. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. পর + পর = পরস্পর খ. বাক + দান = বাগদান
গ. উৎ + ছেদ = উচ্ছেদ ঘ. সম + সার = সংসার **উত্তর: ক**
**ব্যাখ্যা:** যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে।

৩২. **'স্বাগত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. স্বা + আগত খ. স্বা + গত
গ. সু + আগত ঘ. সা + আগত **উত্তর: গ**
**ব্যাখ্যা:** সু + আগত = স্বাগত: স্বরসন্ধি (উ + আ = বা)

৩৩. **'বিচ্ছেদ' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বিচ্ছি + ছেদ খ. বি + ছেদ
গ. বিৎ + ছেদ ঘ. বিচ্ + ছেদ **উত্তর: খ**
**ব্যাখ্যা:** বি + ছেদ = বিচ্ছেদ: ব্যঞ্জন সন্ধি (ই + ছ = ই + চ্ছ)

৩৪. **'উন্নত' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. উৎ + নত খ. উন্নী + ত
গ. উৎ + নীত ঘ. উৎ + নিত **উত্তর: ক**
**ব্যাখ্যা:** উৎ + নত = উন্নত ব্যঞ্জন সন্ধি (ৎ + ন্ = ন্ন)

৩৫. **'বৃষ্টি' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বিষ + তি খ. বৃ + ষ্টি
গ. বৃষ - টি ঘ. বৃষ্ + তি **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** বৃষ্ + তি = বৃষ্টি: ব্যঞ্জন সন্ধি (ষ্ + ত্ = ষ্ট)।

৩৬. **'ভাবুক' শব্দের সন্ধি-বিচ্ছেদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. ভৌ+উক খ. ভো+উক
গ. ভাব+উক ঘ. ভৌ+অক **উত্তর: ক**
**ব্যাখ্যা:** ভৌ+উক = ভাবুক (স্বরসন্ধি)।

৩৭. **কোন সন্ধিটি নিপাতনে সিদ্ধ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. পর + পর = পরস্পর খ. বাক + দান = বাগদান
গ. উৎ + ছেদ = উচ্ছেদ ঘ. সম + সার = সংসার **উত্তর: ক**
**ব্যাখ্যা:** যেসব ক্ষেত্রে সন্ধি নিয়মানুসারে হয় না তাকে নিপাতনে সিদ্ধ সন্ধি বলে।

০৪. **'সংলাপ' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. সং + আলাপ খ. সমঃ + লাপ

গ. সম্ + লাপ ঘ. সং + লাপ **উত্তর:** গ

**ব্যাখ্যা:** -এর পর অন্তঃস্থ ধ্বনি য, র, ল, ব কিংবা শ, ষ, স, হ থাকলে, ম্ স্থলে অনুস্বার (ং) হয়। যেমন- সম্ + লাপ = সংলাপ।

০৫. **'বিচ্ছিন্ন' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. বি + ছিন্ন খ. বিৎ + ছিন্ন

গ. বিৎ + ছিন্ন ঘ. বিচ + ছিন্ন **উত্তর:** ক

**ব্যাখ্যা:** স্বরধ্বনির পর 'ছ' থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব (চ্ছ) হয়। যেমন- বি + ছিন্ন = বিচ্ছিন্ন।

৩৮. **'আয়ু যেন পদ্ম পাতায় নীর'- বাক্যে পদ্ম পাতায় কোন কারক?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (টগর)-২০১১]*

(ক) কর্মকারক (খ) করণ কারক
(গ) অপাদান কারক (ঘ) অধিকরণ কারক **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যা:** ক্রিয়ার সঙ্গে কোথায়/ কিসে/ কখন যোগ কওে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই অধিকরণ কারক। অর্থাৎ স্থান-সময়-বিষয় বুঝালে অধিকরণ কারক হয়।

৩৯. **'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০/ [প্রাথমিক বিদ্যালয় (পিইডিপি-২) সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৬]*

ক. কর্মে শূন্য খ. করণে শূন্য
গ. আপাদানে শূন্য ঘ. সম্প্রদানে শূন্য **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে কীসের দ্বারা বা কী উপায়ে প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক।

৪০. **'আপন পাঠেতে মন করহ নিবেশ'– বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ধানসিঁড়ি)-২০০৮]*

ক. কর্মকারকে তৃতীয়া খ.করণ কারকে পঞ্চমী
গ. অপাদান কারকে সপ্তমী ঘ.অধিকরণ কারকে সপ্তমী **উত্তর: ঘ**

৪১. **'প্রিয়জনে যাহ্য দিতে চাই তাই দিই দেবতারে'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*

ক) অধিকরণে প্রথমা খ) কর্মে সপ্তমী
গ) অপাদানে সপ্তমী ঘ) সম্প্রদানে সপ্তমী **উত্তর: খ**

৪২. **'তিনি চোখে দেখেন না' বাক্যে 'চোখে' কোন কারক?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০১২]*

ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: ক**

৪৩. **'সে তোমাকে ভয় পায়'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০১২]*

(ক) কর্মে শূণ্য (খ) অধিকরণে ২য়া
(গ) অপাদানে ২য়া (ঘ) অপাদানে ৩য়া **উত্তরঃ গ**

**ব্যাখ্যাঃ** কাকে ভয় পায় - তোমাকে (অপাদান কারক)

৪৪. **'তোমার পূজার ছলে তোমায় ভুলেই থাকি'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০১২]*

(ক) সম্প্রদানে ৬ষ্ঠী (খ) কর্মে ৭মী
(গ) সম্প্রদানে ৭মী (ঘ) অপাদানে ৬ষ্ঠী **উত্তরঃ ক**

**ব্যাখ্যাঃ** যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে সম্প্রদান কারক বলে। স্বত্ব ত্যাগ করে না দিলে তা কর্মকারক হয়।

৪৫. **'অহংকার পতনের মূল' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*

ক. কর্ম শূণ্য খ. করণে শূণ্য
গ. অপাদানে শূণ্য ঘ. অধিকরণে শূণ্য **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলা হয়। বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে কীসের দ্বারা বা কী উপায়ে প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তাই করণ কারক।

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| প্রথমা | ০ | গণ |

৪৬. **নেহাল অঙ্কে খুব কাঁচা- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*

ক. কর্মে সপ্তমী খ. করণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। ক্রিয়ার সঙ্গে কোথায় / কিসে / কখন যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই অধিকরণ কারক। অর্থাৎ স্থান-সময়-বিষয় বুঝালে অধিকরণ কারক হয়।

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| সপ্তমী | তে, এ, য় | দিগেতে, দিগে |

৪৭. **'পাগলে কিনা বলে।' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২]*

(ক) কর্তায় ষষ্ঠী (খ) কর্তায় ২য়া
(গ) কর্তায় ৭মী (ঘ) কর্তায় শূণ্য **উত্তরঃ গ**

**ব্যাখ্যা:** কে বলে - পাগল (কর্তৃকারক।)

৪৮. **'এই নদীর মাছ বড়।' বাক্যের নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২]*

(ক) অধিকরণে ২য়া (খ) অপাদানে ৭মী
(গ) করণে ৭মী (ঘ) অধিকরণে ৬ষ্ঠী **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যা:** কিসের মাছ বড়? - নদীর অধিকরণ কারক।

৪৯. **আলোয় আঁধায় কাটে- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*

(ক) অধিকরণে ৭মী (খ) করণে ৭মী
(গ) অপাদানে ৭মী (ঘ) কর্তায় ৭মী **উত্তরঃ খ**

**ব্যাখ্যা:** কিসের দ্বারা আঁধার কাটে? - আলো করণ কারক।

৫০. **খনিতে সোনা পাওয়া যায়- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২]*

(ক) করণে ৭মী (খ) অপাদানে ৭মী
(গ) অধিকরনে ৭মী (ঘ) কর্তায় ৭মী **উত্তরঃ গ**

**ব্যাখ্যা:** কোথায় সোনা পাওয়া যায় - খনিতে অধিকরণ কারক।

৫১. **'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে?- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (যমুনা)-২০১২]*

(ক) কর্মে ২য়া (খ) অপাদানে ৭মী
(গ) করণে ৭মী (ঘ) অপাদানে ৫মী **উত্তরঃ খ**

**ব্যাখ্যা:** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকে অপাদান কারক বলে।

১৭. **'কান্নায় শোক কমে' বাক্যে 'কান্নায়' কোন কারক?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি।

১৮. **'তিনি ব্যাকরণে পন্ডিত'-বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৬]*
ক. কর্মে সপ্তমী খ. করণে সপ্তমী
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** এ, য়, তে হলো সপ্তমী বিভক্তি।

১৯. **'বুলবুলিতে ধান খেয়েছে'-এই বাক্যের 'বুলবুলিতে' শব্দে কোন কারকে ও কোন বিভক্তি রয়েছে?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য) নিয়োগ পরীক্ষা-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০]*
ক. করণে ৭মী খ. অধিকরণে ৭মী
গ. কর্তৃকারকে ৭মী ঘ. অপাদানে ৭মী **উত্তর: গ**
**ব্যাখ্যা:** কে/কারা দিয়ে প্রশ্নের উত্তরে কর্তৃকারক পাওয়া যায়।

২০. **'কালির দাগ দাও' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলী)-২০০৯]*
(ক) কর্মে ২য়া (খ) করণে ৬ষ্ঠী
(গ) অপাদানে ৬ষ্ঠী (ঘ) অধিকরণে ৬ষ্ঠী **উত্তর: খ**
**ব্যাখ্যা:** কিসের দ্বারা দাগ দাও → কালি করণ কারকে বিভক্তি ষষ্ঠী।

২১. **'জগতে কীর্তিমান হও সাধনায়' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. কর্তায় ৭মী খ. কর্মে ২য়া
গ. অধিকরণে ৭মী ঘ. করণে ৭মী **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককে করণ কারক বলে।

২২. **অধিকরণ কারকের উদাহরণ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. তিলে তৈল আছে খ. দুধ থেকে ঘি হয়
গ. তিল থেকে তেল হয় ঘ. মেঘ থেকে বৃষ্টি হয় **উত্তর: ক**
**ব্যাখ্যা:** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধার (স্থান) কে অধিকরণ কারক বলে।

২৩. **আমাকে যেতে হবে'-বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক.কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া
গ. করণে দ্বিতীয়া ঘ. অপাদানের দ্বিতীয়া **উত্তর: খ**
**ব্যাখ্যা:** কি/কাকে দিয়ে প্রশ্নের উত্তরে কর্ম কারক পাওয়া যায়।

২৪. **সাদা মেঘে বৃষ্টি হয় না-এখানে মেঘে কোন কারক?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. কর্ম কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: খ**
**ব্যাখ্যা:** সাদা মেঘে বৃষ্টি হয় না। এখানে মেঘে 'বিচ্যুত' অর্থে অপাদানে কারক।

২৫. **পলাতক দাসে দাও স্বাধীনতা'-এখানে 'দাসে' কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. করণে সপ্তমী খ. কর্মে সপ্তমী
গ. অধিকরণে পঞ্চমী ঘ. সম্প্রদানে সপ্তমী **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে সম্প্রদান কারক বলে।

২৬. **টাকায় টাকা হয় বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০০৮/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*
ক. কর্তায় ৭মী খ. করণে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. অধিকরণে ৭মী **উত্তর: গ**

| | |
|---|---|
| টাকায় টাকা হয় | অপাদান কারক |
| টাকায় কিনা হয়? | অপাদান কারক |
| টাকায় অসাধ্য সাধন হয় | করণ কারক |

২৭. **টাকায় কি না হয়? - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৫]*
(ক) অপাদানে ৭মী (খ) কর্মে শূন্য
(গ) করণে ৭মী (ঘ) কর্তায় ২য়া **উত্তর: গ**

২৮. **নিচের কোন বাক্যটিতে নিম্নরেখ শব্দে কর্মকারকে প্রথমা বিভক্তি রয়েছে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বাবাকে ভয় পাই খ. বাঁশি বাজে
গ. ফলে বৃক্ষের পরিচয় ঘ. পাপে বিরত হও **উত্তর:**
**ব্যাখ্যা:** সঠিক উত্তর নেই : বাবাকে-অপাদানে দ্বিতীয়া, বাঁশি-কর্তায় শূন্য, ফল-করণে সপ্তমী, পাপে-অপাদানে সপ্তমী।

২৯. **নিচের বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? তোমার গায়ে নখের আঁচড়ও লাগবে না।** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. কর্মে শূন্য খ. অপাদানে ৬ষ্ঠী
গ. করণে ৫মী ঘ. করণে ৬ষ্ঠী **উত্তর: ঘ**
**ব্যাখ্যা: কিসের দ্বারা আচঁড় লাগনো - নখের (করণকারক)**

৩০. **'তিনি চোখে দেখেন না' বাক্যে 'চোখে' কোন কারক?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. করণ কারক খ. অপাদান কারক
গ. সম্প্রদান কারক ঘ. অধিকরণ কারক **উত্তর: ক**
**ব্যাখ্যা:** কিসের দ্বারা দেখেন না? - চোখ (করণ কারক)।

৩১. **'আমার গানের মালা আমি করব কারে দান' বাক্যে 'কারে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০১২]/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় (পিইডিপি-২) সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৬]*
ক. করণে সপ্তমী খ. অপাদানে সপ্তমী
গ. কর্মে সপ্তমী ঘ. কর্তায় সপ্তমী **উত্তর: গ**

৩২. **'আমার গানের মালা আমি করব কারে দান'— বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কংস)-২০০৮]*
ক. কর্তায় শূন্য খ.কর্মে শূন্য
গ. করণে শূন্য ঘ.অপাদানে শূন্য **উত্তর: খ**

৩৩. **'ডাক্তার ডাক' বাক্যটিতে 'ডাক্তার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য) নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. কর্মকারকে ৭মী বিভক্তি খ. অপাদান কারকে তৃতীয়া বিভক্তি
গ. কর্তৃকারকে শূন্য বিভক্তি ঘ. কর্মকারকে শূন্য বিভক্তি **উত্তর: ঘ**

৩৪. **গুণহীনে ত্যাগ কর। -বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (যমুনা)-২০১২]*
(ক) কর্মে ৭মী (খ) অধিকরণে ৭মী
(গ) সম্প্রদানে ৭মী (ঘ) অপাদানে ৭মী **উত্তর: ক**

০৩. **'আজকে নগদ কালকে ধার' এখানে 'আজকে' কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ইছামতি)-২০১০]*

ক. কর্তায় ২য়া খ. করণে ২য়া
গ. অধিকরণে ২য়া ঘ. কর্মে ২য়া **উত্তর: গ**

**ব্যাখ্যা** সময় বুঝালে অধিকরণ কারক হয়।

০৪. **'ইট-পাথরের দালান' এখানে 'ইট-পাথরের' কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. কর্মে সপ্তমী খ. কর্তৃকারকে ষষ্ঠী
গ. করণে ষষ্ঠী ঘ. করণে সপ্তমী **উত্তর: গ**

**ব্যাখ্যা** কীসের দ্বারা তৈরি দালান- ইট-পাথর (করণ কারক)।

০৫. **"নৌকায় নদী পার হলাম" 'নৌকায় কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০]*

ক. কর্মে ৭মী খ. করণে ৭মী
গ. অধিকরণে ৫মী ঘ. সম্প্রদানে ৪র্থী **উত্তর: খ**

**ব্যাখ্যা** কিসের দ্বারা নদী পার হলাম? ▶ নৌকা করণ কারক।

০৬. **"টাকায় টাকা আনে"- এখানে 'টাকায় কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. কর্তৃকারকে ৭মী খ. কর্মকারকে ৭মী
গ. অপাদানে ৭মী ঘ. করণ কারকে ৭মী **উত্তর: গ**

**ব্যাখ্যা** টাকায় কি আনে? ▶ টাকা অপাদান কারক।

০৭. **'তিলে তৈল হয়' – কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৫]*

ক) সম্প্রদান কারকে চতুর্থ খ) কর্তৃকারকে প্রথমা
গ) অধিকারণ ক্যারকে সপ্তমী
ঘ) অপাদান কারকে সপ্তমী **উত্তর: ঘ**

**ব্যাখ্যা** 'যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয় তাকেই অপাদান কারক বলে। যেমন – তিলে তৈল হয়। পাপে বিরত হও।

০৮. **'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে' – বাক্যে 'পাঠে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) কর্মে সপ্তমী খ) অধিকরণে সপ্তমী
গ) অপাদানে সপ্তমী ঘ) করণে সপ্তমী **উত্তর: খ**

**ব্যাখ্যা** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। যেমন– শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।

০৯. **'সর্বাঙ্গে ব্যাথা, ঔষধ দিব কোথা'-এখানে 'সর্বাঙ্গে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. অধিকরণে তৃতীয়া খ. অধিকরণে সপ্তমী
গ. কর্তায় সপ্তমী ঘ. অপাদানে তৃতীয়া **উত্তর: খ**

**ব্যাখ্যা** ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। অর্থাৎ যে স্থানে বা যে বিষয়টি আশ্রয় করে ক্রিয়া নিষ্পন্ন হয়, সে বিষয়, সময় বা স্থানকে বলা হয় অধিকরণ কারক। এখানে 'সর্বাঙ্গে' শব্দটি অধিকরণে সপ্তমী বিভক্তি।

১০. **"সব ঝিনুকে মুক্তা মেলে না"-এই বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্ম)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৬]*

ক. অপাদানে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী
গ. কর্তায় দ্বিতীয়া ঘ. কর্মে দ্বিতীয়া **উত্তর: ক**

**ব্যাখ্যা** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন : তিলে তৈল হয়। এ বাক্যে 'তিলে' শব্দটি অপাদানে সপ্তমী বিভক্তি।

১১. **'ডাক্তার ডাক' বাক্যটিতে 'ডাক্তার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১০]*

ক. কর্মকারকে ৭মী বিভক্তি
খ. অপাদান কারকে তৃতীয়া বিভক্তি
গ. কর্তৃকারকে শূন্য বিভক্তি
ঘ. কর্মকারকে শূন্য বিভক্তি **উত্তর: ঘ**

**ব্যাখ্যা** যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন — ডাক্তার ডাক, তাকে বল।

১২. **বাড়ি থেকে নদী দেখা যায় কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৬]*

ক. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
খ. অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি
গ. অপাদান কারকে পঞ্চমী বিভক্তি
ঘ. অধিকরণ কারকে তৃতীয়া বিভক্তি **উত্তর: খ**

**ব্যাখ্যা** ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। অর্থাৎ যে স্থানে বা যে বিষয়টি আশ্রয় করে ক্রিয়া নিষ্পন্ন হয়, সে বিষয়, সময় বা স্থানকে বলা হয় অধিকরণ কারক। যেমন : বাড়ি থেকে নদী দেখা যায়। এ বাক্যে রেখা চিহ্নিত অংশটি অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি।

১৩. **'দেশের জন্য সেবা কর' 'দেশের' কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. কর্মে ষষ্ঠী ঘ. সম্প্রদানে ষষ্ঠী **উত্তর: ঘ**

**ব্যাখ্যা** যাকে স্বত্ব ত্যাগ করে দান, অর্চনা, সাহায্য ইত্যাদি করা হয়, তাকে সম্প্রদান কারক বলে। বস্তু নয়- ব্যক্তিই সম্প্রদান কারক। যেমন- 'দেশের জন্য সেবা কর' এখানে 'দেশের' বলতে দেশের মানুষের সেবা করার জন্য বলা হয়েছে। সুতরাং এটি সম্প্রদান কারক।

১৪. **'কলসটি কানায় কানায় পূর্ণ'- কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]*

ক. অপাদানে সপ্তমী খ. স্থানাধিকরণে সপ্তমী
গ. ভাবাধিকরণে সপ্তমী ঘ. কালাধিকরণে সপ্তমী **উত্তর: গ**

**ব্যাখ্যা** ক্রিয়া সম্পাদনের কাল এবং আধারকে অধিকরণ কারক বলে। অধিকরণ কারক তিন প্রকার। যথা : ১. কালাধিকরণ, ২. আধারাধিকরণ ও ৩. ভাবাধিকরণ। প্রদত্ত বাক্যে ভাবের অভিব্যক্তি প্রকাশ করায় 'কলসটি কানায় কানায় পূর্ণ' ভাবাধিকরণ কারক। আর 'কানায়' শব্দটিতে 'য়' থাকায় এটি সপ্তমী বিভক্তি।

১৫. **'এমন ছেলে আর দেখিনি' - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকের বিভক্ত?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০০৯]*

ক. কর্তায় শূন্য খ. কর্মে শূন্য
গ. অপাদানের শূন্য ঘ. অধিকরণের শূন্য **উত্তর: খ**

**ব্যাখ্যা** কি দেখিনি → ছেলে (কর্মকারক)

১৬. **বজ্রে তোমার বাজে বাঁশী? কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) কর্তায় শূন্য (খ) অপাদানে ৭মী
(গ) অধিকরণে ৭মী (ঘ) করণে ১মী **উত্তর: খ**

**ব্যাখ্যা** কি হতে বাজে বাঁশি → বজ্রে অপাদান কারক এ বিভক্তি সপ্তমী।

শূন্য: আমি বই পড়ি। আরেফ বই পড়ে। খালেদ বই পড়ে। শুক্রবার স্কুল বন্ধ।

০২. **কর্ম কারকের উদাহরণ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. তোমাকে সেদিন দেখেছিলাম
খ. তোমাকে আজই যেতে হবে
গ. বাবাকে বড় ভয় করে
ঘ. তোমাকে অনেক কথা শুনতে হবে **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** তোমাকে অনেক কথা শুনতে হবে - কর্মকারক।

০৩. **কোনটিতে কর্মকারকের শূন্য বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বাতিল)-২০০২]*
(ক) ডাক্তার ডাক (খ) লোকমুখে শোনা
(গ) জলকে চল (ঘ) বিপদে যেন না করি ভয় **উত্তর: ক**

## করণ কারক :

০১. **কর্তা যা দ্বারা ক্রিয়া সম্পাদন করেন তাকে বলে-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*
ক. করণ কারক খ. কর্ম কারক
গ. অপাদান কারক ঘ. কর্তৃকারক **উত্তর: ক**
**ব্যাখ্যা:** ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককে করণ কারক বলা হয়।

০২. **কোনটি করণ কারকের সপ্তমী বিভক্তির উদাহরণ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বালকেরা ফুটবল খেলে
খ. তাস খেলা ভাল নয়
গ. কাঁচের জিনিস সহজে ভাঙে
ঘ. টাকায় কি না হয় **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** কীসের দ্বারা/কী উপায়ে দিয়ে প্রশ্নের উত্তরে করণ কারক পাওয়া যায়।

০৩. **কোনটি করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০১২]*
ক. কালির দাগ সহজে ওঠে না
খ. বুদ্ধি খাটিয়ে কাজ কর
গ. দুধ থেকে দই হয়
ঘ. এ বৎসর খুব বন্যা হয়েছে **উত্তর: খ**

০৪. **করণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি সঠিক?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯০]*
(ক) এ বাড়িতে কেউ নেই (খ) বাঘে মহিষে লড়াই বাঁধিয়েছে
(গ) এ কলমে ভালো লেখা হয়
(ঘ) লোক মুখে শুনিয়াছি **উত্তর: গ**

০৫. **করণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি সঠিক?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৮৯]*
(ক) ছাত্ররা বল খেলে (খ) ডাক্তার ডাক
(গ) হামিদ বই পড়ে (ঘ) বৃষ্টি পড়ে **উত্তর: ক**

## সম্প্রদান কারক :

## অপাদান কারক :

০১. **কোন বাক্যটি অপাদান কারক?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৩]*
(ক) তিলে তৈল হয় (খ) তিলে তৈল আছে
(গ) দীনে দয়া কর (ঘ) লোকে বলে **উত্তর: ক**

## অধিকরণ কারক :

০১. **'পৃথিবীতে কে কাহার?'-এই বাক্যে পৃথিবীতে' পদটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (২য় ধাপ)-২২]*
ক. অধিকরণ কারকে ৭মী খ. অপদান কারকে ৭মী বিভক্তি
গ. কর্মকারকে ৭মী বিভক্তি ঘ. কর্মকারকে ৫মী বিভক্তি **উত্তর: ক**
**ব্যাখ্যা:** ক্রিয়া সম্পাদনের কাল (সময়) এবং আধারকে অধিকরণ কারক বলে। ক্রিয়ার সাথে কোথায়/কখন/ কিসে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তাই অধিকরণ কারক। যেমন: পৃথিবীতে কে কাহার? এখানে যদি প্রশ্ন করা হয়, কোথায় কে কাহার? তাহলে উত্তর পাই পৃথিবীতে। সুতরাং, এখানে 'পৃথিবীতে' অধিকরণ কারক এবং 'পৃথিবী' শব্দের সাথে সপ্তমী বিভক্তি (পৃথিবী+তে) যুক্ত হওয়ায় এটি অধিকরণ কারকে ৭মী বিভক্তি।

০২. **মাঠে ধান ফলেছে বাক্যে-মাঠে কোন কারক?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০১১]*
ক. ভাবাধিকরণ খ. বিষয়াদিকরণ
গ. কালাধিকরণ ঘ. স্থানাধিকরণ **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** যে অধিকরণে ক্রিয়ার আধার বা স্থান বোঝানো হয়, তাকে আধারাধিকরণ/স্থানাধিকরণ বলে।

০৩. **অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*
ক. বুলবুলিতে ধান খেয়েছে
খ. গোয়ালে গরু আছে
গ. সৎপাত্রে কন্যা দান কর
ঘ. পরাজয়ে ডরে না বীর **উত্তর: খ**

০৪. **কোনটি অধিকরণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০১২]*
ক. লোকে কিনা বলে
খ. তুমি যে আমার কবিতা
গ. গগণে গরজে মেঘ ঘন বরষা
ঘ. জলে বাষ্প হয় **উত্তর: গ**

০৫. **অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০১২]*
ক. আমার আহারে রুচি নাই
খ. আগামীকাল বাড়ি যাব
গ. আকাশ মেঘে আচ্ছন্ন
ঘ. কাজে অবসর নিলাম **উত্তর: খ**

## Mixed MCQ

০১. **'ঝিনুক থেকে মুক্তা মেলে' এখানে 'ঝিনুক' কোন কারক?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক) সম্প্রদান কারক খ) কর্ম কারক
গ) অধিকরণ কারক ঘ) অপাদান কারক **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** যা থেকে কিছু বিচ্যুত, গৃহীত, জাত, বিরত, আরম্ভ, দূরীভূত ও রক্ষিত হয় এবং যা দেখে কেউ ভীত হয়, তাকেই অপাদান কারক বলে। যেমন – গাছ থেকে পাতা পড়ে। এ বাক্যে 'গাছ' অপাদান কারকে শূন্য বিভক্তি।

০২. **"আকাশে চাঁদ উঠেছে"এখানে 'আকাশ' কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. করণে ষষ্ঠী খ. কর্মে শূন্য
গ. অধিকরণে সপ্তমী ঘ. সম্প্রদানে চতুর্থী **উত্তর: গ**
**ব্যাখ্যা:** কোথায় চাদ উঠেছে? ▶ 'আকাশ' অধিকরণ কারক।

৩৭. **হারামণি কোন সমাস (হারিয়েছে যে মণি)** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০১১]*
(ক) তৎপুরুষ (খ) কর্মধারয়
(গ) বহুব্রীহি (ঘ) অব্যয়ীভাব **উত্তরঃ খ**
**ব্যাখ্যা:** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

৩৮. **প্রাণভয় (প্রাণ যাওয়ার ভয়) কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হেমন্ত)-২০১০]*
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. দ্বন্দ্ব ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**
**ব্যাখ্যাঃ** ব্যসবাক্যের মাঝের পদ লোপ পেয়ে যে কর্মধারয় সমাস হয়, তাকে মধ্যপদলোপী কর্মধারয় সমাস বলে। যেমন - প্রান যাওয়ার ভয় = প্রানভয়।

৩৯. **পাপমুক্ত (পাপ হতে মুক্ত) কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য) নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. কর্মধারয় খ. বহুব্রীহি
গ. অব্যয়ীভাব ঘ. তৎপুরুষ **উত্তর: ঘ**

৪০. **অহিনকুল (অহি ও নকুল) কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য) নিয়োগ পরীক্ষা-২০১০]*
ক. কর্মধারয় খ. বহুব্রীহি
গ. দ্বিগু ঘ. দ্বন্দ্ব **উত্তর: ঘ**

৪১. **'অপয়া' শব্দটি কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (কেলী)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*
ক) কর্মধারয় সমাস খ) বহুব্রীহিসমাস
গ) তৎপুরুষ সমাস ঘ) অব্যয়ীভাব সমাস **উত্তর: খ**

৪২. **কানে কানে যে কথা = কানাকানি এই উদাহরণ কোন সমাসের?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৭]*
ক. অলুক বহুব্রীহি খ.ব্যাতিহার বহুব্রীহি
গ. অব্যয়ীভাব ঘ.সপ্তমী তৎপুরুষ **উত্তর: খ**

৪৩. **অনাদার কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৬]*
ক. কর্মধারয় খ. নঞ তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বিগু **উত্তর: খ**

৪৪. **'গোঁফ-খেজুরে' কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বাতিল)-২০০২]*
(ক) তৎপুরুষ (খ) দ্বন্দ্ব
(গ) কর্মধারয় (ঘ) বহুব্রীহি **উত্তরঃ ঘ**

৪৫. **'বেহায়া' কোন সমাস ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০১]*
ক) দ্বন্দ্ব সমাস খ) নিত্য সমাস
গ) বহুব্রীহি সমাস ঘ) অব্যয়ীভাব সমাস **উত্তর: ঘ**

৪৬. **নয় কাঁড়া - আকাঁড়া কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]*
(ক) অব্যয়ীভাব (খ) কর্মধারয়
(গ) দ্বন্দ্ব (ঘ) নঞ তৎপুরুষ **উত্তর: ঘ**

৪৭. **তেলেভাজা কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০০৯]*
ক. বহুব্রীহি খ. দ্বন্দ্ব
গ. কর্মধারায় ঘ. তৎপুরুষ **উত্তর: ঘ**

৪৮. **'কদাচার' শব্দটি কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০০৯]*
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. দ্বন্দ্ব **উত্তর: ক**

৪৯. **'শ্বেতবস্ত্র' শব্দটি কোন্ সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (কেলী)-২০০৯]*
ক. দ্বিগু সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উত্তর: খ**

৫০. **'কানাকানি' কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলী)-২০০৯]*
(ক) তৎপুরুষ (খ) বহুব্রীহি
(গ) অব্যয়ীভাব (ঘ) দ্বন্দ্ব **উত্তর: খ**

৫১. **সবিনয় শব্দটি কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৭]*
(ক) অব্যয়ীভাব (খ) কর্মধারয়
(গ) দ্বিগু (ঘ) বহুব্রীহি **উত্তর: ঘ**

# কারক ও বিভক্তি

০১. **বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে কোন পদের সম্পর্ককে কারক বলে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বিশেষণ পদের খ. অব্যয় পদের
গ. নাম পদের ঘ. ক্রিয়া বিশেষণ পদের **উত্তর: গ**
**ব্যাখ্যাঃ** কারক (√কৃ + ণক) শব্দটির অর্থ যা ক্রিয়া সম্পাদন করে।

০২. **কারক শব্দটির অর্থ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. যা পদকে সম্পাদন করে
খ. যা সমাস সম্পাদন করে
গ. যা ক্রিয়া সম্পাদন করে
ঘ. যা পদ ও সমাসকে সম্পাদন করে **উত্তর: গ**
**ব্যাখ্যাঃ** বাক্যস্থিত ক্রিয়াপদের সাথে নাম পদের সম্পর্ককে কারক বলে।

## কর্তৃকারক :

০১. **সকলকে মরতে হবে - বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৬]*
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মকারকে দ্বিতীয়া
গ. অপাদানে দ্বিতীয়া ঘ. অধিকরণে দ্বিতীয়া **উত্তর: ক**
**ব্যাখ্যাঃ** বাক্যস্থিত যে বিশেষ্য বা সর্বনাম পদ ক্রিয়া সম্পন্ন করে তাকে ক্রিয়ার কর্তা বা কর্তৃকারক বলে।

০২. **কর্তৃকারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. ছাগলে কিনা খায় খ. টাকায় টাকা আনে
গ. আরেফ বই পড়ে ঘ. ডাক্তার ডাক **উত্তর: গ**

০৩. **কোনটি কর্তৃকারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০১২]*
ক. কোদালে মাটি কাটব
খ. জাহাজ চট্রগ্রাম ছাড়ল
গ. সাপের হাসি বেদেয় চেনে
ঘ. আমারে তুমি রক্ষা করো **উত্তর: ঘ**

## কর্মকারক:

০১। **শুক্রবার বিদ্যালয় বন্ধ থাকে' বাক্যে 'বিদ্যালয়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্মে শুন্য খ. অপাদানে শুন্য
গ. অধিকরণে শুন্য ঘ. কর্তায় শুন্য **উত্তর: ক**
**ব্যাখ্যা:** যাকে উদ্দেশ্য করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে তাকে কর্মকারক বলে। ক্রিয়ার সঙ্গে কি বা কাকে যোগ করে প্রশ্ন করলে যে উত্তর পাওয়া যায়, তা-ই কর্মকারক। যেমন:

১৭. **'সুবর্ণ' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: ক**
**ব্যাখ্যা:** সু বর্ণ যার = সুবর্ণ (বহুব্রীহি সমাস)।

১৮. **'মধ্যাহ্ন' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**
**ব্যাখ্যা:** অহ্নের মধ্যভাগ-মধ্যাহ্ন (ষষ্ঠী তৎপুরুষ সমাস)।

১৯. **নিরামিষ কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: ঘ**

২০. **সহোদর কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. দ্বিগু **উত্তর: ক**
**ব্যাখ্যা:** সমান (একই) উদর যাদের= সহোদর। [বহুব্রীহি সমাস]

২১. **কলুর বলদ কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. উপপদ তৎপুরুষ খ. অলুক তৎপুরুষ সমাস
গ. মধ্যপদলোপী কর্মধারয়
ঘ. উপমিত কর্মধারয় **উত্তর: খ**
**ব্যাখ্যা:** যে তৎপুরুষ সমাসের বিভক্তি লোপ পায় না, তাকে অলুক তৎপুরুষ সমাস বলে।

২২. **সোনামুখী কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. উপমান খ. উপমিত
গ. রূপক ঘ. মধ্যপদলোপী **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** সঠিক উত্তর : সোনার মত উজ্জ্বল মুখ যার=সোনামুখী (মধ্যপদলোপী বহুব্রীহি সমাস)।

২৩. **ক্ষুধিত পাষাণ কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. দ্বন্দ্ব **উত্তর: খ**
**ব্যাখ্যা:** ক্ষুধিত যে পাষাণ=ক্ষুধিত পাষাণ (কর্মধারয় সমাস)।

২৪. **বইপড়া (বইকে পড়া) কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. বহুব্রীহি খ. কর্মধারয়
গ. তৎপুরুষ ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**
**ব্যাখ্যা:** পূর্বপদে বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয়, তাকে তৎপুরুষ সমাস বলে।

২৫. **দিগম্বর (দিক অম্বর যার) কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. তৎপুরুষ খ. বহুব্রীহি
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**
**ব্যাখ্যা:** বহুব্রীহি সমাসে সাধারণত যার, যাতে ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়।

২৬. **খাসমহল (খাস যে মহল) কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. অব্যয়ীভাব ঘ. বহুব্রীহি **উত্তর: ক**
**ব্যাখ্যা:** খাস যে মহল=খাসমহল (কর্মধারয় সমাস)।

২৭. **'মেঘশূন্য' (মেঘ দ্বারা শূন্য) কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: ক**

২৮. **ইত্যাদি কোন সমাস (ইতি হতে আদি) ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১২]*
ক. তৎপুরুষ খ. অব্যয়ীভাব
গ. কর্মধারয় ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

২৯. **'ঈগল পাখি' কোন সমাস (ঈগল নামের যে পাখি) ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১২]*
ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**
**ব্যাখ্যা:** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে। কর্মধারয় সমাসে সাধারণত *যে*, *যিনি*, *যেটি* ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়। যথা: মহতী যে কীর্তি = মহাকীর্তি, মহান যে রাজা = মহারাজ।

৩০. **'আমরণ' কোন সমাস (মরণ পর্যন্ত) ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২]*
(ক) তৎপুরুষ (খ) কর্মধারয়
(গ) অব্যয়ীভাব (ঘ) বহুব্রীহি **উত্তর: গ**
**ব্যাখ্যা:** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভব অব্যয়ীভাব সমাস বলে। যেমন মরণ পর্যন্ত = আমরণ।

৩১. **'মৌমাছি' কোন সমাস (মৌ সংগ্রহকারী মাছি)?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কর্ণফুলী)-২০১২]*
(ক) তৎপুরুষ (খ) অব্যয়ীভাব
(গ) কর্মধারয় (ঘ) দ্বিগু **উত্তর: গ**
**ব্যাখ্যা:** মৌ সংগ্রহকারী মাছি = কর্মধারয়)।

৩২. **'অসুখ' কোন সমাস (নাই সুখ যার)?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কর্ণফুলী)-২০১২]*
(ক) তৎপুরুষ (খ) কর্মধারয়
(গ) অব্যয়ীভাব (ঘ) বহুব্রীহি **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** নাই সুখ যার = অসুখ (নঞর্থক বহুব্রীহি সমাস)।

৩৩. **'অবোধ' কোন সমাস (নাই বোধ যার)?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*
(ক) অব্যয়ীভাব (খ) তৎপুরুষ
(গ) কর্মধারয় (ঘ) বহুব্রীহি **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** নাই বোধ যাহার = অবোধ (নঞর্থক বহুব্রীহি সমাস)।

৩৪. **অনুতাপ (তাপের পশ্চাৎ) কোন সমাস?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলি)-২০১১]*
(ক) অব্যয়ীভাব (খ) তৎপুরুষ
(গ) কর্মধারয় (ঘ) বহুব্রীহি **উত্তর: ক**
**ব্যাখ্যা:** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে।

৩৫. **আশীবিষ (আশীতে বিষ যার) কোন সমাস?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলি)-২০১১]*
(ক) তৎপুরুষ (খ) কর্মধারয়
(গ) বহুব্রীহি (ঘ) অব্যয়ীভাব **উত্তর: গ**
**ব্যাখ্যা:** আশীতে (দাঁতে) বিষ যার = আশীবিষ (ব্যধিকরণ বহুব্রীহি)।

৩৬. **ছায়া শীতল কোন সমাস (ছায়াতে শীতল)** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০১১]*
(ক) তৎপুরুষ (খ) বহুব্রীহি
(গ) কর্মধারায় (ঘ) দ্বিগু **উত্তর: ক**
**ব্যাখ্যা:** ছায়াতে শীতল = ছায়াশীতল (সপ্তমী তৎপুরুষ সমাস)।

০২. **কোন সমাসে ব্যাসবাক্য হয় না?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*

ক. নিত্য সমাস খ. প্রাদি সমাস
গ. অলুক সমাস ঘ. দ্বন্দ্ব সমাস **উত্তর: ক**

**ব্যাখ্যা:** যে সমাসের ব্যাসবাক হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে নিত্য সমাস বলা হয়। যেমন- কালান্তর = অন্য কাল।

০৩. **নিচের কোনটি নিত্য সমাস ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০১১/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ইছামতি)-২০১০]*

(ক) ভালমন্দ (খ) বেয়াদব
(গ) পঞ্চনদ (ঘ) দেশান্তর **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যা:** যে সমাসের ব্যাসবাক্য হয় না কিংবা তা করতে গেলে অন্য পদের সাহায্য নিতে হয়, তাকে নিত্য সমাস বলা হয়। যেমন অন্য দেশ = দেশান্তর।

## অন্যান্য

০১. **'তেপান্তর' কোন সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. কর্মধারয় খ. বহুব্রীহি
গ. দ্বিগু ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** তে (তিন) প্রান্তরের সমাহার = তেপান্তর (দ্বিগু সমাস)

০২. **কোনটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) চৌরাস্তা খ) বীণাপানি
গ) চুলাচুলি ঘ) সিংহাসন **উত্তর: গ**

০৩. **'অনুচিত' শব্দটি কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০০৯]*

ক. তৎপুরুষ খ. কর্মধারয়
গ. দ্বন্দ্ব ঘ. বহুব্রীহি **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** নয় উচিত = অনুচিত (নঞ তৎপুরুষ সমাস)।

০৪. **'উপকূল' কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. দ্বিগু সমাস খ. তৎপুরুষ সমাস
গ. কর্মধারয় সমাস ঘ. অব্যয়ীভাব সমাস **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** কূলের সমীপে = উপকূল (অব্যয়ীভাব সমাস)।

০৫. **'শশব্যস্ত' কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হাসনাহেনা)-২০১১]*

ক) অব্যয়ীভাব খ) তৎপুরুষ
গ) কর্মধারয় ঘ) বহুব্রীহি **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** যে কর্মধারয় সমাসে সাধারণ কর্মবাচক পদের সঙ্গে উপমানবাচক পদের মিলন হয়, তাকে বলে উপমান কর্মধারয় সমাস। যেমন- শশকের ন্যায় ব্যস্ত = শশব্যস্ত। আরো কয়েকটি উপমান কর্মধারয় সমাস হলো- তুষারশুভ্র, বকধার্মিক, কাজলকালো, ঘনশ্যাম, অরুণরাঙা, তুষারধবল, বিড়ালতপস্বী, হিমশীতল, অগ্নিশর্মা।

০৬. **'শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল' কোন সমাস?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. দ্বন্দ্ব খ. অব্যয়ীভাব
গ. বহুব্রীহি ঘ. তৎপুরুষ **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থ প্রাধান্য পায় তাকে অব্যয়ীভাব সমাস বলে। যেমন— শৃঙ্খলাকে অতিক্রান্ত = উচ্ছৃঙ্খল। বিরুদ্ধ বাদ = প্রতিবাদ, বনের সদৃশ = উপবন।

০৭. **'দম্পতি' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) অব্যয়ীভাব (খ) দ্বন্দ্ব
(গ) কর্মধারয় (ঘ) তৎপুরুষ **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** সম্বন্ধবাচক দ্বন্দ্ব ঃ জায়া ও পতি = দম্পতি।

০৮. **নীল যে আকাশ = নীলাকাশ কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) বহুব্রীহি (খ) দ্বিগু
(গ) কর্মধারয় (ঘ) অব্যয়ীভাব **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

০৯. **'মহর্ষি' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শিউলী)-২০০৯]*

ক. কর্মধারয় খ. দ্বন্দ্ব
গ. তৎপুরুষ ঘ. দ্বিগু **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** মহান যে ঋষি = মহর্ষি (সাধারণ কর্মধারয় সমাস)।

১০. **নীল যে অম্বর=নীলাম্বর-কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০১১]*

ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. কর্মধারয় ঘ. অব্যয়ীভাব **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** ব্যাসবাক্য : নীল যে অম্বর=কর্মধারয় সমাস কিন্তু নীল অম্বর যার=বহুব্রীহি সমাস হবে।

১১. **লাঠালাঠি' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৫]*

ক. প্রাদি সমাস খ. ব্যতিহার বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. কর্মধারয় সমাস **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** যে বহুব্রীহি সমাসে দুটি একরূপে বিশেষ্য দিয়ে এক জাতীয় কাজ বোঝায় তাকে ব্যতিহার বহুব্রীহি বলে।

১২. **নীলাকাশ কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** নীল যে আকাশ=নীলাকাশ (সাধারণ কর্মধারয় সমাস)।

১৩. **বিষবৃক্ষ' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৬]*

ক. তৎপুরুষ সমাস খ. কর্মধারয়
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** বিষ রূপ বৃক্ষ = বিষবৃক্ষ (রূপক কর্মধারয় সমাস)।

১৪. **শতাব্দী কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৭]*

ক. বহুব্রীহি খ. তৎপুরুষ
গ. অব্যয়ীভাব ঘ. দ্বিগু **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** শত অব্দের সমাহার=শতাব্দী (দ্বিগু সমাস)।

১৫. **'বইপড়া কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. কর্মধারয় খ. বহুব্রীহি
গ. অব্যয়ীভাব ঘ. তৎপুরুষ **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** বইকে পড়া=পইপড়া (দ্বিতীয়া তৎপুরুষ সমাস)।

১৬. **'উপকথা' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০০৯/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৬]*

ক. কর্মধারয় খ. অব্যয়ীভাব
গ. বহুব্রীহি ঘ. দ্বিগু **উত্তর: খ**

০৯. তৃতীয়া তৎপুরুষ সমাসের উদাহরণ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৭]

(ক) নাই সীমা যাহার - অসীম

(খ) তেল দিয়ে ভাজা - তেলেভাজা

(গ) ঘর ও বাড়ি ঘরবাড়ি

(ঘ) মুখ চন্দ্রের ন্যায় - মুখচন্দ্র উত্তর: খ

## অব্যয়ীভাব সমাস

০১. 'অনুগমন' শব্দের ব্যাসবাক্য নিচের কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]

ক) গমনের পশ্চাৎ খ) গমনের অগ্র

গ) অনুরূপ গমন ঘ) পরস্পর গমন উত্তরঃ ক

ব্যাখ্যাঃ পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই অর্থের প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে। অব্যয়ীভাব সমাসে কেবল অব্যয়ের অর্থযোগে ব্যাসবাক্যটি রচিত হয়। সামীপ্য (নৈকট্য), বিপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা, পশ্চাৎ (অনু) প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন: পশ্চাৎ গমন অনুগমন। প্রদত্ত উদাহরণটিতে 'অনুগমন' শব্দটি পশ্চাৎ (অনু) অর্থে ব্যবহৃত হয়েছে।

০২. কোনটি ঈষৎ অর্থে অব্যয়ীভাব সমাস? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. অজীবন খ. আলুনী

গ. আরক্তিম ঘ. আগাছা উত্তর: গ

ব্যাখ্যাঃ ঈষৎ রক্তিম = আরক্তিম (অব্যয়ীভাব সমাস)।

০৩. কোনটি অব্যয়ীভাব সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিতাস)-২০১০]

ক. অনুতাপ খ.আপাদমস্তক

গ. আটচালা ঘ.আমরা উত্তর: ক,খ

ব্যাখ্যাঃ

| প্রদত্ত শব্দ | ব্যাসবাক্য | সমাসের নাম |
|---|---|---|
| অনুতাপ | অপের পশ্চাৎ | অব্যয়ীভাব |
| আপাদমস্তক | পা থেকে মাথা পর্যন্ত | |

০৪. বেমানান (মানানোর অভাব) কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হেমন্ত)-২০১০]

ক. অব্যয়ীভাব খ. তৎপুরুষ

গ. বহুব্রীহি ঘ. দ্বিগু উত্তর: ক

ব্যাখ্যাঃ পূর্বপদে অব্যয়যোগে নিষ্পন্ন সমাসে যদি অব্যয়েরই প্রাধান্য থাকে, তবে তাকে অব্যয়ীভাব সমাস বলে।

০৫. 'উপকূল' কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৬]

(ক) বহুব্রীহি সমাস (খ) তৎপুরুষ সমাস

(গ) অব্যয়ীভাব সমাস (ঘ) দ্বন্দ্ব সমাস উত্তর: গ

## অলুক সমাস

০১. যে সমাজে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না তাকে বলে- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০]

ক. নিত্য সমাস খ. প্রাদি সমাস

গ. দ্বন্দ্ব সমাস ঘ. অলুক সমাস উত্তর: ঘ

ব্যাখ্যাঃ যে সমাসে পূর্ব পদের বিভক্তির লোপ হয় না, তাকে অলুক সমাস বলে। যেমন : দুধে-ভাতে = দুধে ও ভাতে।

০২. কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]

ক. কলে ছাঁটা খ. মাথায় ছাতা

গ. গায়ে হলুদ ঘ. হাতে কলমে উত্তর: ক

ব্যাখ্যাঃ হাতে কলমে=হাতে ও কলমে (অলুক দ্বন্দ্ব);
গায়ে হলুদ = গায়ে হলুদ দেয়া হয় যে অনুষ্ঠানে (অলুক বহুব্রীহি)

০৩. কোনটি অলুক তৎপুরুষ সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. অহি-নকুল খ. গায়ে হলুদ

গ. পীতাম্বর ঘ. রাজর্ষি উত্তর: খ

০৪. নিচের কোনটি অলুক তৎপুরুষ সমাস? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ইছামতি)-২০১০]

ক. বেহুস খ. মুখে ভাত

গ. পেচর ঘ. গায়ে হলুদ উত্তর: খ

ব্যাখ্যাঃ বাংলা একাডেমির প্রমিত বাংলা ভাষার ব্যাকরণ এর তথ্যমতে, গায়ে হলুদ অলুক তৎপুরুষ সমাস কিন্তু, নবম-দশম শ্রেণির বাংলা ব্যাকরণ এর তথ্যমতে, গায়ে হলুদ সমস্তপদে পরপদের অর্থ প্রধান রূপে প্রতীয়মান হয় না অর্থাৎ হলুদ বোঝায় না, অনুষ্ঠান বিশেষকে বোঝায়। সুতরাং গায়ে হলুদ অলুক তৎপুরুষ নয়, অলুক বহুব্রীহি সমাস।

০৫. 'গায়ে-হলুদ' কোন সমাস? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৮]

ক. অলুক দ্বন্দ্ব খ. অলুক তৎপুরুষ

গ. অলুক বহুব্রীহি ঘ. ব্যাতিহার উত্তর: গ

০৬. কোনটি অলুক দ্বন্দ্ব সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (শাপলা)-২০০৯]

ক. ঘরে-বাইরে খ. ঘর-বাড়ি

গ. ভাই-বোন ঘ. আমরা উত্তর: ক

## প্রাদি সমাস

০১. কোনটি প্রাদি সমাসের উদাহরণ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯]

ক. গৃহস্থ খ. ছা-পোষা

গ. শতাব্দীর ঘ. প্রগতি উত্তর: ঘ

ব্যাখ্যাঃ প্র, প্রতি, অনু প্রভৃতি অব্যয়ের সঙ্গে যদি কৃৎ প্রত্যয় সাধিত বিশেষ্যের সমাস হয়, তবে তাকে প্রাদি সমাস বলে। যেমন- প্র (প্রকৃষ্ট রূপে) গতি= প্রগতি। প্র (প্রকৃষ্ট) যে বচন = প্রবচন। এরূপ পরিভ্রমণ, অনুতাপ, প্রভাত ইত্যাদি। গৃহে থাকে যে = গৃহস্থ, ছা পোষে যে = ছা-পোষা উপপদ তৎপুরুষ এবং কূলের সমীপে = উপকূল অব্যয়ীভাব সমাস।

০২. পূর্ব পদে উপসর্গ বসে যে সমাস হয়, তাকে বলে- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]

ক. অলুক সমাস খ. রূপক সমাস

গ. নিত্য সমাস ঘ. প্রাদি সমাস উত্তর: ঘ

ব্যাখ্যাঃ প্রভাত=প্র(প্রকৃষ্ট) ভাত। [প্রাদি সমাস]

## নিত্য সমাস

০১. নিত্য সমাসের উদাহরণ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]

ক) অপব্যয় খ) বাগদত্তা

গ) দেশান্তর ঘ) বনজ উত্তর: গ

ব্যাখ্যাঃ যে সমাসে সমস্যমান পদগুলো নিত্য সমাসবদ্ধ থাকে, ব্যাসবাক্যের হয় না, তাকে নিত্যসমাস বলে। যেমন – অন্য দেশ = দেশান্তর, অন্য গৃহ = গৃহান্তর, অন্য কাল = কালান্তর, অন্য ভাষা = ভাষান্তর, অন্য গ্রাম = গ্রামান্তর, কেবল দর্শন = দর্শনমাত্র। বক্ দ্বারা দত্তা = বাগদত্তা তৃতীয়া তৎপুরুষ সমাস।

০৮. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. একাদশ (এক অধিক দশ)
খ. হাতাহাতি (হাতে হাতে যে দ্বন্দ্ব)
গ. মানানোর অভাব (বেমানান)
ঘ. দুঃখাতীত (দুঃখকে অতীত) **উত্তর:** খ

০৯. **কোনটি বহুব্রীহি সমাস ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০১১]*
(ক) সুপুরুষ (খ) দশানন
(গ) সাদাকালো (ঘ) চৌরাস্তা **উত্তরঃ** খ
**ব্যাখ্যা:** সু (সুন্দর) যে পুরুষ = সুপুরুষ (কর্মধারয়); সাদা ও কালো = সাদাকালো (দ্বন্দ্ব) চৌ (চার) রাস্তার সমাহার = চৌরাস্তা (দ্বিগু) সমাস।

১০. **নিচের কোনটি বহুব্রীহি সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১০]*
ক. কানাকানি খ. পীতাম্বর
গ. হাতাহাতি ঘ. চুলোচুলি **উত্তর:** --
**ব্যাখ্যা:** সবগুলো উত্তরই বহুব্রীহি সমাস। এর মধ্যে পীতাম্বর সমাধিকরণ বহুব্রীহি সমাস। বাকিগুলো ব্যতিহার বহুব্রীহি সমাস।

১১. **বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিতাস)-২০১০]*
ক. চিরসুখ খ.সুগন্ধি
গ. খেয়াঘাট ঘ.আজীবন **উত্তর:** খ
**ব্যাখ্যা:** সুন্দর গন্ধ যার = সুগন্ধী (বহুব্রীহি সমাস)

১২. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিস্তা)-২০১০]*
ক. গুলকপি খ. কবিগুরু
গ. আটঘাট ঘ. উনপাঁজুরে **উত্তর:** ঘ
**ব্যাখ্যা:** উন (দুর্বল) পাঁজর যার = উনপাঁজুরে (প্রত্যয়ান্ত বহুব্রীহি)।

১৩. **কোনটি ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্ম)-২০০৯]*
(ক) কাজ-কর্ম (খ) খাসমহল
(গ) মুখোমুখি (ঘ) উপকূল **উত্তর:** গ

১৪. **ব্যতিহার বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৭]*
(ক) কোলে কোলে যে মিলন = কোলাকুলি
(খ) অক্ষির অগোচরে = পরোক্ষ
(গ) হাতে চলানো পাখা = হাতপাখা
(ঘ) ঋণ থেকে মুক্ত = ঋণমুক্ত **উত্তর:** ক

১৫. **কোন শব্দটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সিলেট বিভাগ)-২০০৭]*
ক. দশানন খ. সিংহাসন
গ. চৌরাস্তা ঘ.চাঁদ বদন **উত্তর:** ক

১৬. **বহুব্রীহি সমাসের উদাহরণ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]*
(ক) অর্থকে অতিক্রম না করিয়া = যথার্থ
(খ) স্ত্রীর সহিত বর্তমান = সস্ত্রীক
(গ) সত্য কথা বলে যে = সত্যবাদী
(ঘ) যাহা কাঁচা তাহা মিঠা = কাঁচামিঠা **উত্তর:** খ

১৭. **যে বহুব্রীহি সমাসে পূর্ব বা পর পদের কোনো পরিবর্তন হয় না তাকে কোন বহুব্রীহি বলে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৮৯]*
(ক) ব্যতিহার (খ) অলুক বহুব্রীহি
(গ) প্রত্যয়ান্ত বহুব্রীহি (ঘ) ব্যধিকরণ বহুব্রীহি **উত্তর:** খ

## তৎপুরুষ সমাস

০১. **অনাদর-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]*
ক. ন আদর খ. আদরের অভাব
গ. অনেক আদর ঘ. নাই আদর **উত্তর:** ক
**ব্যাখ্যা:** বাংলা সমাসে নঞ তৎপুরুষ সমাস এবং নঞ বহুব্রীহি সমাসে 'অ' নাবোধক হিসেবে ব্যবহৃত হয়। নঞ তৎপুরুষে অ-ন, নয়, ব্যবহৃত হয় আর নঞ বহুব্রীহিতে নেই, নাই, নয় ইত্যাদি ব্যবহৃত হবার পর যা/যার ব্যবহৃত হয়। 'অনাদর'-নঞ তৎপুরুষ সমাস তাই এর ব্যাসবাক্য হবে- ন আদর।

০২. **কোন শব্দটি তৎপুরুষ শব্দ?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. কালি-কলম খ. মধুমাখা
গ. দশানন ঘ. মাতাপিতা **উত্তর:** খ
**ব্যাখ্যা:** মধু দ্বারা মাখা=মধুমাখা (তৃতীয়া তৎপুরুষ সমাস)।

০৩. **'অধর্ম' শব্দের সমস্যমান পদ কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. নয় ধর্ম খ. ধর্ম নেই যার
গ. ধর্মহীন যে ঘ. ধর্মের অভাব **উত্তর:** ক
**ব্যাখ্যা:** নয় ধর্ম= 'অধর্ম' (নঞর্থক তৎপুরুষ সমাস)।

০৪. **তৎপুরুষ সমাসে কোন পদ প্রধান?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. পরপদ খ. পূর্বপদ
গ. অন্যপদ ঘ. উভয় পদ **উত্তর:** ক
**ব্যাখ্যা:** যে সমাসে পূর্বপদে বিভক্তি লোপ পায়, এবং পরপদের অর্থ প্রাধান্য পায় তাকে তৎপুরুষ সামস বলে।

০৫. **পূর্ব পদের বিভক্তি লোপ পেয়ে যে সমাস হয় তাকে বলে-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২/ (যমুনা)-২০১২]*
(ক) বহুব্রীহি সমাস (খ) দ্বন্দ্ব সমাস
(গ) কর্মধারয় সমাস (ঘ) তৎপুরুষ সমাস **উত্তরঃ** ঘ
**ব্যাখ্যা:** বহুব্রীহি সমাস: যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে। দ্বন্দ্ব সমাস : যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। কর্মধারয় সমাস : যেখানে বিশেষণ বা বিশেষণভাবাপন্ন পদের সাথে বিশেষ্য বা বিশেষ্যভাবাপন্ন পদের সমাস হয় এবং পরপদের অর্থই প্রধান রূপে প্রতীয়মান হয়, তাকে কর্মধারয় সমাস বলে।

০৬. **কোনটি তৎপুরুষ সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. জীবনবীমা (জীবন রক্ষার বীমা)
খ. গমনাগমন (গমন ও আগমন)
গ. নদীমাতৃক (নদী মাতা যার)
ঘ. বাগদত্তা (বাক্ দ্বারা দত্তা) **উত্তর:** ঘ

০৭. **'বিশ্বকবি' সমাস কি হবে?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (টগর)-২০১১]*
(ক) বিশ্বরূপ (খ) যিনি বিশ্বের কবি
(গ) বিশ্ব ও কবি (ঘ) বিশ্বের কবি **উত্তরঃ** ঘ
**ব্যাখ্যা:** বিশ্বের কবি = বিশ্বকবি (৬ষ্ঠী তৎপুরুষ সমাস)।

০৮. **'হজ্জযাত্রা' কোন সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০]*
ক. ৩য়া তৎপুরুষ খ. ৪র্থী তৎপুরুষ
গ. ৫মী তৎপুরুষ ঘ. ৭মী তৎপুরুষ **উত্তর:** খ
**ব্যাখ্যা:** হজের জন্য যাত্রা = হজ্জযাত্রা (৪র্থী তৎপুরুষ সমাস)।

১১. **কোনটি কর্মধারয় সমাসের উদাহারণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১০]*
ক. ইন্দ্রজিৎ খ.একরোখা
গ. কালান্তর ঘ.ইহকাল **উত্তর: ঘ**

১২. **কোনটি মধ্যপদলোপী কর্মধায় সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১০]*
ক. গায়েহলুদ খ.চালকুমড়া
গ. ছয়ানি ঘ.ছায়াছবি **উত্তর: খ**
**ব্যাখ্যা:** চালে ধরে যে কুমড়া - চালকুমরা **(মধ্যপদলোপী কর্মধারয়)**

১৩. **মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (সুরমা)-২০১০]*
ক. ক্ষনস্থায়ী খ.ঘরছাড়া
গ. হাসিমুখ ঘ.ক্ষণস্থায়ী **উত্তর: গ**
**ব্যাখ্যা:** হাসি মাখা মুখ - হাসিমুখ **(মধ্যপদলোপী কর্মধারয়)**

১৪. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিতাস)-২০১০]*
ক. কাটাচোখা খ.কানাকানি
গ. ঔষধি ঘ.ঋষিকবি **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** যিনি ঋষি তিনি কবি - ঋষিকবি ( কর্মধারয় সমাস)

১৫. **সিংহাসন কোন কর্মধারয় সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০১]*
(ক) মধ্যপদলোপী (খ) উপমান
(গ) উপমিত (ঘ) রূপক **উত্তর: ক**

১৬. **নিচের কোনটি কর্মধারয় সমাস?** ***[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০১২]***
ক. খাসমহল খ. রাজর্ষি
গ. আকণ্ঠ ঘ. মৌলভী সাহেব **উত্তর: ক, খ**

১৭. **কোনটি মধ্যপদলোপী কর্মধারায় সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০০৯]*
(ক) পলান্ন খ) মশা-মাছি
(গ) বেহেয়া ঘ) চিরসুখী **উত্তর: ক**

১৮. **মধ্যপদলোপী কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*
(ক) ঘর থেকে ছাড়া- ঘরছাড়া (খ) অরুণের মতো রাঙা-অরুণরাঙা
(গ) হাসিমাখা মুখ-হাসিমুখ
(ঘ) ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী- ক্ষণস্থায়ী **উত্তর: গ**

১৯. **মধ্যপদলোপী কর্মধারয়ের দৃষ্টান্ত-** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৭]*
(ক) ঘর থেকে ছাড়া- ঘরছাড়া (খ) অরুণের মতো রাঙা - অরুণরাঙা
(গ) হাসিমাখা মুখ- হাসিমুখ
(ঘ) ক্ষণব্যাপী স্থায়ী - ক্ষণস্থায়ী **উত্তর: ক**

## দ্বিগু সমাস

০১. **কোনটি দ্বিগু সমাস?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০১১]*
(ক) পুরুষ সিংহ (খ) চৌরাস্তা
(গ) হাটবাজার (ঘ) কোনটিই নয় **উত্তরঃ খ**
**ব্যাখ্যা:** পুরুষসিংহ = পুরুষসিংহের ন্যায় (উপমিত কর্মধারয়); হাট-বাজার = হাট ও বাজার (সমার্থক দ্বন্দ্ব) সমাস।

০২.**নিচের কোনটি দ্বিগু সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১০]*
ক. আপাদমস্তক খ. রুই কাতলা
গ. একরোখা ঘ. সেতার **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** সে (তিন) তারের সমাহার = সেতার (দ্বিগু সমাস)।

০৩. **সমাহার অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে কি সমাস বলে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯০]*
(ক) দ্বিগু (খ) অব্যয়ীভাব
(গ) বহুব্রীহ (ঘ) তৎপুরুষ **উত্তর: ক**

০৪. **'সপ্তর্ষি' শব্দটি কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (যেলাপ)-২০০৯]*
ক. দ্বিগু সমাস খ. বহুব্রীহি সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. দ্বন্দ্ব সমাস **উত্তর: ক**

## বহুব্রীহি সমাস

০১। **"দ্বীপ" এর ব্যাসবাক্য** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]*
ক. দুদিকে অপ যার খ. দ্বীপের মত
গ. চার দিকে জল যার ঘ. দুদিকে আবদ্ধ জল যার **উত্তর: ক**
**ব্যাখ্যা:** যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটির অর্থ না বুঝিয়ে, অন্য কোনো পদকে বোঝায়, তাকে বহুব্রীহি সমাস বলে।
**নিপাতনে সিদ্ধ:** দুদিকে অপ যার=দ্বীপ অন্তর্গত অপ যার = অন্তরীপ

০২. **'পন্ডিতমূর্খ' শব্দটির ব্যাসবাক্য নিচের কোনটি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]*
ক. পান্ডিত্যের দ্বারা যিনি মূর্খ খ. জ্ঞান থাকতেও যিনি মূর্খ
গ. পান্ডিত্যে যিনি মূর্খ ঘ. পন্ডিত হয়েও যিনি মূর্খ **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** দুদিকে অপ যার = দ্বীপ
জীবিত থেকেও যে মৃত = জীবন্মৃত
পন্ডিত হয়েও যিনি মূর্খ = পন্ডিতমূর্খ
উপরোক্ত উদাহরণসমূহ নিপাতনে সিদ্ধ (কোনো নিয়মের অধীনে নয়) বহুব্রীহির অন্তর্গত।

০৩. **কোনটি বহুব্রীহি সমাসে নিষ্পন্ন? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]**
ক) চৌরাস্তা খ) বীণাপানি
গ) চুলাচুলি ঘ) সিংহাসন **উত্তর: খ, গ**
**ব্যাখ্যা:** চৌরাস্তার সমাহার = চৌরাস্তা (দ্বিগু সমাস),
বীণা পাণিতে যার = বীণাপাণি (বহুব্রীহি সমাস),
চুলে চুলে যে ঝগড়া = চুলাচুলি (বহুব্রীহি সমাস)
সিংহ চিহ্নিত আসন = সিংহাসন (মধ্যপদলোপী কর্মধারয় সমাস)।

০৪. **বহুব্রীহি সমাস কয় প্রকার?** ***[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]***
ক. আট প্রকার খ. ছয় প্রকার
গ. দশ প্রকার ঘ. তিন প্রকার **উত্তর: ক**

০৫. **নিচের কোনটি মধ্যপদলোপী বহুব্রীহি সমাসের উদাহরণ নয়?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*
ক. বেতার খ. বিড়াল চোখি
গ. মেনিমুখো ঘ. হাতেখড়ি **উত্তর: ক**
**ব্যাখ্যা:** বে (নাই) তার যার = বেতার নঞ বহুব্রীহি সমাস। অন্যদিকে, বিড়ালচোখী, হাতেখড়ি ও মেনিমুখো মধ্যপদলোপী বহুব্রীহি সমাস।

০৬. **নিচের কোন শব্দটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** ***[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]***
ক. বীণাপাণি খ. চৌরাস্তা
গ. বনস্পতি ঘ. সিংহাসন **উত্তর: ক**
**ব্যাখ্যা:** বীণা পাণিতে যার=বীণাপাণি (ব্যাধিকরণ বহুব্রীহি সমাস)।

০৭. **কোনটি বহুব্রীহি সমাসের উদাহরণ?** ***[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]***
ক. সুবর্ণ (সু বর্ণ যার) খ. বৃষ্টি ধৌত (বৃষ্টিতে ধৌত)
গ. ক্রোধানল (ক্রোধরূপ অনল) ঘ. হররোজ (রোজ রোজ) **উত্তর: ক**

**ব্যাখ্যা:** সম অর্থপূর্ণ দুটি পদের মিলন হলে তাকে বলা হয় সমার্থে বা সমার্থক দ্বন্দ্ব সমাস। যেমন: হাট-বাজার, ঘর-দুয়ার, কল-কারখানা, মোল্লা-মৌলভি, খাতা-পত্র ইত্যাদি। বিপরীতার্থক দ্বন্দ্ব সমাস- আয়-ব্যয়, জমা-খরচ, লাভ-লোকসান। মিলনার্থক দ্বন্দ্ব সমাস- মা-বাপ, মাসি-পিসি, চা-বিস্কুট। বিরোধার্থক দ্বন্দ্ব সমাস- দা-কুমড়া, অহি-নকুল, স্বর্গ-নরক।

০৩. **আমি, তুমি ও সে–** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. সবাই খ. আমরা
গ. আমাদের ঘ. সকলে **উত্তর: খ**
**ব্যাখ্যা:** আমি, তুমি ও সে = আমরা (দ্বন্দ্ব সমাস)।

০৪. **'জয়া ও পতি' সমাস করলে কি হয়?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*
(ক) পতি-পত্নী (খ) দম্পতি
(গ) জয়া-পতি (ঘ) স্বামী-স্ত্রী **উত্তর: খ**
**ব্যাখ্যা:** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। পূর্বপদ ও পরপদের সম্বন্ধ বোঝানোর জন্য ব্যাস বাক্যে এবং, ও, আর এ তিনটি অব্যয় পদ ব্যবহৃত হয়। জমা ও খরচ = জমাখরচ, মাতা ও পিতা = মাতাপিতা।

০৫. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. দম্পতি খ. মহাবীর
গ. নিটোল ঘ. প্রতিদিন **উত্তর: ক**

০৬. **হাট-বাজার কোন অর্থে দ্বন্দ্ব?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]*
(ক) মিলনার্থে (খ) সমার্থে
(গ) বিপরীতার্থে (ঘ) বিয়োগার্থে **উত্তর: খ**
**ব্যাখ্যা:** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থের প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে।

০৭. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (তিস্তা)-২০১০]*
ক. অন্যায় খ. অনাসক্ত
গ. আমরণ ঘ. অহি নকুল **উত্তর: ঘ**
**ব্যাখ্যা:** অহি ও নকুল = অহিনকুল (দ্বন্দ্ব সমাস)।

০৮. **'দম্পতি' শব্দটি কোন সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় (পিইডিপি-২) সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৬]*
(ক) দ্বন্দ্ব সমাস (খ) তৎপুরুষ সমাস
(গ) দ্বিগু সমাস (ঘ) কর্মধারয় সমাস **উত্তর: ক**
**ব্যাখ্যা:** সম্বন্ধবাচক দ্বন্দ্ব : জায়া ও পতি = দম্পতি।

০৯. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৫]*
(ক) ভাইবোন (খ) সিংহাসন
(গ) কানাকানি (ঘ) গাছপাকা **উত্তর: ক**

## কর্মধারয় সমাস

০১. **'কাজলকালো' এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. কাজলের ন্যায় কালো
খ. কাজল ও কালো
গ. কাজল রূপ কালো ঘ. কালো ও কাজল **উত্তর: ক**
**ব্যাখ্যা:** কাজলের ন্যায় কালো = কাজলকালো (উপমান কর্মধারয় সমাস)।

০২. **রাজর্ষি এর ব্যাসবাক্য কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]*
ক. যিনি ঋষি তিনিই রাজা খ. যিনি রাজা তিনিই ঋষি
গ. যিনি রাজা তিনি ঋষি
ঘ. যিনি ঋষি তিনি রাজা **উত্তর: খ**
**ব্যাখ্যা:** বিশেষণ ও বিশেষ্য পদ মিলে যে সমাস হয় এবং বিশেষ্যের বা পরপদের অর্থই প্রধানরূপে প্রতীয়মান হয়, তাকে বলা হয় কর্মধারয় সমাস। এ যেমন- যিনি রাজা তিনিই ঋষি = রাজর্ষি। তেমনি কয়েকটি কর্মধারয় সমাসের উদাহরণ : যে চালাক সেই চতুর = চালাক-চতুর; যিনি জজ তিনিই সাহেব = জজ সাহেব; যিনি লাট তিনিই সাহেব = লাটসাহেব।

০৩. **মনমাঝি-এর সঠিক ব্যাসবাক্য কোনটি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*
ক. মনের মাঝি খ. মন রূপ মাঝি
গ. মন মাঝির ন্যায় ঘ. মন ও মাঝি **উত্তর: খ**
**ব্যাখ্যা:** উপমিত ও উপমানের অভেদ কল্পনামূলক সমাসকে বলা হয় রূপক কর্মধারয় সমাস। যেমন- মন রূপ মাঝি = মনমাঝি। তেমনি আরো কয়েকটি কর্মধারয় সমাস হলো বিষাদ রূপ সিন্ধু = বিষাদসিন্ধু; জীবন রূপ প্রদীপ = জীবনপ্রদীপ; জীবন রূপ তরী = জীবনতরী; শোক রূপ সাগর = শোকসাগর।

০৪. **প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয়-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. উপমিত খ. উপমান
গ. উপমেয় ঘ. রূপক **উত্তর: গ**

| | |
|---|---|
| উপমিত | সাধারণ গুণের উল্লেখ না করে উপমেয় পদেসাথে |
| উপমান | যার সঙ্গে তুলনা করা হয় তাকে উপমান বলে। |
| রূপক | উপমান ও উপমেয়কে |

০৫. **'চাঁদ মুখ' কোন সমাস?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. অব্যয়ীভাব খ. রূপক
গ. উপমিত ঘ. উপমান **উত্তর: গ**
**ব্যাখ্যা:** চাঁদ রূপ মুখ-চাঁদমুখ (রূপক কর্মধারয় সমাস)।
চাঁদেও ন্যায় মুখ - চাঁদমুখ ( উপমিত কর্মধারয় সমাস)।

০৬. **বিশেষণের সাথে বিশেষ্যের যে সমাস হয় তার নাম কি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (যমুনা)-২০১২]*
ক. দ্বন্দ্ব সমাস খ. কর্মধারয় সমাস
গ. তৎপুরুষ সমাস ঘ. বহুব্রীহি সমাস **উত্তর: খ**
**ব্যাখ্যা:** কর্মধারয় সমাসে সাধারণত যে, যিনি, যেটি ইত্যাদি শব্দ ব্যাসবাক্যে ব্যবহৃত হয়।

০৭. **নিচের কোন শব্দটি রূপক কর্মধারয় সমাসের একটি উদাহরণ?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. জলযান খ. মনমাঝি
গ. সিংহদ্বার ঘ. একাদশ **উত্তর: খ**
**ব্যাখ্যা:** মন রূপ মাঝি=মনমাঝি (রূপক কর্মধারয় সমাস)।

০৮. **নিচের কোনটি কর্মধারয় সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]*
ক. খাসমহল খ. রাজর্ষি
গ. আকণ্ঠ ঘ. মৌলভী সাহেব **উত্তর:**
[Note: ক ও খ দুটি উত্তরই সঠিক।]

০৯. **কর্মধারয় সমাসে কোন পদ প্রধান?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২]*
(ক) পূর্ব পদ (খ) পর পদ
(গ) উভয় পদ (ঘ) অন্য পদ **উত্তর: খ**

১০. **কোনটি কর্মধারয় সমাসের উদাহরণ ?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*
ক. দুর্ভিক্ষ (ভিক্ষার অভাব) খ. নীলকণ্ঠ (নীল কণ্ঠ যার)
গ. দম্পতি (জায়া ও পতি)
ঘ. একাদশ (একের অধিক দশ) **উত্তর: ঘ**

৬৮. **'যে রোগ নির্ণয়ে হাতড়ে মরে' -এক কথায় কী হবে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- খুলনা]*

ক. অনভিজ্ঞ খ. অরিন্দম

গ. হাতুড়ে ঘ. ওষধি **উত্তর: গ**

৬৯. **'বিশ্বজনের হিতকর' -এক কথায় কী হবে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- খুলনা]*

ক. বিশ্বজনীন খ. সর্বজনীন

গ. সার্বজনীন ঘ. হিতৈষী **উত্তর: ক**

৭০. **'যিনি অধিক কথা বলেন না।'- এক কথায় কী হবে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ করতোয়া]*

ক. সংযত খ. মিতভাষী

গ. অল্পভাষী ঘ. সন্ন্যাসী **উত্তরঃ খ**

**ব্যাখ্যাঃ** অল্প কথা বলে যে - অল্পভাষী।

৭১. **যে বিষয়ে কোনো বিতর্ক নেই-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*

ক. অবিমৃষ্যকারী খ. অবিতর্ক

গ. অবিমিশ্যকারী ঘ. অবিসংবাদী **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** যে ভবিষ্যত না ভেবেই কাজ করে=অবিমৃষ্যকারী।

৭২. **যে জমিতে ফসল জন্মায় না-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*

ক. পতিত খ. অনুর্বর

গ. উষর ঘ. বন্ধ্যা **উত্তরঃ গ**

| | |
|---|---|
| বন্ধ্যা | যে নারীর সন্তান হয় না |
| অনুর্বর | যে জমির উৎপাদিকা শক্তি নাই |

৭৩. **'অবাক্ষ জলে নেমে স্নান।'- এক কথায় কী হবে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা:২০১২ কর্ণফুলী]*

ক. স্নান খ. প্রক্ষালন

গ. অবগাহন ঘ. পদধৌত **উত্তরঃ গ**

৭৪. **যার কোন উপায় নাই- এক কথায় কি হবে?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১১-শিউলি]*

ক. নিরূপায় খ. নাচার

গ. অনন্যপ্যায় ঘ. উপায়হীন **উত্তরঃ ক**

৭৫. **'যে বহু বিষয় জানে'- এক কথায়-** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১১- টগর]*

ক. বহুদর্শী খ. সর্বজ্ঞ

গ. সবাজান্তা ঘ. কোনটিই নয় **উত্তরঃ ঘ**

**ব্যাখ্যাঃ** সবকিছু জানে এমন - সর্বজ্ঞ/ সবজান্তা

৭৬. **'যা অধ্যয়ন করা হয়েছে' এক কথায় কি হবে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২ - সুরমা]*

ক. পঠিত খ. অধীত

গ. অধ্যয়িত ঘ. অধ্যায়িত **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** পড়া হয়েছে যা = পঠিত।

৭৭. **কর দান করে যে-** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ২০১১- টগর]*

ক. করদ খ. আশ্রিত

গ. অধীন ঘ. প্রজা **উত্তরঃ ক**

৭৮. **খেয়াপার করে যে তাকে বলা হয়-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*

ক. মাঝি খ. ঘাটাল

গ. পাটনী ঘ. কর্ণধার **উত্তরঃ গ**

# সমাস

০১. **সমাস' শব্দের অর্থ কী ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩/* ***প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]***

ক) সংযোজন খ) সংশ্লেষণ

গ) বিশ্লেষণ ঘ) সংক্ষেপণ **উত্তর: ঘ**

**ব্যাখ্যাঃ** সমাস শব্দের অর্থ সংক্ষেপণ, মিলন। একাধিক পদের মিলিত হওয়াকে সমাস শব্দ তৈরি ও প্রয়োগের একটি বিশেষ রীতি। সমাস প্রধানত ছয় প্রকার।

০২. **সমাসের রীতি কোন ভাষা থেকে আগত?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. আরবি খ. ফারসি

গ. ইংরেজি ঘ. সংস্কৃত **উত্তর: ঘ**

০৩. **সমাসবদ্ধ পদের পরবর্তী অংশকে কি বলা হয়?** ***[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/*** *প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. উত্তর পদ খ. পর পদ

গ. দক্ষিণ পদ ঘ. পূর্ব পদ **উত্তর:ক, খ**

**ব্যাখ্যাঃ** সমাসবদ্ধ পদের প্রথম অংশকে পূর্ব পদ আর শেষ অংশকে পর পদ বা উত্তর পদ বলে।

০৪. **যে যে পদে সমাস হয় তাদের প্রত্যেকটির নাম কি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (পদ্মা)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (শরৎ)-২০১০]*

(ক) ব্যাসবাক্য (খ) সমস্যমান পদ

(গ) সমাসবাক্য (ঘ) সমস্তপদ **উত্তরঃ খ**

**ব্যাখ্যাঃ** সমস্ত পদ বা সমাসবদ্ধ পদটির অন্তর্গত পদগুলোকে সমস্যমান পদ বলে। সমাসের প্রক্রিয়ায় সমাসবদ্ধ বা সমাসনিষ্পন্ন পদটির নাম সমস্ত পদ। সমস্ত পদকে ভেঙে যে বাক্যাংশ করা হয়, তার নাম সমাসবাক্য/ ব্যাসবাক্য/বিগ্রহবাক্য। উদাহরণ ঃ

সিংহ চিহ্নিত আসন = সিংহাসন।

| | |
|---|---|
| সমস্ত পদ | ঃ সিংহাসন। |
| ব্যাসবাক্য | ঃ সিংহ চিহ্নিত আসন। |
| সমস্যমান পদ | ঃ সিংহ, আসন। |
| পূর্বপদ | ঃ সিংহ। |
| পরপদ/ উত্তরপদ | ঃ আসন। |

০৫. **সমাস কত প্রকার?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (কপোতাক্ষ)-২০১০]*

ক. ৪ প্রকার খ. ৮ প্রকার

গ. ৬ প্রকার ঘ. ১০ প্রকার **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** সমাস ছয় প্রকার। যথা দ্বন্দ্ব সমাস; কর্মধারয় সমাস; তৎপুরুষ সমাস; বহুব্রীহি সমাস; দ্বিগু সমাস এবং অব্যয়ীভাব সমাস।

# দ্বন্দ্ব সমাস

০১. **কোনটি দ্বন্দ্ব সমাসের উদাহরণ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) কানাকানি খ) ভাইবোন

গ) গাছপাকা ঘ) সিংহাসন **উত্তর: খ**

**ব্যাখ্যাঃ** যে সমাসে প্রত্যেকটি সমস্যমান পদের অর্থে সমান প্রাধান্য থাকে, তাকে দ্বন্দ্ব সমাস বলে। যেমন – তাল ও তমাল = তাল – তমাল। এরূপ – ভাই-বোন, মাসি-পিসি, তুমি-আমি।

০২. **'হাট-বাজার' কোন অর্থে দ্বন্দ্ব সমাস?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) বিপরীতার্থে খ) মিলনার্থে

গ) বিরোধার্থে ঘ) সমার্থে **উত্তর: ঘ**

৫০. **'কর্মে যার ক্লান্তি নাই'- এ বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. ক্লান্তিহীন খ. অক্লান্তকর্মী
গ. অবিশ্রাম ঘ. অক্লান্ত **উত্তর: খ**

ব্যাখ্যাঃ কর্মে যার ক্লান্তিনাই- অক্লান্তকর্মী। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : যা বলা হয়নি- অনুক্ত, যা বলার যোগ্য নয়- অকথ্য, যার অন্য উপায় নেই- অনন্যোপায়, যার কোনো উপায় নেই- নিরুপায়।

৫১. **অক্ষির সমীপে'র সংক্ষেপ হলো—** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) সমক্ষ (খ) পরোক্ষ
(গ) প্রত্যক্ষ (ঘ) নিরপেক্ষ **উত্তর: ক**

ব্যাখ্যাঃ **অক্ষির অভিমুখে = প্রত্যক্ষ**
**অক্ষির অগোচরে = পরোক্ষ**
**অক্ষির সমীপে = সমক্ষ**

৫২. **যার কোন উপায় নেই এক কথায় কী হবে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. নাচার খ. নিরুপায়
গ. অনন্যোপায় ঘ. অনুপায় **উত্তরঃ খ**

ব্যাখ্যাঃ যার অন্য কোনো উপায় নেই-অনন্যোপায়।

৫৩. **ক্ষমার যোগ্য-এর বাক্য সংকোচন-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. ক্ষমা খ. ক্ষমাপ্রার্থী
গ. ক্ষমার্হ ঘ. ক্ষমাপ্রদ **উত্তর: গ**

ব্যাখ্যাঃ ক্ষমার যোগ্য=ক্ষমার্হ।

৫৪. **অকালে যাকে জাগরণ করা হয়, তাকে এক কথায় কি বলে?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]*

(ক) অকুতোভয় (খ) অনন্যসাধারণ
(গ) অঘটন ঘটন পটিয়সী (ঘ) অকাল বোধন **উত্তরঃ ঘ**

ব্যাখ্যাঃ যার কোথাও কোনো ভয় নেই = অকুতোভয়;
যা সাধারণের মধ্যে দেখা যায় না = অনন্যসাধারণ;
যে নারী অঘটন ঘটাতে পারদর্শী = অঘটনঘটনপটিয়সী

৫৫. **যে বক্তি এক দরজা থেকে অন্য দরজায় ভিক্ষা করে বেড়ায়, তাকে কি বলে?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১১-গোলাপ]*

ক. মাধুকর খ. মাধুকরী
গ. মধুকর ঘ. মধুকরী **উত্তরঃ খ**

৫৬. **'শহীদ' শব্দের অর্থ কি? *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক ০৩]***

ক. বলি
খ. আল্লাহ প্রদত্ত দ্বীন তথা ইসলাম কায়েম এবং রক্ষার জন্য যিনি যুদ্ধে নিহত হন
গ. মৃত ঘ. খুন **উত্তরঃ খ**

৫৭. **যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানে না'-বাক্যটির বাক্যসংকোচন নিচের কোনটি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০]*

ক) অজ্ঞাতকুলশীল খ) বংশপরিচয়হীন
গ) কুলবংশহীন ঘ) 'অজ্ঞাতকুলীন **উত্তরঃ ক**

ব্যাখ্যাঃ যার বংশ পরিচয় এবং স্বভাব কেউই জানে না- অজ্ঞাতকুলশীল; যার বংশ পরিচয় নেই- বংশপরিচয়হীন; যার কুল-বংশ নেই - কুলবংশহীন।

৫৮. **যিনি বক্তৃতা দানে পটু -** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- রাজশাহী]*

ক. বাগ্মী খ. বাক্‌পটু
গ. সুবক্তা ঘ. অনলবর্ষী **উত্তর: ক**

ব্যাখ্যাঃবাক্‌পটু – কথা বলায় পারদর্শী।
অনলবর্ষী – অগ্নিবর্ষী।

৫৯. **'যা আঘাত পায়নি'- এর বাক্য সংকোচন কী?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. অনিরুদ্ধ খ. নির্ঘাত
গ. অনাঘাত ঘ. অনাহত **উত্তর: ঘ**

ব্যাখ্যাঃ অনিরুদ্ধ – অপ্রতিহত, অবাধ।

৬০. **'যার আগমনের কোন তিথি নেই' তাকে কলা হয় :** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১]*

ক. তীর্থযাত্রী খ. আগন্তুক
গ. অতিথি ঘ. তিথিহীন **উত্তর: গ**

ব্যাখ্যাঃ যার আগমনে কোনো তিথি নেই — অতিথি।

৬১. **যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না, তাকে বলে— .,** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. ক্ষণপ্রভা খ. রাগ
গ. ক্ষণস্থায়ী জ্যোতি ঘ. অনুসূয়া **উত্তর: ক**

ব্যাখ্যাঃ যার জ্যোতি বেশিক্ষণ স্থায়ী হয় না— ক্ষণপ্রভা। আরো কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : যে নারীর অসূয়া (হিংসা) নেই— অনুসূয়া, যে শুনেই মনে রাখতে পারে— শ্রুতিধর, যে সকল অত্যাচারই সয়ে যায়— সর্বংসহ, যে ভবিষ্যৎ না ভেবেই কাজ করে— অবিমৃষ্যকারী।

৬২. **বাক্য সংকোচন: হাতির বাসস্থান** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]*

ক. গজগৃহ খ. হাতিগৃহ
গ. গুরুগৃহ ঘ. খাদা **উত্তর: ক**

ব্যাখ্যাঃ হাতির সমার্থক শব্দ হস্তি, গজ ইত্যাদি। 'গজ' ও 'গৃহ' সংস্কৃত শব্দদ্বয়ের সমন্বয়ে গঠিত হয়েছে 'গজগৃহ'। অন্যদিকে 'গুরুগৃহ' শব্দের অর্থ- শিক্ষকের বাড়ি এবং 'খাদা' শব্দের অর্থ জমির পরিমাণবিশেষ।

৬৩. **'ঈষৎ পাংশুবর্ণ-এর বাক্য সংকোচন—** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) পীত (খ) কয়রা
(গ) ধূসর (ঘ) আরক্ত **উত্তর: খ**

ব্যাখ্যাঃ কয়রা - পীত ঈষৎ পাংশুবর্ণ; ধূসর - পাংশু ছাই রং : আরক্ত - ঈষৎ রক্তবর্ণ; পীত - হলুদ রং।

৬৪. **'কর্ম সম্পাদনে অতিশয় দক্ষ' বাক্যের সংক্ষিপ্ত রূপ-** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

ক. কর্মী খ. কর্মনিষ্ঠ
গ. কর্মঠ ঘ. কর্মোদ্যমী **উত্তরঃ গ**

ব্যাখ্যাঃ কর্মঠ = কর্ম সম্পাদনে পরিশ্রমী
কর্মনিষ্ঠ = কর্মে নিষ্ঠাযুক্ত

৬৫. **'কথায় বর্ণনা করা যায় না যা'-এ বাক্যের সংক্ষিপ্ত রূপ কী?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. অনির্বচনীয় খ. অবর্ণনীয়
গ. নির্বচনীয় ঘ. বর্ণনাতীত **উত্তর: খ**

ব্যাখ্যাঃ এক কথায়: কথায় বর্ণনা করা যায় না যা = অবর্ণনীয়।

৬৬. **ইহলোকে যা সামান্য নয়'-এক কথায় কি হবে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. অনন্যসাধারণ খ. আনন্যসাধারণ
গ. আলোকসামান্য ঘ. অলোকসামান্য **উত্তরঃ গ**

ব্যাখ্যাঃ যা সাধারণের মধ্যে দেখা যায় না=অনন্য সাধারণ।

৬৭. **যে ভূমিতে ফসল জন্মায় না-এক কথায় কী হবে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. পতিত খ. বন্ধ্যা
গ. অনুর্বর ঘ. উষর **উত্তরঃ ঘ**

| | |
|---|---|
| বন্ধ্যা | যে নারীর সন্তান হয় না |
| অনুর্বর | যে ভূমি উর্বর নয় |

| | |
|---|---|
| অকৃতজ্ঞ | যে উপকারীর উপকার স্বীকার করে না |
| কৃতঘ্ন | যে উপকারীর অপকার করে |

৩১. উপকারীর উপকার স্বীকার করে না যে - [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক ৯৩]
ক. উপচিকির্ষা খ. অকৃতজ্ঞ
গ. কৃতঘ্ন ঘ. কোনটিই নয় উত্তরঃ খ

৩২. সাপের খোলসকে এক কথায় বলা হয় - [১৬তম শিক্ষক নিবন্ধন, কলেজ/সমপর্যায়: ২০১৯/১৫তম প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৯/ দ্বাদশ বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল পর্যায়) ২০১৫/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. অজিন খ. নির্মোক
গ. আঁইস ঘ. ছলম উত্তরঃ খ
ব্যাখ্যাঃ উরস (বক্ষ) দিয়ে হাটে যে =উরগ, বাঘের চর্ম = কৃত্তি।

৩৩. যে গাছে ফল ধরে কিন্তু ফুল ধরে না, তাকে এক কথায় কি বলে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-ঢাকা/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক ০২]
ক. পরগাছা খ. আগাছা
গ. বর্ণচোরা ঘ. বনস্পতি উত্তরঃ ঘ

৩৪. "যে আপনার রং লুকায় তাকে এক কথায় কী বলে? [সরকারি মাধ্যমিক বিদ্যালয়: সহকারী শিক্ষক ২০১৯]
ক) অদৃশ্য খ) বর্ণচোরা
গ) ভূতপূর্ব ঘ) ফুলেল উত্তরঃ খ

৩৫. আপনাকে পন্ডিত মনে করে যে- এক কথায় কি হবে? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]
(ক) অতিপন্ডিত (খ) মহাপন্ডিত
(গ) পন্ডিত নেতা (ঘ) পন্ডিতম্মন্য উত্তরঃ ঘ

৩৬. এক বিষয়ে যার চিত্ত নিবিষ্ট - এক কথায় হবে ? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]
(ক) একাগ্রচিত্ত (খ) একমনা
(গ) অন্যমনা (ঘ) মনোযোগী উত্তরঃ ক

৩৭. যে স্ত্রীলোক প্রিয় কথা বলে, তাকে বলা হয়--[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. প্রিয়ংবদা খ. অবীরা
গ. মাধুকর ঘ. কেকা উত্তরঃ ক
ব্যাখ্যা: যে নারীর হাসি সুন্দর = সুহাসিনী।

৩৮. সূর্যও যে নারীর মুখ দেখতে পারে না, তাকে এক কথায় কি বলে? [মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক ০৩]
ক. অদৃষ্টসূর্য খ. অসূর্যম্পশ্যা
গ. অসূর্যদ্রষ্টা ঘ. অসূর্যপ্রেক্ষা উত্তরঃ খ

৩৯. অগ্র পশ্চাৎ বিবেচনা করে কাজ করে না যে- [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক, চট্টগ্রাম বিভাগঃ ০২]
ক. অদ্যান্ত খ. মুর্খ্য
গ. অনভিজ্ঞ ঘ. অবিমৃষ্যকারী উত্তরঃ ঘ

৪০. জন্মহীন মৃত্যুহীন-[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯]
ক) অয খ) আমৃত্যু
গ) অজ ঘ) অজেয় উত্তর: গ
ব্যাখ্যাঃ জন্মহীন মৃত্যুহীন – অজ; জয় করা যায় না এমন– অজেয়; মৃত্যু পর্যন্ত–আমৃত্যু।

৪১. দুবার জন্মে যা - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. দ্বিজন্মা খ. পুনর্জন্মা
গ. দ্বৈত জন্ম ঘ. দ্বিজ উত্তর: ঘ
ব্যাখ্যাঃ পুনর্জন্ম বি - মৃত্যুর পর পুনর্বার জন্মগ্রহণ।

৪২. 'মৃতের মত অবস্থা যার' তাকে এক কথায় কি বলা হয়? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫ /প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩]
(ক) মৃতবৎ (খ) আনমনা
(গ) জীবন্মৃত (ঘ) মুমূর্ষু উত্তর: ঘ
ব্যাখ্যাঃ যে নারীর সন্তান বাঁচে না - মৃতবৎসা:
জীবিত থেকেও যে মৃত – জীবন্মৃত
মৃতের মত অবস্থা - মুমূর্ষু

৪৩. ব্যয় করতে কুণ্ঠাবোধ করেন যিনি'- এর বাক্য সংকোচন কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. ব্যয়কুণ্ঠ খ. হিসাবি
গ. মিতব্যয়ী ঘ. কৃপণ উত্তর: ঘ
ব্যাখ্যাঃ মিতব্যয়ী = আয় অনুসারে ব্যয় করেন যিনি।

৪৪. 'যা দীপ্তি পাচ্ছে'-এক কথায় প্রকাশ করুন। [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. দেদীপ্যমান খ. দীপ্তমান
গ. উজ্জ্বল ঘ. আলোকিত উত্তর: ক
ব্যাখ্যাঃ যা দীপ্তি পাচ্ছে = দেদীপ্যমান। দীপ্তিমান = উজ্জ্বল।

৪৫. যার দুই হাত সমান চলে, তাকে কি বলে? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]
ক. সব্যসাচি খ. দু'হাতি
গ. সমান তালী ঘ. সব্যচাষি উত্তর: ক
ব্যাখ্যাঃ যার দুই হাত সমান চলে, উভয় হস্তে শর চালনায় দক্ষ, একসঙ্গে একাধিক কাজ করতে সক্ষম এমন ব্যক্তিকে সব্যসাচী বলে।

৪৬. যে ব্যক্তির দুহাত সমান চলে'-এক কথায় কি হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]
ক. দোহাতী খ. সব্যসাচী
গ. দ্বিজ ঘ. পরভর্তৃকা উত্তরঃ খ
ব্যাখ্যাঃ

| | |
|---|---|
| দ্বিজ | দুবার জন্মে যা |
| পরবর্তৃকা/পরভর্তৃকা | যে নারী অপরের দ্বারা প্রতিপালিত |

৪৭. 'গবাদি পশুর পাল' –এর সংক্ষেপ হলো– [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (চতুর্থ ধাপ) ২০১৯]
ক) বাথান খ) গোশালা
গ) কস্তা ঘ) পশুপাল উত্তর : ক
ব্যাখ্যা: 'গবাদি পশুর পাল' –এর সংক্ষেপ হলো– বাথান। গোশালা ও কস্তা শব্দের অর্থ যথাক্রমে গোয়ালঘর ও রক্তবর্ণ। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ: চক্ষুর সম্মুখে সংঘটিত – চাক্ষুষ, উপকারীর উপকার যে স্বীকার করে – কৃতজ্ঞ, উপকারীর অপকার যে করে – কৃতঘ্ন, ইতিহাস রচনা করেন যিনি – ঐতিহাসিক, ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি – ইতিহাসবেত্তা।

৪৮. 'দিন যায় কথা থাকে' এখন 'যায়' কী অর্থে ব্যবহৃত হয়েছে ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯]
ক) গমন খ) অতিবাহিত
গ) বলা ঘ) ধারাবহিকতা উত্তর : খ

৪৯. বিনা যত্নে উৎপন্ন হয় যা - এর বাক্য সংকোচন কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. অনায়াসলব্ধ খ. অযত্নসম্ভূত
গ. অযত্নজাত ঘ. অযত্নলব্ধ উত্তর: খ
ব্যাখ্যা: অনায়াসলব্ধ = বিনা আয়াসে পাওয়া গেছে এমন;
অযত্নলব্ধ = বিনা যত্নে লাভ করা গিয়েছে যা ।

**ব্যাখ্যা:** এককথায় প্রকাশ: অক্ষির সমীপে সমক্ষ। পক্ষপাতদুষ্ট নয় এমন নিরপেক্ষ। অক্ষির অগোচরে পরোক্ষ। অক্ষির অভিমুখে – প্রত্যক্ষ।

১১. **যা স্থায়ী নয়**– *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*
ক. নশ্বর খ. অস্থায়ী
গ. ক্ষণস্থায়ী ঘ. ক্ষণিক **উত্তর: খ**
**ব্যাখ্যা:** নশ্বর = নষ্ট হওয়াই স্বভাব যার;
ক্ষণস্থায়ী = ক্ষণকাল ব্যাপিয়া স্থায়ী।

১২. **'যার বাসস্থান নেই'-বাক্যের এক কথায় প্রকাশ কি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. অনিকেতন খ. উদ্বাস্তু
গ. অনুজ ঘ. একাহারী **উত্তরঃ ক**

| | |
|---|---|
| উদ্বাস্তু | স্থায়ী ঠিকানা নেই যার<br>যে বস্তি থেকে উৎখাত হয়েছে |
| অনুজ | অনুতে (পরে) জন্মেছে যে |
| একাহারী | দিনে একবার মাত্র আহার করে যে |

১৩. **'নষ্ট হওয়ার স্বভাব যার' এক কথায় হবে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. নিদাঘ খ. নশ্বর
গ. নষ্টমান ঘ. বিনশ্বর **উত্তরঃ খ**

১৪. **যে বস্তি থেকে উৎখাত হয়েছে-এক কথায় কী হবে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. উদ্বাস্তু খ. সর্বহারা
গ. বস্তিহীন ঘ. কাঙ্গাল **উত্তরঃ ক**
**ব্যাখ্যা:** যে সব হারিয়েছে=সর্বহারা।

১৫. **'স্থায়ী ঠিকানা নেই যার' এক কথায় প্রকাশ কোনটি শুদ্ধ?** *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০]*
ক. বস্তিবাসী খ. টোকাই
গ. ঠিকানাবিহীন ঘ. উদ্বাস্তু **উত্তরঃ ঘ**

| | |
|---|---|
| উদ্বাস্তু | স্থায়ী ঠিকানা নেই যার<br>যে বস্তি থেকে উৎখাত হয়েছে |
| অনুজ | অনুতে (পরে) জন্মেছে যে |
| একাহারী | দিনে একবার মাত্র আহার করে যে |

১৬. **সঠিক উত্তর কোনটি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. হত্যা করার ইচ্ছা=জিঘাংসা খ. গম্ভীর ধ্বনি-বৃক্কন
গ. হয়ত হবে=সম্ভাব্য ঘ. যা লাফিয়ে চলে=ভুরগ
**উত্তরঃ ক, গ**

| | |
|---|---|
| মন্দ্র | গম্ভীর ধ্বনি |
| প্লবগ (ব্যাঙ/বানর) | যা লাফিয়ে চলে |

১৭. **'হনন করার ইচ্ছাকে' এক কথায় কি বলে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- সিলেট]*
ক. জিঘাংসা খ. জিগীষা
গ. দিদৃক্ষা ঘ. জুগুপ্সা **উত্তরঃ ক**

১৮. **'ভোজন করার ইচ্ছা'- এক কথায় কী হবে?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২-ঢাকা]*
ক. পেটুক খ. ভোজনবিলাসী
গ. বুভুক্ষা ঘ. খাদক **উত্তর: গ**

১৯. **'জানবার ইচ্ছা' এ বাক্যটির বাক্য সংকোচন কি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক: ৯৪]*
ক. জিগীষা খ. জিজ্ঞাসা
গ. জিঘাংসা ঘ. জুগুপ্সা **উত্তরঃ খ**

২০. **'বরনের যোগ্য যিনি' বাক্যটিকে এক কথায় প্রকাশ করুন।** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*
ক. বরনীয় খ. বরেণ্য
গ. বীরপুরুষ ঘ. বীর **উত্তর: খ**
**ব্যাখ্যা:** বরণের যোগ্য যিনি — বরেণ্য। বরণীয় অর্থ বরণের উপযুক্ত, বরণযোগ্য, প্রার্থনীয়। বীর অর্থ নির্ভীক ও বলবান। বীরপুরুষ অর্থ সাহসী ও শক্তিমান পুরুষ।

২১. **যা নিন্দার যোগ্য নয়**-*[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. নিন্দীয় খ. প্রশংসনীয়
গ. অনিন্দ্য ঘ. প্রশংসার যোগ্য **উত্তরঃ গ**
**ব্যাখ্যা:** প্রশংসার যোগ্য = প্রশংসার্হ।

২২. **চেটে খায় যা** - *[প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী ২০১৩]*
ক. চাটনী খ. লেহ্য
গ. চোষ্য ঘ. চর্ব্য **উত্তর: খ**

২৩. **এক কথায় প্রকাশ করুন 'যা বলা হয়নি'?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১১-শিউলি]*
ক. অউক্ত খ. অব্যক্ত
গ. অনুক্ত ঘ. অব্যাক্ত **উত্তরঃ গ**

২৪. **'যা পূর্বে ছিল এখন নেই' এক কথায় কি হবে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. অপূর্ব খ. অদৃষ্টপূর্ব
গ. অভূতপূর্ব ঘ. ভূতপূর্ব **উত্তরঃ ঘ**
**ব্যাখ্যা:** অভূতপূর্ব = যা পূর্বে কখনো হয় নি;
অদৃষ্টপূর্ব = যা পূর্বে দেখা যায় নি।

২৫. **'রাত্রির শেষ ভাগ' এক কথায়-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*
ক. পররাত্র খ. মহানিশা
গ. যামিনী ঘ. রাত্রিশেষ **উত্তরঃ ক**
**ব্যাখ্যা:** মহানিশা - রাত্রির মধ্যভাগ; যামিনী - রাত্রি।

২৬. **'দিনের আলো ও সন্ধ্যার আলোর মিলন'-এককথায়** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ: ১১-জবা]*
ক. সায়হ্ন খ. প্রদোষ
গ. অপরাহ্ন ঘ. গোধূলী **উত্তরঃ ঘ**
**ব্যাখ্যা:** সায়হ্ন - দিনের সায় (অবসান) ভাগ; প্রদোষরাত্রির - রাত্রির প্রথম ভাগ; অপরাহ্ন - দিনের অপরভাগ।

২৭. **এক কথায় প্রকাশ করুন: 'ইতিহাস রচনা করেন যিনি'।** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯]*
ক. ইতিহাসবেত্তা খ. ঐতিহাসিক
গ. ইতিহাসবিদ ঘ. উপরের সবগুলো **উত্তর: খ**
**ব্যাখ্যা:** এক কথায় প্রকাশ: ইতিহাস রচনা করেন যিনি – ঐতিহাসিক। ইতিহাস বিষয়ে অভিজ্ঞ যিনি- ইতিহাসবেত্তা ।

২৮. **যিনি ব্যাকরণ রচনা করে, তাঁকে কি বলে?** *[মাধ্যমিক বিদ্যালয় সহকারী প্রধান শিক্ষক: ০৩]*
ক. ব্যাকরণ লেখক খ. ব্যাকরণবিদ
গ. বৈয়াকরণ ঘ. ব্যাকরণ সংকলক **উত্তরঃ খ**

২৯. **'যিনি ভালো ব্যাকরণ জানেন'-এক কথায় কি হয়?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ০০]*
ক. ব্যাকরণ বিশেষজ্ঞ খ. ব্যাকরণবিদ
গ. বৈয়াকরণ ঘ. বৈয়াকরণিক **উত্তরঃ গ**

৩০. **যে উপকারীর উপকার করে, তাকে এক কথায় বলে-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক: ১০]*
ক. অকৃতজ্ঞ খ. কৃতজ্ঞ
গ. কৃতঘ্ন ঘ. অকৃতার্থ **উত্তরঃ খ**

৫৯. 'হাতের পাঁচ- এর সঠিক অর্থ কোনটি? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (টগর)-২০১১]
(ক) নিকট জন (খ) পরমাত্মীয়
(গ) বন্ধু (ঘ) শেষ সম্বল উত্তরঃ ঘ

৬০. 'পালের গোদা'- অর্থ কী? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (মুক্তিযোদ্ধা /শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য) নিয়োগ পরীক্ষা-২০১০]
ক. নৌকার পাল খ. সচল ব্যক্তি
গ. সর্দার ঘ. দলের শক্তিশালী লোক উত্তর: গ

৬১. 'ঢাক ঢাক গুড় গুড়' বাগধারাটির অর্থ কি ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০০৬]
(ক) ঢাক জোরে বাজান (খ) প্রচার
(গ) বিরক্তিকর আওয়াজ (ঘ) লুকোচুরি উত্তর: ঘ

৬২. অমাবস্যা চাঁদ বাগধারাটির অর্থ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৬]
ক. সহজলভ্য খ. দুর্লভ বস্তু
গ. লুকিয়ে ঘ. আমাবস্যার রাতে চাঁদ উত্তর: খ

৬৩. 'উপরোধে ঢেঁকি গেলা' বাগধারাটির অর্থ - [প্রাথমিক বিদ্যালয় (পিইডিপি-২) সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০০৬/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৯]
(ক) অনুরোধে পড়ে অসাধ্য সাধন করা
(খ) অনুরোধে অনিচ্ছা সত্ত্বেও কিছু করা
(গ)চাপে পড়ে অন্যায় কাজ করে ফেলে
(ঘ) অনুরোধে ঢেঁকি গেলা উত্তর: খ

৬৪. কোন বাগধারাটি স্বতন্ত্র অর্থ প্রকাশ করে? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ) -২০০৩]
(ক) সাতেও না পাঁচেও না (খ) দা-কুমড়ো
(গ) সাপে-নেউলে (ঘ) আদায় কাঁচকলায় উত্তর: ক

৬৫. দুধের মাছি প্রবাদটির অর্থ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বাতিল)-২০০২]
(ক) বেহায়া (খ) স্বার্থপর ব্যক্তি
(গ) সুসময়ের বন্ধু (ঘ) চালবাজ লোক উত্তর: গ

৬৬. বাগধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমার্থবোধক? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৭]
(ক) বুদ্ধির ঢেঁকি : গোবর গণেশ (খ) পয়ের খাঁ : ঢাকের কাঠি
(গ) ঘোড়ার ডিম : কাঁঠালের আমসত্ত্ব
(ঘ) গদাইলস্করী চাল : গজেন্দ্র গমন উত্তর: ক

৬৭. যারা বাইরের ঠাঁট বজায় রেখে চলে - এই অর্থের বাগধারা কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]
(ক) দমভারী (খ) রাশভারী
(গ) লেফাফা দুরস্ত (ঘ) কেতাদুরস্ত উত্তর: গ

৬৮. অকাল কুষ্মান্ড বাগধারাটির অর্থ কোনটি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৩]
(ক) অকর্মা (খ) কর্মবিমুখ
(গ) বোকা (ঘ) মূর্খ উত্তর: ক

## এক কথায় প্রকাশ

০১. বাক্য সংকোচন কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]
ক. ইঙ্গিতময় শব্দ ব্যবহার করে বাক্য তৈরি
খ. অসম্পূর্ণ বাক্য
গ. ক্ষুদ্রতম বাক্য
ঘ. একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করা উত্তর: ঘ

ব্যাখ্যাঃ একটি মাত্র শব্দে ভাবকে প্রকাশ করাই হলো বাক্য সংকোচন। অন্যভাবে বলা যায়, একাধিক পদ বা উপবাক্যকে একটি শব্দে প্রকাশ করা হলে তাকে বাক্য সংকোচন বা বাক্য সংক্ষেপণ বলে। সাধারণভাবে কৃৎ বা তদ্ধিত প্রত্যয় যোগে বা সমাস-নিষ্পন্নের দ্বারা কিংবা ভিন্ন শব্দ প্রয়োগ করে বাক্য সংকোচনের প্রক্রিয়া চলে। যেমন- যা বলা হয়নি- অনুক্ত; অলংকারের ধ্বনি- শিঞ্জন।

০২. যা কষ্টে লাভ করা যায়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (প্রথম ধাপ) ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩]
ক. দুর্লভ খ. অলভ্য
গ. কষ্টসাধ্য ঘ. দুর্জয় উত্তরঃ ক

ব্যাখ্যাঃ 'কষ্টে লাভ হয় যা' - এর এককথায় প্রকাশ দুর্লভ। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ এককথায় প্রকাশ : যা কষ্টে জয় করা যায় - দুর্জয়, যা আঘাত পায়নি - অনাহত, যা বলার যোগ্য নয় - অকথ্য, লাভ করার ইচ্ছা- লিপ্সা, হনন করার ইচ্ছা- জিঘাংসা।

০৩. 'যা সহজে অতিক্রম করা যায় না'— এ বাক্যাংশের সংক্ষিপ্ত রূপ কী? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]
ক. অনতিক্রম্য খ. অলঙ্ঘ্য
গ. দুরতিক্রম্য ঘ. দুর্গম উত্তর: ক

ব্যাখ্যাঃ যা সহজে অতিক্রম করা যায় না = অনতিক্রম্য।
যেখানে যাওয়া কষ্টকর = দুর্গম। যা কষ্টে লঙ্ঘন করা যায় = দুর্লঙ্ঘ্য।

০৪. 'যাহা কষ্টে অর্জন করা যায়' তাকে এক কথায় বলে- [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষাঃ ২০১২ করতোয়া/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষকঃ ০১]
ক. দুর্জয় খ. অদম্য
গ. কষ্টার্জিত ঘ. পরিশ্রমলব্ধ উত্তর: গ

ব্যাখ্যাঃ

| | |
|---|---|
| দুর্জয় | যা কষ্টে জয় করা যায় |
| অদম্য | যা দমন করা যায় না |

০৫. 'যা নিবারণ করা যায় না' -এক কথায় কী হবে? [প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২]
ক. অনিবারিত খ. নির্বাণ
গ. অনিবারণযোগ্য ঘ. দুর্নিবার উত্তর: ক

০৬. এক কথায় প্রকাশ করঃ 'কোন ভাবেই যা নিবারণ করা যায়না' [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২- সিলেট / প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ - সুরমা]
ক. দুর্নিবার খ. অনিবার্য
গ. অবিসংবাদিত ঘ. অনির্বাণ উত্তরঃ খ

ব্যাখ্যাঃ যা নিবারণ করা কষ্টকর = দুর্নিবার, যা নিবারণ করা যায় না = অনিবার্য, যা দমন করা যায় না = অদম্য।

০৭. 'যা দমন করা যায় না'-এক কথায় হবে- [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]
(ক) দুর্দমনীয় (খ) দুর্দম
(গ) অদম্য (ঘ) অসম্ভব উত্তরঃ গ

০৮. পাখির ডাক - [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]
ক. কেকা খ. অজিন
গ. কূজন ঘ. হ্রেষা উত্তর: গ

ব্যাখ্যাঃ সঠিক উত্তর নেই। পাখির ডাক = কূজন।
ময়ূরের ডাক = কেকা। হরিণের চামড়া = অজিন।
অশ্বের ডাক = হ্রেষা।

০৯. "গম্ভীর ধ্বনী"-এর বাক্য সংকোচন করুন। [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]
(ক) মন্দ্র (খ) মর্মন্তুদ
(গ) মধুপ (ঘ) মন্ত্র উত্তর: ক

ব্যাখ্যাঃ মন্দ্র - গম্ভীর শব্দ; মর্মন্তুদ - মর্মান্তিক, মর্মে পীড়া দেয় যাহা; মধুপ - ভ্রমর, মৌমাছি।

১০. 'অক্ষির সমীপে' এর সংক্ষেপণ হল-[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (দ্বিতীয় ধাপ) ২০১৯/প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]
ক. সমক্ষ খ. পরোক্ষ
গ. প্রত্যক্ষ ঘ. নিরপেক্ষ উত্তরঃ ক

গ. অহিনকুল সম্বন্ধ, আদায় কাঁচাকলায়
ঘ. অগ্নিপরীক্ষা, অদৃষ্টের পরিহাস উত্তর: গ

ব্যাখ্যাঃ অহিনকুল সম্বন্ধ, আদায় কাঁচাকলায় দুটির অর্থ-শত্রুতা।

**৩৮. গোঁফ-খেজুরে এই বাগধারাটির অর্থ কি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ) -২০০৫/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-১৯৯৮]*
ক. আরামপ্রিয় খ. উদাসীন
গ. নিতান্ত অলস ঘ. পরমুখাপেক্ষী উত্তর: গ

**৩৯. আকাশ কুসুম শব্দের অর্থ কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**
ক. অলীক ভাবনা খ. অদ্ভুত জিনিস
গ. সুন্দর কল্পনা ঘ. স্বপ্ন উত্তরঃ ক

**৪০. অর্ধচন্দ্র এর অর্থ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*
ক. গলা ধাক্কা দেয়া খ. অমাবস্যা
গ. সৌভাগ্যের বিষয় ঘ.অদৃশ্য বস্তু উত্তর: ক

**৪১. ব্যাঙের সর্দি কলতে কি বোঝায়? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**
ক. রোগ বিশেষ খ. অসম্ভব ঘটনা
গ. প্রতারণা ঘ. সম্ভাব্য ঘটনা উত্তরঃ খ

**৪২. হঠাৎ ধনী হওয়া'-কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**
ক. আঙুল ফুলে কলাগাছ খ. পোয়া বারো
গ. ছেলের হাতে মোয়া ঘ. অমাব্যশ্যার চাঁদ উত্তর: ক

ব্যাখ্যাঃ

| | | | |
|---|---|---|---|
| পোয়া বারো | অত্যধিক সুবিধা | অমাবশ্যার চাঁদ | দুর্লভ বস্তু |

**৪৩.পটল তোলা এই বাগধারাটির সঠিক অর্থ কোনটি? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**
ক. পটল গাছ হতে পটল তোলা খ. পরীক্ষায় ফেল করা
গ. মারা যাওয়া ঘ. পটল খাওয়া উত্তর: গ

**৪৪. 'সুসময়ের বন্ধু'- কোন বাগধারা দিয়ে বুঝানো হয়েছে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৭]*
ক. কংস মামা খ. দহরম মহরম
গ. সুখের পায়রা ঘ.লেফাফা দুরস্ত উত্তর: গ

ব্যাখ্যা: বাগধারা - কংস মামা = নির্মম আত্মীয়, লেফাফা দুরস্ত = বাইরে পরিপাটি; দহরম মহরম = অন্তরঙ্গতা।

**৪৫. কুল কাঠের আগুন এর প্রকৃত অর্থ কি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (মেঘনা)-২০১২]*
ক. কাঠের পুতুল খ. কূপমন্ডুক
গ. তীব্র জ্বালা ঘ. কেতাদুরস্ত উত্তর: গ

ব্যাখ্যাঃ বাগধারা - কাঠের পুতুল = নির্জীব, অসার; কূপমন্ডূক = সীমিত জ্ঞানের এলাহী কাণ্ড = বিরাট আয়োজন ।

**৪৬. 'হাত-ভারি' বাগধারার অর্থ-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*
ক. দাতা খ. কম-খরচে
গ. কৃপণ ঘ. দরিদ্র উত্তর: গ

**৪৭. 'যার অনেক বুদ্ধি আছে' তাকে এক কথায় কি বলে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২ যমুনা/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (চট্টগ্রাম বিভাগ)-২০১২]*
ক. গভীর জলের মাছ খ. বুদ্ধির ঢেঁকি
গ. বিড়াল তপস্বী ঘ. ভূষণ্ডির কাক উত্তরঃ ক

ব্যাখ্যা: বাগধারা - বুদ্ধির ঢেঁকি = নির্বোধ লোক; বিড়াল তপস্বী = ভণ্ড সাধু; ভূষণ্ডির কাক = দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি।

**৪৮. কোন বাগধারাটি 'স্বতন্ত্র' অর্থ প্রকাশক?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০১২]*
ক. আদায়-কাঁচকলায় খ. সাপে-নেউলে
গ. দা-কুমড়া ঘ. সাতেও না পাঁচেও না উত্তর: ঘ

**৪৯.'ঢাকের কাঠি' বাগধারার অর্থ-** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০১২/ (সিলেট বিভাগ)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১০/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ) -২০০৫]*
ক. তোষামুদে খ. সাহায্যকারী
গ. বাদক ঘ. স্বাস্থ্যহীন লোক উত্তর: ক

ব্যাখ্যাঃ খয়ের খাঁ, তেল মাখানো, মন যুগিয়ে চলা প্রভৃতি বাগধারা একই ধরনের অর্থ প্রকাশ করে।

**৫০. 'শিরে-সংক্রান্তি' বাগধারাটির অর্থ কি ?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২/প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (হেমন্ত)-২০১০]*
ক. আসন্ন বিপদ খ. মাথাব্যাথা
গ. মহাবিপদ ঘ. মাথার বোঝা উত্তর: ক

**৫১. কোন বাগধারা দ্বারা 'ভনিতা' বোঝানো হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]**
(ক) গনেশ উল্টান (খ) গৌরচন্দ্রিকা
(গ) কুপমন্ডুক (ঘ) টইটুম্বুর উত্তরঃ খ

ব্যাখ্যাঃ বাগধারা - কূপমন্ডূপ, সীমাবদ্ধ জ্ঞান, টইটুম্বুর= ভরপুর ।

**৫২. 'কুঁড়ে স্বভাব' কোন বাগধারা দ্বারা বোঝানো হয়? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]**
(ক) উনপঞ্চাশ বায়ু (খ) আঠার মাসে বছর
(গ) অকাল কুম্মান্ড (ঘ) অল্পবিদ্যা ভয়ঙ্করী উত্তরঃ খ

ব্যাখ্যা: বাগধারা - উনপঞ্চাশ বায়ু = পাগলামী; অকাল কুষ্মান্ড = অপদার্থ; অল্পবিদ্যা ভয়ঙ্করী = স্বল্প জ্ঞান নিয়ে বাড়াবাড়ি মূর্খতার পরিচয়।

**৫৩. কোন বাগধারা দ্বারা 'সুসময়ের বন্ধু' বোঝানো হয়?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]*
(ক) সাত সতেরো (খ) সুখের পায়রা
(গ) ষোল আনা (ঘ) কোনোটিই নয় উত্তরঃ খ

**৫৪. 'মুখচোরা' বাগধারটির অর্থ কি? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১২]**
(ক) লাজুক (খ) ভীতু
(গ) স্পষ্টভাষী (ঘ) বাচাল উত্তরঃ ক

ব্যাখ্যা: বাগধারা - ঠোঁট কাটা = স্পষ্টভাষী।

**৫৫. 'উনপাঁজুরে' কাধারাটির অর্থ কি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (করতোয়া)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৬]*
(ক) সৌভাগ্যবান (খ) হতভাগ্য
(গ) সুসময় (ঘ) এর কোনোটিই নয় উত্তরঃ খ

ব্যাখ্যা: বাগধারা পোয়া বারো = অত্যাধিক সুবিধে/ সুসময়।

**৫৬. 'ইঁদুর কপালে' বাগধারাটির অর্থ কি? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]**
(ক) মন্দ ভাগ্য (খ) ভাল ভাগ্য
(গ) ইঁদুরের মত কপাল (ঘ) ছোট কপাল উত্তরঃ ক

**৫৭. অগস্ত্য যাত্রা বাগধারাটির অর্থ কি? [রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]**
(ক) শুরুকরা (খ) তাড়াতাড়ি শেষ করা
(গ) বিশ্রাম করা (ঘ) শেষ বিদায় উত্তরঃ ঘ

**৫৮. গড্ডলিকা প্রবাহ এর সঠিক অর্থ কোনটি ?** *[রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (গোলাপ)-২০১১]*
(ক) লন্ড ভন্ড হওয়া (খ) স্বেচ্ছায় প্রবাহিত হওয়া
(গ)অন্ধঅনুকরণ (ঘ) কোনোটিই নয় উত্তরঃ গ

**১৭. 'ইতর বিশেষ' বাগধারাটির অর্থ কি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা বিভাগ)-২০০৬]*

ক. অতিশয় অভ্র　খ. অপদার্থ
গ. পার্থক্য　ঘ. অভদ্র　**উত্তর: গ**

**ব্যাখ্যা:** 'ইতরবিশেষ' বাগধারার অর্থ সামান্য পার্থক্য। আমড়া কাঠের ঢেঁকি বাগধারার অর্থ অপদার্থ।

**১৮. 'হাড় হাভাতে' বাগধারাটির অর্থ কোনটি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. হতভাগ্য　খ. ক্ষুধার্ত
গ. রোগা　ঘ. দরিদ্র　**উত্তর: ক**

**ব্যাখ্যা:** বাগধারা: হাড় হাভাতে = হতভাগ্য।

**১৯. 'কচুবনের কালাচাদ' বাগধারাটির অর্থ কী?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. অপদার্থ　খ. সাদাসিধা লোক
গ. সৌখিন ব্যক্তি　ঘ. নিরীহ ব্যক্তি　**উত্তর: ক**

**ব্যাখ্যা:** বাগধারা: কচুবনের কালাচাঁদ = অপদার্থ। গোবেচারা = নিরীহ ব্যক্তি, শান্তশিষ্ট, অতিশয় ভালো মানুষ। ফুলবাবু = শৌখিন ব্যক্তি।

**২০. 'একাদশে বৃহস্পতি' বাগধারাটির অর্থ কী?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮/ প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫/১৪/১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (ঢাকা / রাজশাহী বিভাগ)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০০৭]*

ক. বিপদে পড়া　খ. সৌভাগ্যের বিষয়
গ. দিনের প্রথম ভাগ　ঘ. আনন্দের বিষয়　**উত্তর: খ**

**ব্যাখ্যা:** বাগধারা: একাদশে বৃহস্পতি = সৌভাগ্যের বিষয়। অথৈ জল = ভীষণ বিপদ। দিনের প্রথম (পূর্ব) ভাগ = পূর্বাহ্ন।

**২১. ষোলকলা অর্থ—** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৬]*

ক. সম্পূর্ণ　খ. সুন্দর কলা
গ. ষোলটি কলা　ঘ. এক টাকা　**উত্তর: ক**

**ব্যাখ্যা:** ষোলকলা একটি বাগধারা, যার অর্থ সম্পূর্ণ পুরোপুরি।

**২২. 'ভূষণ্ডীর কাক' বাগধারাটির অর্থ—** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

(ক) অনভিজ্ঞ ব্যক্তি　(খ) দীর্ঘকালের অভিজ্ঞ ব্যক্তি
(গ) বিশেষজাতের কাক　(ঘ) ভূষণ্ডী নামক স্থানের নাম　**উত্তর: খ**

**ব্যাখ্যা:** ভূষণ্ডীর কাক → দীর্ঘজীবী।

**২৩. 'কান পাতলা' অর্থ কী? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]**

(ক) অবিশ্বাসী　(খ) বিশ্বাসপ্রবণ
(গ) বিশ্বাসী　(ঘ) বিশ্বাসহীন　**উত্তর: খ**

**২৪. 'সাক্ষী গোপাল' এর অর্থ কি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]**

ক. নিষ্ক্রিয় দর্শক　খ. কর্তব্যবিমুখ
গ. সক্রিয় দর্শক　ঘ. কর্তব্যপরায়ণ　**উত্তরঃ ক**

**২৫. 'ঝাঁকের কৈ' বাগধারাটির অর্থ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. অসম্ভব্য চালাক　খ. একই দলের লোক
গ. একজাই কৈ　ঘ. বর্ষাকালীন মাছ　**উত্তর: খ**

**২৬. বাগধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমার্থক বাচক?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. বকধার্মিক, ভিজে বেড়াল খ. রুই-কাতলা, কেউকেটা
গ. বকধার্মিক, বিড়াল তপস্বী
ঘ. অমাবস্যার চাঁদ, আকাশ কুসুম　**উত্তর: গ**

**ব্যাখ্যা:** বকধার্মিক, বিড়াল তপস্বী প্রবাদ দুটির অর্থ-ভন্ড বা ভন্ডলোক।

**২৭. 'কাকনিদ্রা' শব্দটির অর্থ কি?** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (জবা)-২০১১]*

ক. অগভীর সতর্ক নিদ্রা　খ. কাকের নিদ্রার ন্যায়
গ. অনিষ্ট চিন্তা　ঘ. কপট নিদ্রা　**উত্তর: ক**

**২৮. 'গুড়ে বালি' কথাটির অর্থ কি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]**

ক. বাতাসে বালি　খ. আশায় নৈরাশ্য
গ. ভালোতে খারাপ　ঘ. গোবরে পদ্মফুল　**উত্তরঃ খ**

**২৯. 'বড়র পিরীতি বালির বাঁধ' বাগধারাটির সঠিক অর্থ-** *[প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]*

ক. কোন বাধ্যবাধকতা নেই　খ. একতরফা
গ. চাপের মুখে ভেঙ্গে যায়　ঘ. ভঙ্গুর**উত্তর: ঘ**

**৩০. 'মুখ তোলা' বাক্যাংশের বিশিষ্ট অর্থ কি? [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৪]**

ক. নিজের মুখ উপরে তোলাখ. অন্যের মুখ তুলে ধরা
গ. প্রসন্ন হওয়া　ঘ. নষ্ট করা　**উত্তরঃ গ**

**৩১. 'আট কপালে' কোন বাগধারা দিয়ে প্রকাশ করা হবে? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**

ক. হতভাগ্য　খ. ভাগ্যবান
গ. সরু কপাল　ঘ. চওড়া কপাল　**উত্তর: ক**

**৩২. কোন বাগধারাটি স্বাতন্ত্র্য অর্থ প্রকাশ করে?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. সাতেও না পাঁচেও না　খ. দা-কুমড়া
গ. সাপে-নেউলে　ঘ. আদায়-কাঁচকলায়　**উত্তর: ক**

**ব্যাখ্যা:**

| | |
|---|---|
| সাতেও না পাঁচেও না | নির্লিপ্ত |
| দা-কুমড়া | শত্রুতা |
| সাপে-নেউলে | শত্রুতা |
| আদায় কাঁচকলা | শত্রুতা |

**৩৩. 'চক্ষুদান করা' বাগধারাটির অর্থ কি?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১১]*

ক. চক্ষুদান করা　খ. সচেতন করা
গ. চুরি করা　ঘ. এর কোনোটিই নয়　**উত্তর: গ**

**৩৪. 'কূপমণ্ডূক' বাগধারাটির দ্বারা কি বোঝায়?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. বিশ্বাসপ্রবণ　খ. সীমিত জ্ঞানের মানুষ
গ. সাধারণ মানুষ　ঘ. অলস　**উত্তর: খ**

**ব্যাখ্যা:** গোঁফ-খেজুরে বাগধারাটির অর্থ-নিতান্ত অলস, কান পাতলা বাগধারার অর্থ-বিশ্বাসপ্রবণ।

**৩৫. নিরানব্বইয়ের ধাক্কা বাগধারাটির অর্থ-** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (খুলনা বিভাগ)-২০১২/ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০০৭]*

ক. তীরে পৌছার ঝুঁকি　খ. আসন্ন বিপদ
গ. সঞ্চয়ের প্রবৃত্তি　ঘ. মুমূর্ষু অবস্থা　**উত্তর: গ**

**ব্যাখ্যা:** শিরে-সংক্রান্তি বাগধারার অর্থ-আসন্ন বিপদ।

**৩৬. 'কৌশলে কার্যোদ্ধার'-কোনটির অর্থ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]**

ক. গাছে তুলে মই কাড়া　খ. এক ক্ষুরে মাথা মোড়ানো
গ. ধরি মাছ না ছুঁই পানি　ঘ. আকাশের চাঁদ হাতে পাওয়া **উত্তরঃ গ**

| | |
|---|---|
| গাছে তুলে মই কাড়া | আশা দিয়ে পরে নিরাশ করা |
| এক ক্ষুরে মাথা মোড়ানো | একদল ভুক্ত |
| আকাশের চাঁদ হাতে পাওয়া | দুর্লভ বস্তু |

**৩৭. নিচের বাগধারা যুগলদের মধ্যে কোন জোড়া সর্বাধিক সমাচ্যবাচক?** *[প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩]*

ক. অমাবস্যার চাঁদ, আকাশ কুসুম
খ. আকাশে তোলা, আষাঢ়ে গল্প

# বাংলা ব্যাকরণ

## বাগধারা

**০১. 'তামার বিষ' কথাটির অর্থ** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় ধাপ)-২২]*

ক. অহংকার গ. অর্থের কুপ্রভাব
খ. বিষের কষ্ট ঘ. বিষাক্ত তামা **উত্তর: খ**

**ব্যাখ্যা:** 'তামার বিষ' বাগধারার অর্থ অর্থের কু-প্রভাব। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা হলো: পায়াভারি অহংকার, ঘাটের মড়া- অতি বৃদ্ধ, নেই আঁকড়া- একগুঁয়ে, তাসের ঘর – ক্ষণস্থায়ী বস্তু, ঢাকার কাঠি- মোসাহেব, মন না মতি- অস্থির মানব মন, হাড় হাভাতে – হতভাগ্য

**০২. কার্যে বিরতি'-অর্থে কোন বাগধারাটি প্রযোজ্য?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ (১ম ধাপ)-২২]*

ক) হাত করা খ) হাত গুটান
গ) হাত থাকা ঘ) হাত আসা **উত্তরঃ খ**

**ব্যাখ্যাঃ**

| শব্দ | অর্থ |
|---|---|
| হাত গুটান | কার্যে বিরতি |
| হাতে আসা | দক্ষতা |
| হাতে আসা | আয়তে আসা |
| হাত করা | বশ মানা। |
| হাত থাকা | কর্তৃত্ব , প্রভাব |

**০৩. 'মেধাবী ছেলেকে তামার বিষে ধরায় সে এবার পরীক্ষায় ফেল করেছে' –এ বাক্যে 'তামার বিষ' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) অহংকার খ) অর্থের কু-প্রভাব
গ) অসৎসঙ্গ ঘ) খারাপ অভ্যাস **উত্তর: খ**

**ব্যাখ্যা:** 'তামার বিষ' বাগধারার অর্থ অর্থের কু-প্রভাব। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা হলো: পায়াভারি অহংকার, ঘাটের মড়া- অতি বৃদ্ধ, নেই আঁকড়া- একগুঁয়ে, তাসের ঘর – ক্ষণস্থায়ী বস্তু, ঢাকার কাঠি- মোসাহেব, মন না মতি- অস্থিও মানব মন, হাড় হাভাতে – হতভাগ্য

**০৪. "গরিবের জন্য বড়লোকের দরদটা মাছের মায়ের পুত্রশোকের মতই" - এ বাক্যে মাছের মায়ের পুত্রশোক কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. নিষ্ঠুর খ. মিথ্যা শোক
গ. মমত্ববোধ ঘ. শোকে পাথর **উত্তর: খ**

**ব্যাখ্যা:** মাছের মায়ের পুত্রশোক (বাগধারা) - মিথ্যা শোক।

**০৫. 'দীর্ঘস্থায়ী দুঃখ' কে কোন বাগধারা দিয়ে প্রকাশ করা হয়?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. রাবণের চিতা খ. রাহুর দশা
গ. বসন্তের কোকিল ঘ. অহিনকুল **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** বাগধারা — অর্থ
রাহুর দশা - দুঃসময়:
বসন্তের কোকিল - সুসময়ের বন্ধু
অহিনকুল সম্বন্ধ - শত্রুতা।

**০৬. 'রাবণের চিতা'-বাগধারাটির অর্থ কী? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]**

ক. চির অশান্তি খ. উভয় সংকট
গ. শেষ বিদায় ঘ. চূড়ান্ত অশান্তির **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** বাগধারা: রাবণের চিতা = চির অশান্তি। শাঁখের করাত = উভয় সংকট ও অগস্ত্য যাত্রা = শেষ বিদায়।

**০৭. 'তাসের ঘর' অর্থ কী?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (বরিশাল বিভাগ)-২০১২/ / প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/]*

ক) পূর্ণস্থায়ী খ) ক্ষণস্থায়ী
গ) তাস খেলার ঘর ঘ) দীর্ঘস্থায়ী **উত্তর: খ**

**ব্যাখ্যা:** 'তাসের ঘর' বাগধারার অর্থ ক্ষণস্থায়ী। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা: নেই আঁকড়া–একগুঁয়ে, তামার বিষ– অর্থের কুপ্রভাব, ঢাকের কাঠি– মোসাহেব, কেতাদুরস্ত– পরিপাটি, গড্ডলিকা প্রবাহ– অন্ধ অনুকরণ, কেউকেটা– সামান্য, গোঁফ খেজুরে– নিতান্ত অলস।

**০৮. 'উলুখাগড়া' শব্দটির অর্থ কি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) গুরুত্বহীন লোক খ) রাজাবাদশা
গ) এক শ্রেণীভূক্ত ঘ) লাকড়ি **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** উলুখাগড়া বাগধারার অর্থ– তুচ্ছ বা গুরুত্বহীন লোক।

**০৯. 'আটকপালে' অর্থ কি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯/ [প্রাক-প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৫]*

ক. হতভাগ্য খ. হতাশ
গ. সৌভাগ্যবান ঘ. জ্ঞানী **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** আটকপালে বাগধারার অর্থ - হতভাগ্য।

**১০. নিচের কোন বাগধারাটি ভিন্নার্থক?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. সুখের পায়রা খ. সঙ্গীর বরযাত্রী
গ. শরতের শিশির ঘ. দুধের মাছি **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** সুখের পায়রা, লক্ষীর বরযাত্রী, এবং দুধের মাছি বাগধারার অর্থ - সুসময়ের বন্ধু। শরতের শিশির - ক্ষণস্থায়ী।

**১১. 'জিলাপির প্যাচ' বাগধারাটির অর্থ কি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. কলহপ্রিয় খ. জটিল
গ. প্যাঁচানো ঘ. কুটিল **উত্তর: ঘ**

**১২. 'গাছপাথর' বাগধারাটির অর্থ কি?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক) বাড়াবাড়ি করা খ) ভূমিকা করা
গ) হিসাব নিকাশ ঘ) অসম্ভব বস্তু **উত্তর: গ**

**ব্যাখ্যা:** 'গাছপাথর' অর্থ হিসাব নিকাশ। আরও কয়েকটি গুরুত্বপূর্ণ বাগধারা: গৌরচন্দ্রিকা = ভূমিকা, অমাবস্যার চাঁদ = দুর্লভ বস্তু, মগের – মুলুক =অরাজক দেশ, রাবণের চিতা= চির অশান্তি, কেউকেটে= সামান্য, গোঁফ খেজুরে= নিতান্ত অলস।

**১৩. 'রিরি করা' দিয়ে কি প্রকাশ পায়?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. কড়া মেজাজ খ. তীব্র ব্যথা
গ. তীব্র ক্রোধ ঘ. কড়া কথা **উত্তর: গ**

**ব্যাখ্যাঃ** রিরি ধ্বন্যাত্মক অব্যয় - তীব্র ক্রোধ ঘৃণা প্রভৃতি অনুভূতিপ্রকাশক শব্দ।

**১৪. 'চাঁদের হাট' কথাটির অর্থ কী?** *[প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৯]*

ক. আনন্দের প্রাচুর্য খ. কচিকাঁচার মেলা
গ. পূর্ণিমা রাত ঘ. জ্যোৎস্না **উত্তর: ক**

**ব্যাখ্যাঃ** চাঁদের হাট বাগধারা - আনন্দের প্রাচুর্য।

**১৫. 'চাঁদের হাট' -এর অর্থ কি?** *[প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১২/ প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক নিয়োগ পরীক্ষা (রাজশাহী বিভাগ)-২০১২]*

ক. বন্ধুদের সমাগম খ. আত্মীয় সমাগম
গ. প্রিয়জন সমাগম ঘ. গণ্যমান্যদের সমাগম **উত্তর: গ**

**১৬. 'মন না মতি' বাগধারাটির অর্থ কি?** *[প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০১৮]*

ক. অরাজগ খ. অপদার্থ
গ. মূল্যবান ঘ. অস্থির মানব মন **উত্তর: ঘ**

**ব্যাখ্যা:** 'মন না মতি' বাগধারার অর্থ অস্থির মানব মন। আমড়া কাঠের ঢেঁকি ও মগের মুলুক বাগধারার অর্থ যথাক্রমে অপদার্থ ও অরাজক দেশ।